Q56 General Intelligence and Reasoning

নিম্নলিখিত সংখ্যা ও চিহ্নের ক্রমটি পড়ুন এবং প্রদত্ত প্রশ্নের উত্তর দিন। শুধুমাত্র বাম দিক থেকে ডান দিকে গণনা করতে হবে।

(বাম) & + + % 5 / 6 % 2 / 1 9 * $ @ 4 / / & 7 < (ডান)

এরকম কয়টি চিহ্ন আছে যার প্রতিটির ঠিক আগে অন্য একটি চিহ্ন রয়েছে এবং ঠিক পরে একটি সংখ্যাও রয়েছে?

A. দুই
B. এক
C. চার
D. তিন ✓

Q57 General Intelligence and Reasoning

সাতজন শিক্ষার্থী, Q, R, S, T, W, X এবং Y, উত্তর দিকে মুখ করে এক সারিতে বসে আছে। W বসেছে S এর ঠিক ডান পাশে। T এবং W এর মাঝে শুধুমাত্র তিনজন বসেছে। Q এর ডানদিকে কেউ বসেনি। Q এবং S এর মাঝে শুধুমাত্র দুইজন বসেছে। Y বসেছে X এর ঠিক ডান পাশে। R এবং Y এর মাঝে কতজন বসেছে?

A. তিন
B. চার
C. এক
D. দুই ✓

Q58 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A + B এর অর্থ 'A হল B এর মাতা'

A – B এর অর্থ 'A হল B এর পিতা'

A X B এর অর্থ 'A হল B এর বোন'

A / B এর অর্থ 'A হল B এর ভাই'

A > B এর অর্থ 'A হল B এর স্বামী'

A * B এর অর্থ 'A হল B এর স্ত্রী'

D + E – G X H X V হলে H কীভাবে E এর সাথে সম্পর্কিত?

A. পিতা
B. দিদিমা
C. কন্যা ✓
D. পিসি

Q59 General Intelligence and Reasoning

যে বিকল্প সেটের সংখ্যাগুলি, নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত, সেই বিকল্প সেটটি চয়ন করুন।
(দ্রষ্টব্যঃ সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনওপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

(2, 6, 36)
(4, 5, 60)

A. (11, 10, 280)
B. (5, 3, 48)
C. (4, 8, 96) ✓
D. (7, 6, 125)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q60 General Intelligence and Reasoning

A, B, C, D, E এবং F কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। E বসেছে A এর ডানদিকে তৃতীয় স্থানে। C বসেছে F এর ঠিক বাম পাশে। A এর ঠিক পাশে F বসেনি। B বসেছে D এর ঠিক ডান পাশে।
A (A সহ) থেকে শুরু করে সমস্ত ব্যক্তিকে ঘড়ির কাঁটার দিকে ইংরেজি বর্ণানুক্রম অনুসারে সাজানো হলে, কতজন ব্যক্তির অবস্থান অপরিবর্তিত থাকবে?

A. তিন
B. চার
C. এক
D. দুই ✓

Q61 General Intelligence and Reasoning

এই প্রশ্নটি নিচে দেওয়া পাঁচটি, তিন অঙ্কের সংখ্যার উপর ভিত্তি করে করা হয়েছে।

(বাম) 741 583 735 495 657 (ডান)

(উদাহরণ: 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 ও তৃতীয় অঙ্ক = 7)

(দ্রষ্টব্য: সমস্ত কার্যক্রম বাম দিক থেকে ডান দিকে করতে হবে।)

বৃহত্তম সংখ্যার তৃতীয় অঙ্ককে ক্ষুদ্রতম সংখ্যার দ্বিতীয় অঙ্কের সঙ্গে গুণ করলে গুণফল কত হবে?

A. 10
B. 9 ✓
C. 12
D. 7

Q62 General Intelligence and Reasoning ENGLISH

Based on the English alphabetical order, three of the following four letter-clusters are alike in a certain way and thus form a group. Which letter-cluster DOES NOT belong to that group? (Note: The odd one out is not based on the number of consonants/vowels or their position in the letter-cluster.)

A. DTH
B. MCS
C. OEP ✓
D. BRH

Q63 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি ও সিদ্ধান্তগুলি মন দিয়ে পড়ুন। বিবৃতিগুলিতে দেওয়া তথ্য যদি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয় তবুও এগুলিকে সত্য বলেই ধরে নিন। তারপর নির্ধারণ করুন যে প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতিগুলিকে যুক্তিগতভাবে অনুসরণ করে।

বিবৃতি:
সব বন্দুক হল বুলেট।
কোনও বুলেট, ক্যাব নয়।
কোনও বুলেট, জুতা নয়।

সিদ্ধান্ত:
(I): কোনও বন্দুক, ক্যাব নয়।
(II): কিছু জুতা হল ক্যাব।

A. সিদ্ধান্ত (I) ও (II) উভয়ই অনুসরণ করে।
B. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।
C. সিদ্ধান্ত (I) বা (II) কোনওটিই অনুসরণ করে না।
D. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে। ✓

Q64 General Intelligence and Reasoning

নিচে প্রদত্ত জোড়ার সেট দুটি যে বিন্যাস অনুসরণ করে, সেই একই বিন্যাস অনুসরণকারী জোড়াটি বিকল্পগুলি থেকে চয়ন করুন। উভয় জোড়া একই বিন্যাস অনুসরণ করে।
HFB–ZXT
KIE–CAW

A. SPK–KIE
B. SQM–JID
C. SPK–JHD
D. PNJ–HFB ✓

Q65 General Intelligence and Reasoning

PKCS ইংরেজি বর্ণানুক্রম ভিত্তিক একটি নির্দিষ্ট পদ্ধতিতে SLFT এর সঙ্গে সম্পর্কিত। ওই একই পদ্ধতিতে, HTQW সম্পর্কিত KUTX এর সঙ্গে। একই পদ্ধতি অনুসারে, নিচের বিকল্পগুলির মধ্যে কোনটির সঙ্গে JMUY সম্পর্কিত?

A. KNXZ
B. MNXZ ✓
C. MPVZ
D. KOVZ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in

Q66 General Intelligence and Reasoning

ছয়জন ব্যক্তি K, L, M, N, O ও P কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। M-এর ডান দিকে দ্বিতীয় স্থানে L বসে আছে। K-এর ডানদিকে দ্বিতীয় স্থানে O বসে আছে। M-এর ঠিক বাম দিকে K বসে আছে। K ও N-এর মধ্যে শুধুমাত্র একজন ব্যক্তি বসে আছে। কে P-এর ঠিক বাম দিকে বসে আছে?

A. N

B. L

C. K

D. M ✓

Q67 General Intelligence and Reasoning

বিকল্পে দেওয়া কোন পদটি প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নটির (?) জায়গায় বসলে ক্রমটি যুক্তিগতভাবে সম্পূর্ণ হবে?

HFV 11, LBZ 20, PXD 29, TTH 38, ?


A. XXD 45

B. YLP 47

C. XDX 45

D. XPL 47 ✓

Q68 General Intelligence and Reasoning



A. 

B.  ✓

C. 

D. 

Q69 General Intelligence and Reasoning

নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) জায়গায় কী আসবে যদি '÷' ও '+' পরস্পর স্থান পরিবর্তন করে এবং '−' ও '×' পরস্পর স্থান পরিবর্তন করে?

$18 + 3 \div 7 - 3 \times 22 + 11 = ?$

A. 36

B. 29


C. 25 ✓


D. 6


Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play


generated by rank.qmaths.in


Q70 General Intelligence and Reasoning



A. 

B. 

C. 

D. 

General Awareness

50 Questions • Answer Key

Q71 General Awareness

1905 সালে কে ভারতের ভাইসরয় ছিলেন?

A. রবার্ট ক্লাইভ

B. ওয়ারেন হেস্টিংস

C. জর্জ কার্জন ✓

D. লুই মাউন্টব্যাটেন

Q72 General Awareness

_____মন্ত্রিপরিষদকে ভেঙে দিতে পারেন।

A. ভারতের রাষ্ট্রপতি

B. মুখ্যমন্ত্রীর পরামর্শে রাজ্যপাল ✓

C. ভারতের সুপ্রিম কোর্ট

D. রাজ্য বিধানমণ্ডল

Q73 General Awareness

টেলিযোগাযোগের জন্য একটি বহুমুখী স্যাটেলাইট সিস্টেম 'ইন্ডিয়ান ন্যাশনাল স্যাটেলাইট সিস্টেম' (INSAT) কত সালে প্রতিষ্ঠিত হয়েছিল?

A. 1983 ✓

B. 1988

C. 1994

D. 1976

Q74 General Awareness

2023/24 মানব উন্নয়ন রিপোর্ট (HDR) অনুসারে, ভারত মানব উন্নয়ন সূচকে (HDI) 193টি দেশ ও অঞ্চলের মধ্যে _____ তম স্থান পেয়েছে।

A. 126

B. 141

C. 114

D. 134 ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q75 General Awareness

ভারতের গভর্নর-জেনারেল লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক কার প্রচেষ্টায় 1829 সালে, বঙ্গ সতীদাহ নিরোধ আইন প্রণয়ন করে, সতীদাহের উপর নিষেধাজ্ঞা জারি করেন?

A. জ্যোতিরাও গোবিন্দরাও ফুলে

B. রাজা রামমোহন রায় ✓

C. স্বামী দয়ানন্দ সরস্বতী

D. স্বামী বিবেকানন্দ

Q76 General Awareness

ডঃ মনসুখ মাণ্ডব্য কবে খেলো ইন্ডিয়া রাইজিং ট্যালেন্ট আইডেন্টিফিকেশন (KIRTI) প্রোগ্রামের ফেজ-2 উদ্বোধন করেন?

A. 19শে জুলাই 2024 ✓

B. 19শে আগস্ট 2024

C. 19শে জুন 2024

D. 12ই মার্চ 2024

Q77 General Awareness

রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা, পশ্চিমঘাটের পূর্ব ঢাল এবং গুজরাটে পাওয়া ক্যাকটাস, খায়ের, বাবুল এবং কীকার হল _____ধরণের অরণ্যের বৈশিষ্ট্য।

A. ম্যানগ্রোভ অরণ্য

B. কাঁটাজাতীয় অরণ্য ✓

C. ক্রান্তীয় অতিবৃষ্টি অরণ্য

D. ক্রান্তীয় পর্ণমোচী অরণ্য

Q78 General Awareness

ট্রান্সমিট্যান্সের একক কী?

A. 1. cm^{-1}

B. 2. sec^{-1}

C. এটি এককবিহীন ✓

D. 4. $cm\ sec^{-1}$

Q79 General Awareness

পঞ্জাবের সমভূমি মূলত কোন নদী প্রণালীর অববাহিকায় গঠিত?

A. গঙ্গা

B. যমুনা

C. সিন্ধু ✓

D. ব্রহ্মপুত্র

Q80 General Awareness

প্রায়শই খবরে থাকা চিকেনস নেক করিডোর, ভারতের জন্য কূটনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। এটি _____ নামেও পরিচিত।

A. শিলং করিডোর

B. দিসপুর করিডোর

C. শিলিগুড়ি করিডোর ✓

D. দার্জিলিং করিডোর

Q81 General Awareness

ভারতে 2024 এর আগস্ট থেকে সেপ্টেম্বর পর্যন্ত, SCB গুলির বকেয়া টাকার ঋণের, ভারযুক্ত গড় ঋণের হার [ওয়েটেড অ্যাভারেজ লেন্ডিং রেট (WALR)] কীভাবে পরিবর্তিত হয়েছে?

A. 9.91% তে অপরিবর্তিত রয়েছে

B. 9.91% থেকে কমে 9.90% হয়েছে ✓

C. 9.89% থেকে বেড়ে 9.91% হয়েছে

D. 9.90% থেকে বেড়ে 9.92% হয়েছে

Q82 General Awareness

2023 সালের ডিসেম্বর মাসে চালু হওয়া ভারতীয় রেলওয়ের গজরাজ সিস্টেমের লক্ষ্য হল _____ গ্রহণ করা।

A. হাতির শ্বাসজনিত রোগের চিকিৎসার জন্য AI ভিত্তিক ব্যবস্থা

B. হাতিদের প্রশিক্ষণের জন্য AI ভিত্তিক ব্যবস্থা

C. হাতির অসুস্থতা নির্ণয়ের জন্য AI ভিত্তিক ব্যবস্থা

D. রেললাইনে হাতির মৃত্যু রোধে AI ভিত্তিক ব্যবস্থা ✓

Q83 General Awareness

জেনারেল সার্ভিস এনলিস্টমেন্ট আইন কত সালে পাস হয়?

A. 1856 খ্রিস্টাব্দ ✓

B. 1865 খ্রিস্টাব্দ

C. 1860 খ্রিস্টাব্দ

D. 1852 খ্রিস্টাব্দ

Q84 General Awareness

গান্ধীজির আদর্শের প্রধান দিক কী?

A. সমালোচনা

B. রাজনৈতিক সংযোজন

C. সত্য-শক্তি ✓

D. ফ্যাসিবাদ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q85 General Awareness

1.73 সেকেন্ডে কতগুলি সার্থক অঙ্ক আছে?

A. চার
B. দুই
C. এক
D. তিন ✓

Q86 General Awareness

মনিটারি পলিসি কমিটি (MPC) পলিসি রেপো রেট সম্পর্কে 2024 সালের অক্টোবরে কী সিদ্ধান্ত নিয়েছিল?

A. 6.50% তে অপরিবর্তিত রাখা হয়েছে ✓
B. 6.00% তে পরিবর্তিত হয়েছে
C. বেড়ে 6.75% হয়েছে
D. কমে 6.25% হয়েছে

Q87 General Awareness

1857 সালের বিদ্রোহের সময় রেওয়াড়ির নেতা কে ছিলেন?

A. মৌলভী আহমদুল্লাহ
B. উজ্জ্বল শাহী
C. রাও তুলা রাম ✓
D. জয়দয়াল সিং

Q88 General Awareness

নিচের কোন আইন দ্বারা ভারতীয়রা প্রথমবারের মতো ভাইসরয় এবং গভর্নরদের নির্বাহিকবর্গ পরিষদের সঙ্গে যুক্ত হয়েছিল?

A. ভারত সরকার আইন, 1909 ✓
B. ভারত সরকার আইন, 1929
C. ভারত সরকার আইন, 1935
D. ভারত সরকার আইন, 1919

Q89 General Awareness

HDI হল মানব উন্নয়নের প্রাথমিক বিষয়গুলিতে একটি দেশের গড় অর্জনের একটি সংক্ষিপ্ত যৌগিক পরিমাপ, এই প্রাথমিক বিষয়গুলি হল _____।
1. স্বাস্থ্য
2. জ্ঞান
3. দৈনিক আয়

A. 1, 2 ও 3
B. শুধুমাত্র 1
C. শুধুমাত্র 2 ও 3
D. শুধুমাত্র 1 ও 2 ✓

Q90 General Awareness

2024 সালের অক্টোবর অনুসারে, ভারতে পুনর্নবীকরণযোগ্য জ্বালানির ক্ষমতা (capacity) কত?

A. 201.45 GW ✓
B. 200 GW
C. 150 GW
D. 175 GW

Q91 General Awareness

2024 সালের 2 অক্টোবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিচের কোন রাজ্যে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান (DAJGUA) চালু করেছিলেন?

A. আসাম
B. বিহার
C. ঝাড়খণ্ড ✓
D. ওড়িশা

Q92 General Awareness

তারাপুর নিউক্লিয়ার পাওয়ার রিয়্যাকটর কোন রাজ্যে অবস্থিত?

A. উত্তরপ্রদেশ
B. পশ্চিমবঙ্গ
C. অন্ধ্রপ্রদেশ
D. মহারাষ্ট্র ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q93 General Awareness

ইলোরায় কে কৈলাসের শৈল মন্দির নির্মাণ করেন?

A. প্রথম পরান্তক

B. প্রথম আদিত্য

C. প্রথম কৃষ্ণ ✓

D. বিজয়ালয়

Q94 General Awareness

1991 সালের পর শিল্পনীতির অন্যতম প্রধান লক্ষ্য কী ছিল?

A. বিদেশি বিনিয়োগ সীমিত করা

B. ক্ষুদ্র শিল্পের প্রসার ঘটানো ✓

C. সকল বেসরকারী কোম্পানি বন্ধ করা

D. সকল ব্যাঙ্কের জাতীয়করণ করা

Q95 General Awareness

নিচের কোন বন্দরটি ভারতের পশ্চিম উপকূলীয় সমভূমিতে অবস্থিত নয়?

A. এন্নোর বন্দর ✓

B. ম্যাঙ্গালোর বন্দর

C. কান্ডলা বন্দর

D. কোচিন বন্দর

Q96 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা আয়োজিত, স্মল ফিন্যান্স ব্যাঙ্কগুলির (SFBs) বোর্ডগুলির পরিচালকদের জন্য সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

A. বেঙ্গালুরু ✓

B. কোলকাতা

C. মুম্বাই

D. দিল্লি

Q97 General Awareness

পল্লব বংশের শেষ সম্রাট কে ছিলেন?

A. অপরাজিতবর্মণ ✓

B. প্রথম নরসিংহবর্মণ

C. সিংহবিষ্ণু

D. প্রথম মহেন্দ্রবর্মণ

Q98 General Awareness

নিম্নলিখিত কোন আইনটি কলকাতা, মাদ্রাজ এবং বোম্বেতে হাইকোর্ট প্রতিষ্ঠা করেছিল?

A. ভারত সরকার আইন, 1858

B. ভারতীয় পরিষদ আইন, 1909

C. ভারতীয় হাইকোর্ট আইন, 1861 ✓

D. সনদ আইন, 1833

Q99 General Awareness ENGLISH

Who among the following is considered the head of the Union Cabinet?

A. Speaker of Lok Sabha

B. President

C. Vice President

D. Prime Minister ✓

Q100 General Awareness

1631 বিক্রম সম্বৎ (1575 খ্রিষ্টাব্দ) এর রাম নবমীর দিন, তুলসীদাস গোস্বামী কোন স্থানে রামচরিতমানস রচনা শুরু করেছিলেন?

A. এলাহাবাদ

B. বারাণসী

C. অযোধ্যা ✓

D. চিত্রকূট

Q101 General Awareness

নিচের কোনটি আলোর প্রতিসরণ সম্পর্কিত **ভুল** বিবৃতি?

A. আপতন কোণের সাইন (i) ও প্রতিসৃত কোণের সাইনের (r) অনুপাত সেই মাধ্যমদ্বয়ে ধ্রুবক হয়।

B. যখন আলো বায়ু থেকে (c হল শূন্য মাধ্যমে গতিবেগ) v গতিবেগে একটি মাধ্যমের দিকে যায়, তখন মাধ্যমের প্রতিসরাঙ্ককে $\mu = c/v$ হিসাবে লেখা যেতে পারে।

C. আপতিত রশ্মি, প্রতিসৃত রশ্মি ও বিভেদতলে অভিলম্ব সব একই সমতলে থাকে।

D. যখন আলো একটি ঘন মাধ্যম থেকে লঘু মাধ্যমে যায়, তখন এটি অভিলম্বের দিকে বেঁকে যায়। ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q102 General Awareness

নিম্নলিখিত সংস্থাগুলির মধ্যে কোনটি চণ্ডীগড়কে মানালি (হিমাচল প্রদেশ) এবং লেহ (লাদাখ) এর সাথে সংযুক্ত করে উচ্চ উচ্চতার পাহাড়ি ভূখণ্ডে সড়ক নির্মাণ করেছে?

A. সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (CISF)

B. ন্যাশনাল হাইওয়ে অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (NHIDCL)

C. ভারতের জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ

D. বর্ডার রোডস অর্গানাইজেশন (BRO) ✓

Q103 General Awareness

প্রাচীন ভারতে আতশবাজি তৈরির জন্য সল্টপিটার ব্যবহার করা হত; এটা আসলে_____।

A. ক্যালসিয়াম নাইট্রেট

B. সোডিয়াম নাইট্রেট

C. পটাসিয়াম নাইট্রেট ✓

D. লিথিয়াম নাইট্রেট

Q104 General Awareness

ভারতের 19 শতকের হিন্দু সাধক, রামকৃষ্ণ পরমহংস, যিনি জটিল আধ্যাত্মিক শিক্ষার সরলীকরণের জন্য বিখ্যাত ছিলেন, তিনি পশ্চিমবঙ্গের কোন জেলায় জন্মগ্রহণ করেছিলেন?

A. হুগলি ✓

B. বীরভূম

C. আলিপুরদুয়ার

D. হাওড়া

Q105 General Awareness

1857 সালের বিদ্রোহের রাজনৈতিক কারণ কী ছিল?

A. সিপাহী বিদ্রোহ

B. সেনাবাহিনীর জন্য নতুন শিক্ষানীতি

C. পাশ্চাত্য সভ্যতার বিস্তার

D. স্বত্ববিলোপ নীতি ✓

Q106 General Awareness

গৌতম বুদ্ধ সাধারণ মানুষদের কোন ভাষায় শিক্ষা দিয়েছিলেন, যাতে সবাই তাঁর বার্তা বুঝতে পারে?

A. অবধি

B. প্রাকৃত ✓

C. সিন্ধি

D. সংস্কৃত

Q107 General Awareness

উদারীকরণ, বেসরকারীকরণ ও বিশ্বায়নকে কেন্দ্র করে ভারতে অর্থনৈতিক সংস্কার কবে চালু করা হয়েছিল?

A. 1991 ✓

B. 2000

C. 1975

D. 2010

Q108 General Awareness

ভারতে নিম্নলিখিত কোন মাসে মৌসুমি বায়ুর প্রত্যাগমন ঘটে?

A. অক্টোবর-নভেম্বর ✓

B. মার্চ-মে

C. ডিসেম্বর-ফেব্রুয়ারি

D. জুন - সেপ্টেম্বর

Q109 General Awareness

তির্যক তরঙ্গ _____ নিয়ে গঠিত যা একটি তরঙ্গ চক্র তৈরি করে।

A. একটি তরঙ্গ শীর্ষ এবং দুটি তরঙ্গ পাদ

B. একটি তরঙ্গ শীর্ষ এবং একটি তরঙ্গ পাদ ✓

C. দুটি তরঙ্গ শীর্ষ এবং একটি তরঙ্গ পাদ

D. দুটি তরঙ্গ শীর্ষ এবং দুটি তরঙ্গ পাদ

Q110 General Awareness

ভারতে সবুজ বিপ্লবের সময় কোন ধরনের বীজ জনপ্রিয় হয়েছিল?

A. উচ্চ ফলনশীল প্রজাতি (HYV) ✓

B. চিরাচরিত বীজ

C. জৈব বীজ

D. দেশীয় বীজ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q111 General Awareness

নিচের কোন চলচ্চিত্রটি, 55 তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়ার (IFFI) ইন্ডিয়ান প্যানোরামা বিভাগের অধীনে ফিচার ফিল্ম লাইন-আপের অংশ ছিল **না**?

- A. 'ভারত মাতা কি জয়' (হিন্দি) ✓
- B. 'রাওসাহেব' (মারাঠি)
- C. 'আড়ুজীবিতম্' (মালয়ালম)
- D. 'কাল্কি 2898 AD' (তেলুগু)

Q112 General Awareness

2024 সালের বিশ্ব ক্ষুধা সূচক (GHI) অনুসারে, ভারতের GHI স্কোর হল 27.3, যা 'গুরুতর' বলে বিবেচিত হয়েছে। 2024 সালের GHI রিপোর্টে ভারত _____ তম স্থানে ছিল।

- A. 105 ✓
- B. 107
- C. 111
- D. 99

Q113 General Awareness

2024 সালের নভেম্বরের শেষের দিকে ভারত থেকে কোন নেতৃস্থানীয় দুধের ব্র্যান্ড স্পেনে লঞ্চ করে ইউরোপীয় বাজারে প্রবেশ করতে প্রস্তুত ছিল?

- A. মাদার ডেয়ারি
- B. আনন্দ
- C. আমুল ✓
- D. পরাগ

Q114 General Awareness

গণপরিষদের আলোচনার মুদ্রিত নথিগুলো কতগুলি খণ্ডে সংকলিত হয়েছিল?

- A. 12 টি খণ্ডে ✓
- B. 10 টি খণ্ডে
- C. 9 টি খণ্ডে
- D. 11 টি খণ্ডে

Q115 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে, নিম্নলিখিত কোন দেশে INDUS-X শীর্ষ সম্মেলনের তৃতীয় সংস্করণ শেষ হয়েছিল?

- A. অস্ট্রেলিয়া
- B. জার্মানি
- C. মার্কিন যুক্তরাষ্ট্র ✓
- D. ব্রাজিল

Q116 General Awareness

কৃষি উন্নয়নে, পরিকাঠামো কী ভূমিকা পালন করে?

- A. রপ্তানির সুযোগ সীমিত করে
- B. গ্রামীণ এলাকায় কর্মসংস্থান হ্রাস করে
- C. উৎপাদনশীলতা হ্রাস করে
- D. সেচ,গুদামজাত করণ ও পরিবহনের উন্নত সুবিধা নিশ্চিত করে ✓

Q117 General Awareness

2024 সালের 13 অক্টোবর, ভারতের কোথায় প্রথম বায়োপলিমারের জন্য প্রদর্শনের সুবিধা উদ্বোধন করা হয়েছিল?

- A. লক্ষ্ণৌ
- B. ব্যাঙ্গালোর
- C. ত্রিপুরা
- D. পুনে ✓

Q118 General Awareness

2024 সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ঊনআশি (79) তম অধিবেশনের সময় কোন উল্লেখযোগ্য ঘটনা ঘটেছিল?

- A. জলবায়ু কর্ম সম্মেলন (Climate Action Conference)
- B. ভবিষ্যতের শীর্ষ সম্মেলন (Summit of the Future) ✓
- C. আন্তর্জাতিক বাণিজ্য মেলা (International Trade Fair)
- D. বিশ্ব স্বাস্থ্য সমাবেশ (World Health Assembly)

Q119 General Awareness

ভারতে কোন সংস্থার কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য 1773 সালে নিয়ন্ত্রণ আইন (রেগুলেটিং অ্যাক্ট) প্রণয়ন করা হয়েছিল?

- A. ইস্ট ইন্ডিয়া কোম্পানি ✓
- B. ব্রিটিশ সংসদ
- C. মুঘল সাম্রাজ্য
- D. ব্রিটিশ রাজশাসন

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q120 General Awareness

কোন মৌলিক অধিকার ভারতীয় নাগরিকদের নির্বিচারে গ্রেপ্তার এবং আটকের বিরুদ্ধে রক্ষণের ব্যবস্থা করেছে?

A. সমতাধিকার

B. সাংবিধানিক প্রতিকারসমূহের অধিকার

C. স্বাধীনতার অধিকার ✓

D. শোষণের বিরুদ্ধে অধিকার

Blackbook

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

একটি খালি স্টোরেজ ট্যাঙ্কে 60 লিটার পেট্রোল ঢেলে দেওয়ার পরেও এটির 10% খালি ছিল। স্টোরেজ ট্যাঙ্কটিকে পুরো ভর্তি করার জন্য এটিতে কত পরিমাণ পেট্রোল (লিটারে, দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান) ঢালতে হত?

- A. 66.67 ✓
- B. 67.67
- C. 61
- D. 65.67

Q2 Arithmetic

দুটি সংখ্যার অনুপাত 7 : 8 এবং গসাগু 4 হলে বড় সংখ্যাটি নির্ণয় করুন।

- A. 28
- B. 8
- C. 56
- D. 32 ✓

Q3 Arithmetic

₹682 কে তিনজনের মধ্যে 18 : 3 : 9 অনুপাতে ভাগ করা হয়েছে। সবচেয়ে বেশি ও সবচেয়ে কম প্রাপ্ত অর্থের পার্থক্য হল_____(₹তে)।

- A. 341 ✓
- B. 345
- C. 421
- D. 406

Q4 Arithmetic

দুটি ব্যাঙ্ক, A এবং B, যথাক্রমে বার্ষিক 3.5% এবং 6% হারে ঋণ প্রদান করে। অজয় প্রতিটি ব্যাঙ্ক থেকে ₹340000 ধার নিয়েছিলেন। অজয়, দুটি ব্যাঙ্কের প্রতিটিতে 3 বছর পর যে পরিমাণ সরল সুদ ফেরত দেন, তাদের মধ্যে ধনাত্মক পার্থক্য নির্ণয় করুন।

- A. 26500
- B. 27000
- C. 25000
- D. 25500 ✓

Q5 Arithmetic

একটি 30 লিটারের মিশ্রণে দুধ ও জলের অনুপাত 3 : 2, এই অনুপাতটি 1:1 করতে মিশ্রণে কত পরিমাণ জল যোগ করতে হবে?

- A. 2
- B. 7
- C. 9
- D. 6 ✓

Q6 Arithmetic

যদি একটি বর্গক্ষেত্রের পরিসীমা 64 cm হয়, তবে এর বাহুর দৈর্ঘ্য নির্ণয় করুন।

- A. 16 cm ✓
- B. 12 cm
- C. 14 cm
- D. 18 cm

Q7 Arithmetic

তিনজন অংশীদার 1:9:8 অনুপাতে একটি ব্যবসায় বিনিয়োগ করেছেন। তারা তাদের মূলধন যথাক্রমে 11 মাস, 6 মাস এবং 2 মাসের জন্য বিনিয়োগ করেছেন। তাদের লাভের অনুপাত কত?

- A. 11:54:16 ✓
- B. 12:54:16
- C. 9:54:16
- D. 8:54:16

Q8 Arithmetic

যদি 10টি রেইনকোটের বিক্রয় মূল্য 12টি রেইনকোটের ক্রয় মূল্যের সমান হয়, তবে লাভের শতাংশ নির্ণয় করুন।

- A. 15%
- B. 20% ✓
- C. 12%
- D. 16%

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Arithmetic

যদি একটি লম্ব বৃত্তাকার চোঙের ভূমির ব্যাসার্ধ 24% হ্রাস পায় এবং এর উচ্চতা 262% বৃদ্ধি পায়, তবে তার আয়তন কত শতাংশ বৃদ্ধি (নিকটতম পূর্ণসংখ্যা) পাবে ?

- A. 109% ✓
- B. 83%
- C. 137%
- D. 91%

Q10 Arithmetic

815 m দীর্ঘ একটি ট্রেন, 2.7 km/h গতিতে বিপরীত দিকে হাঁটা একজন ব্যক্তিকে 18 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতি (km/h তে) কত?

- A. 155.2
- B. 157.5
- C. 160.3 ✓
- D. 162.2

Q11 Arithmetic

প্রথম 121 টি বিজোড় স্বাভাবিক সংখ্যার গড় হল

- A. 121 ✓
- B. 121.5
- C. 122
- D. 120.5

Q12 Arithmetic

অনিল 4 ঘন্টায় একটি কাজ করতে পারে। অশোক এটি 8 ঘন্টায় করতে পারে। রবিনের সহযোগিতায় তারা 2 ঘণ্টায় কাজটি শেষ করে। রবিন একা কত ঘণ্টায় তা শেষ করতে পারবে?

- A. 10
- B. 9
- C. 7
- D. 8 ✓

Q13 Arithmetic

মান নির্ণয় করুনঃ

$2 \times \{17 - 2 \times (11 - 4)\}$

- A. 3
- B. 6 ✓
- C. 10
- D. 5

Q14 Arithmetic

মান নির্ণয় করুনঃ

$2 \times \{17 - 2 \times (8 - 6)\}$

- A. 26 ✓
- B. 23
- C. 30
- D. 25

Q15 Arithmetic

একটি দৌড় প্রতিযোগিতায়, একজন অ্যাথেলিট প্রথম পাকে 146 sec এ 438 m দূরত্ব অতিক্রম করেন। তিনি একই দৈর্ঘ্যের দ্বিতীয় পাকটি 73 sec এ অতিক্রম করেন। অ্যাথলিটের গড় গতিবেগ (m/sec তে) নির্ণয় করুন।

- A. 11
- B. 6
- C. 10
- D. 4 ✓

Q16 Arithmetic

বার্ষিক কত শতাংশ চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক প্রদেয়) হারে, 2 বছরে, ₹17,280 এর সমূল চক্রবৃদ্ধি ₹23,520 হবে? (এক দশমিক স্থান পর্যন্ত আসন্নমান)

- A. 15.9%
- B. 16.7% ✓
- C. 16.4%
- D. 15.4%

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Arithmetic

মোহন এক দোকান থেকে Rs 1130-এ 52টি বই এবং অন্য দোকান থেকে Rs 920-এ 44টি বই কিনলেন। তিনি বইপিছু গড়ে কত খরচ (Rs -এ) করেছেন?

- A. 1033.75 ✓
- B. 1048.75
- C. 1043.75
- D. 1023.75

Q18 Arithmetic

একটি 7 cm উচ্চতাবিশিষ্ট শঙ্কু আকৃতির পাত্রে 6.6 লিটার দুধ ধরলে পাত্রটির ভূমির ব্যাস নির্ণয় করুন।

- A. 25 cm
- B. 30 cm ✓
- C. 21 cm
- D. 15 cm

Q19 Arithmetic

10টি সংখ্যার যোগফল 252 হলে, তাদের গড় নির্ণয় করো।

- A. 26.2
- B. 24.2
- C. 23.2
- D. 25.2 ✓

Q20 Arithmetic

'K' এর কোন মানের জন্য 6745K2 সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে?

- A. 3 ✓
- B. 4
- C. 2
- D. 1

Q21 Arithmetic

একজন দোকানদার একটি পণ্যের মুদ্রিত মূল্যের উপর 14% ছাড় দিয়েছেন। যদি পণ্যটির বিক্রয় মূল্য ₹688 হয়, তবে পণ্যটির মুদ্রিত মূল্য কত?

- A. ₹600
- B. ₹700
- C. ₹800 ✓
- D. ₹500

Q22 Arithmetic

একটি বাস 42 km/h গতিবেগে 20 ঘন্টায় যাত্রা শেষ করে। 12 ঘন্টায় একই দূরত্ব অতিক্রম করতে এটির কত গতিবেগ প্রয়োজন হবে?

- A. 73 km/h
- B. 80 km/h
- C. 68 km/h
- D. 70 km/h ✓

Q23 Arithmetic

সরল করুন।

$8.15 \times 0.35 - 2.36 \times 0.8 + 1.07 - 0.5 \times 0.8 - 2.56$

- A. −0.6354
- B. −0.4356
- C. −0.2235
- D. −0.9255 ✓

Q24 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল হল 655, প্রথম দুটি সংখ্যার গড় 75 এবং তৃতীয় সংখ্যাটি 122 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

- A. 191.5 ✓
- B. 192.5
- C. 198
- D. 197

Q25 Arithmetic

A একা 15 দিনে একটি কাজ শেষ করতে পারে এবং B একা 20 দিনে সেই কাজটি শেষ করতে পারে। A এবং B উভয়ে একসঙ্গে কাজটি শেষ করতে কত দিন(দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে) সময় লাগবে?

- A. 7.25 দিন
- B. 6.99 দিন
- C. 9.01 দিন
- D. 8.57 দিন ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q26 Arithmetic

একটি সংখ্যার 9% এর 2%, সেই সংখ্যার কত শতাংশ?

A. 0.018

B. 18

C. 0.18 ✓

D. 11

Q27 Arithmetic

বার্ষিক 12% চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক দেয়) হারে, 3 বছরে, ₹35,000 এর চক্রবৃদ্ধি সুদ এবং সরল সুদের পার্থক্য কত হবে?

A. ₹1,572.48 ✓

B. ₹1,527.48

C. ₹1,725.84

D. ₹1,752.84

Q28 Arithmetic

চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 6, 20, 33 এবং 66 দ্বারা ভাগ করলে যথাক্রমে 2, 16, 29 এবং 62 অবশিষ্ট থাকে?

A. 9904

B. 9236

C. 9896 ✓

D. 9698

Q29 Arithmetic

অন্বেষা দুটি হ্যান্ডব্যাগ বিক্রি করে, যার একটিতে তার 18% লাভ এবং অন্যটিতে 18% ক্ষতি হয়। প্রতিটি হ্যান্ডব্যাগের বিক্রয়মূল্য ₹450 হলে তার সামগ্রিক লাভ বা ক্ষতির শতকরা হার কত?

A. 3.24% ক্ষতি ✓

B. 2.34% ক্ষতি

C. 2.34% লাভ

D. 3.24% লাভ

Q30 Arithmetic

একটি সংখ্যাকে প্রথমে 12% বৃদ্ধি করা হয় এবং বর্ধিত সংখ্যাটিকে 8% হ্রাস করা হয়। মূল সংখ্যাটি শতকরা কত বৃদ্ধি বা হ্রাস পেয়েছে ?

A. 3.04% হ্রাস

B. 2.08% বৃদ্ধি

C. 3.04% বৃদ্ধি ✓

D. 2.08% হ্রাস

Q31 Arithmetic

একজন খুচরো বিক্রেতা 20% এবং10% এর দুটি ক্রমিক ছাড় দিয়ে একটি ল্যাপটপকে ₹27,000 মূল্যে বিক্রি করে। ল্যাপটপটির মুদ্রিত মূল্য কত?

A. ₹36,000

B. ₹36,500

C. ₹37,500 ✓

D. ₹37,000

Q32 Arithmetic

একটি নির্দিষ্ট কাজ জিতেশ ও কমল যথাক্রমে 7 দিন এবং 11 দিনে শেষ করতে পারে। তারা একসাথে কাজ শুরু করে এবং 3 দিন পর কমল চলে যায়। জিতেশ বাকি কাজ কত দিনে শেষ করবে?

A. $\frac{161}{79}$

B. $\frac{161}{77}$ ✓

C. $\frac{162}{77}$

D. $\frac{164}{78}$

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q33 Arithmetic

ট্রেন A, 7:35 AM এ স্টেশন M থেকে ছাড়ে এবং একই দিনে 2:35 PM এ স্টেশন N এ পৌঁছায়। ট্রেন B, 9:35 AM এ স্টেশন N থেকে ছাড়ে এবং একই দিনে 2:35 PM এ স্টেশন M এ পৌঁছায়। ট্রেন A এবং B কোন সময়ে মিলিত হবে?

A. 7:34 AM

B. 7:57 PM

C. 11:18 AM

D. 11:40 AM ✓

Q34 Arithmetic

মান নির্ণয় করুন:

$$\sqrt{\left(20+\sqrt{\left((22+\sqrt{\left(2+\sqrt{\left(40+\sqrt{(81)}\right)}\right)}\right)}\right)}$$

A. 5 ✓

B. 7

C. 9

D. 6

Q35 Arithmetic

সরল করুনঃ $\left(\frac{1}{10}\div\frac{16}{100}\right)\text{ of }\frac{3.2}{0.4}+120\div 4\text{ of }3\times 10$

A. 105 ✓

B. 90

C. 110

D. 100

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q36 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন।
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তাদের অবস্থান ভিত্তিক নয়।)

A. PUR
B. LQN
C. SXU
D. UZV ✓

Q37 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A = B এর অর্থ 'A হল B এর স্ত্রী'

A : B এর অর্থ 'A হল B এর ছেলে'

A * B এর অর্থ 'A হল B এর ভাই'

A ? B এর অর্থ 'A হল B এর বাবা'

উপরের উপর ভিত্তি করে, 'S = M : A ? R * T' হলে S কীভাবে T এর সঙ্গে সম্পর্কিত?

A. ভাইয়ের মা
B. ভাইয়ের ছেলে
C. ভাইয়ের স্ত্রী ✓
D. ভাইয়ের বোন

Q38 General Intelligence and Reasoning

এই প্রশ্নটি নিচে দেওয়া 3-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে করা হয়েছে।

(বামদিক) 543 984 836 478 627 (ডানদিক)

(উদাহরণঃ 697 → প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
(দ্রষ্টব্য: সকল কার্যক্রম বামদিক থেকে ডানদিকে সম্পাদন করতে হবে।)

বৃহত্তম সংখ্যার তৃতীয় অঙ্কটি ক্ষুদ্রতম সংখ্যার দ্বিতীয় অঙ্কের সঙ্গে যোগ করলে ফলাফল কী হবে?

A. 10
B. 11 ✓
C. 9
D. 8

Q39 General Intelligence and Reasoning

A, B, C, D, J, K এবং L একটি বৃত্তাকার টেবিলের চারপাশে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। C এর ডানদিক থেকে গণনা করলে C এবং K এর মাঝে শুধুমাত্র দুইজন বসেছে। J এর ডানদিক থেকে গণনা করলে L এবং J এর মাঝে শুধুমাত্র তিনজন বসেছে। K বসেছে J এর ঠিক ডান পাশে। A বসেছে D এর ঠিক ডান পাশে। B এর ডানদিকে চতুর্থ স্থানে কে বসেছে?

A. L
B. D
C. A ✓
D. K

Q40 General Intelligence and Reasoning

কেভিন A বিন্দু থেকে শুরু করে পূর্বদিকে 2 km ড্রাইভ করেন। তারপর তিনি ডানদিকে বাঁক নিয়ে 4 km ড্রাইভ করেন, আবার ডানদিকে বাঁক নিয়ে 5 km ড্রাইভ করেন। এরপর তিনি ডানদিকে বাঁক নিয়ে 6 km ড্রাইভ করেন। তিনি শেষ একটি ডানদিকে বাঁক নেন এবং 3 km ড্রাইভ করে P বিন্দুতে থামেন। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য, তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে?
(সমস্ত বাঁক শুধুমাত্র 90° বাঁক হবে, যদি না নির্দিষ্ট করা হয়।)

A. 1 km দক্ষিণদিকে
B. 3 km উত্তরদিকে
C. 2 km দক্ষিণদিকে ✓
D. 4 km উত্তরদিকে

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q41 General Intelligence and Reasoning

ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নিম্নপ্রদত্ত ক্রমটিতে প্রশ্নচিহ্নের (?) স্থানে কি বসবে?

IFD LIE OLF ROG ?

A. VRI
B. URI
C. URH ✓
D. VRH

Q42 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি ও সিদ্ধান্তগুলি মন দিয়ে পড়ুন। বিবৃতিগুলিতে দেওয়া তথ্য যদি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয় তবুও এগুলিকে সত্য বলেই ধরে নিন। তারপর নির্ধারণ করুন যে প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতিগুলিকে যুক্তিগতভাবে অনুসরণ করে।

বিবৃতি :
সব নৌকা হয় স্কুটার।
কিছু নৌকা হয় সাইকেল।

সিদ্ধান্ত:
(I) কিছু স্কুটার হয় সাইকেল।
(II) কিছু সাইকেল হয় নৌকা।

A. শুধুমাত্র (I) নং সিদ্ধান্ত অনুসরণ করে
B. শুধুমাত্র (II) নং সিদ্ধান্ত অনুসরণ করে
C. (I) ও (II) নং উভয় সিদ্ধান্তই অনুসরণ করে ✓
D. (I) বা (II) নং কোনো সিদ্ধান্তই অনুসরণ করে না

Q43 General Intelligence and Reasoning

নিচে প্রদত্ত জোড়ার সেট দুটি যে বিন্যাস অনুসরণ করে সেই একই বিন্যাস অনুসরণকারী জোড়াটি বিকল্পগুলি থেকে চয়ন করুন। উভয় জোড়া একই বিন্যাস অনুসরণ করে।
SOL–IEB
EAX–UQN

A. VRO–KHD
B. CYV–SOL ✓
C. VQM–LHE
D. VQM–KGD

Q44 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'DUST' কে '3576' হিসেবে সংকেতভুক্ত করা হয়েছে, 'LUDO' কে '2785' সংকেতভুক্ত করা হয়েছে এবং 'SALT' কে '6438' সংকেতভুক্ত করা হয়েছে। প্রদত্ত সাংকেতিক ভাষায় 'A' এর সংকেত কী?

A. 8
B. 3
C. 4 ✓
D. 6

Q45 General Intelligence and Reasoning

সাতজন ব্যক্তি L, M, N, O, P, Q ও R উত্তর দিকে মুখ করে এক সারিতে বসে আছে। Q-এর ডানদিকে কেউ বসেনি। Q ও O-এর মাঝখানে শুধুমাত্র তিনজন বসে আছে। O ও N-এর মাঝখানে শুধুমাত্র দুইজন বসে আছে। L-এর বাম দিকে তৃতীয় স্থানে P বসে আছে। L-এর ঠিক ডানদিকে R বসে আছে। M ও N-এর মধ্যে কতজন ব্যক্তি বসে আছে?

A. এক
B. চার
C. দুই
D. তিন ✓

Q46 General Intelligence and Reasoning

নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) জায়গায় কী আসবে যদি '×' ও '÷' পরস্পর স্থান পরিবর্তন করে এবং '9' ও '3' পরস্পর স্থান পরিবর্তন করে?

2 – 6 ÷ 9 × 3 + 5 =?

A. 5
B. – 11 ✓
C. 13/3
D. – 9

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q47 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি ও সিদ্ধান্তগুলি মন দিয়ে পড়ুন। বিবৃতিগুলিতে দেওয়া তথ্য যদি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয় তবুও এগুলিকে সত্য বলেই ধরে নিন। তারপর নির্ধারণ করুন যে প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতিগুলিকে যুক্তিগতভাবে অনুসরণ করে।

বিবৃতি:

সব ফ্যান হল দরজা।

সব দরজা হল ব্যাগ।

কোনও ফ্যান, আলো নয়।

সিদ্ধান্ত:

I: কোনও দরজা, আলো নয়।

II: কোনও ব্যাগ, আলো নয়।

A. সিদ্ধান্ত (I) বা (II) কোনওটিই অনুসরণ করে না। ✓

B. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।

C. সিদ্ধান্ত (I) ও (II) উভয়ই অনুসরণ করে।

D. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।

Q48 General Intelligence and Reasoning

প্রদত্ত সংখ্যা ও চিহ্নের ক্রমটি দেখুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।

(বাম) @ 8 $ 7 3 6 & Ω 9 % + 5 4 2 # 1 * £ (ডান)

উপরের ক্রমে এরকম কতগুলি চিহ্ন আছে যার প্রত্যেকটির ঠিক আগে অন্য একটি চিহ্ন রয়েছে এবং ঠিক পরেও অন্য একটি চিহ্ন রয়েছে?

A. 1

B. 0 ✓

C. 3

D. 2

Q49 General Intelligence and Reasoning

বিকল্পের কোন পদটি প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নটির (?) জায়গায় বসলে ক্রমটি যুক্তিগতভাবে সম্পূর্ণ হবে?

SBL 13, VWO 17, YRR 21, BMU 25, ?

A. YIY 29

B. EHX 29 ✓

C. YYI 31

D. EXH 31

Q50 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'LOAD' কে '7624' হিসেবে সংকেতভুক্ত করা হয়েছে, 'DONE' কে '9436' সংকেতভুক্ত করা হয়েছে এবং 'MALE' কে '2573' সংকেতভুক্ত করা হয়েছে। প্রদত্ত সাংকেতিক ভাষায় 'M' এর সংকেত কী?

A. 2

B. 5 ✓

C. 7

D. 3

Q51 General Intelligence and Reasoning

প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে এমন সংখ্যাটি চয়ন করুন যা নিম্নলিখিত ক্রমের প্রশ্ন চিহ্নকে (?) প্রতিস্থাপন করতে পারে।

6 20 48 104 216 ?

A. 442

B. 441

C. 444

D. 440 ✓

Q52 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

'A = B' এর অর্থ 'A হল B এর বোন',

'A $ B' এর অর্থ 'A হল B এর ভাই',

'A @ B' এর অর্থ 'A হল B এর স্ত্রী' এবং

'A * B' এর অর্থ 'A হল B এর বাবা'

'M = W * R $ T @ K' হলে M কিভাবে K এর সাথে সম্পর্কিত?

A. স্ত্রীর বোন

B. স্ত্রীর বাবার বোন ✓

C. স্ত্রীর বাবার মা

D. স্ত্রীর মা

Q53 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নকে (?) কোন সংখ্যাটি প্রতিস্থাপন করবে?

24, 33, 51, 78, 114, ?

A. 155

B. 161

C. 159 ✓

D. 157

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q54 General Intelligence and Reasoning

সাত জন ব্যক্তি, A, B, C, D, E, F এবং G, উত্তর দিকে মুখ করে এক সারিতে বসে আছে। C এর বামদিকে কেউ বসেনি। C এবং D এর মাঝে শুধুমাত্র চারজন বসেছে। E এর ডানদিকে শুধুমাত্র তিনজন বসেছে। G বসেছে B এর ঠিক বাম পাশে। E এর ঠিক পাশে F বসেনি। A এর ডানদিকে কতজন বসেছে?

- A. 2 ✓
- B. 3
- C. 1
- D. 4

Q55 General Intelligence and Reasoning

নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) জায়গায় কী আসবে যদি '×' ও '−' পরস্পর স্থান পরিবর্তন করে এবং '+' ও '÷' পরস্পর স্থান পরিবর্তন করে?

56 − 20 + 5 × 41 ÷ 25 = ?

- A. 188
- B. 226
- C. 208 ✓
- D. 263

Q56 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'SMART' কে '63947' হিসাবে সংকেতভুক্ত করা হয় এবং 'CLASS' কে '66189' হিসাবে সংকেতভুক্ত করা হয়। ওই ভাষায় 'A' এর সংকেত কি হবে?

- A. 6
- B. 9 ✓
- C. 8
- D. 3

Q57 General Intelligence and Reasoning

TO 5 একটি নির্দিষ্ট উপায়ে YT 25 এর সাথে সম্পর্কিত। একইভাবে, IT 7 সম্পর্কিত NY 49 এর সাথে। একই যুক্তি অনুসরণ করে, নিচের কোনটির সাথে ON 9 সম্পর্কিত?

- A. JI 27
- B. TS 27
- C. JI 81
- D. TS 81 ✓

Q58 General Intelligence and Reasoning

মুকেশ A বিন্দু থেকে শুরু করে পশ্চিম দিকে 5 km ড্রাইভ করে। তারপরে সে বামদিকে বাঁক নেয় ও 6 km ড্রাইভ করে আবার বাম দিকে বাঁক নেয় এবং 11 km ড্রাইভ করে। তারপর সে বাম দিকে বাঁক নেয় এবং 12 km ড্রাইভ করে। সবশেষে সে বামদিকে বাঁক নেয়, 6 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে। পুনরায় A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবংকোন দিকে গাড়ি ড্রাইভ করতে হবে? (যদি নির্দিষ্ট করে না বলা হয় তাহলে সমস্ত বাঁক শুধুমাত্র 90 ডিগ্রী হবে)

- A. উত্তর দিকে 5 km
- B. দক্ষিণ দিকে 5 km
- C. দক্ষিণ দিকে 6 km ✓
- D. উত্তর দিকে 6 km

Q59 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন। (দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তার অবস্থান ভিত্তিক নয়।)

- A. DE - GH
- B. LM - OP
- C. IJ - LM
- D. VW - XY ✓

Q60 General Intelligence and Reasoning

A, F, J, K, P এবং Q একই ভবনের ছয়টি ভিন্ন তলায় বসবাস করে। ভবনের সবচেয়ে নিচের তলাটি 1 নম্বর, তার উপরের তলাটি 2 নম্বর এবং সবচেয়ে উপরের তলাটি 6 নম্বর হওয়া পর্যন্ত, এইভাবেই চলতে থাকে। Q এবং F এর মাঝে কেবল তিনজন থাকে, যেখানে Q থাকে F এর নিচে। P একটি বিজোড় সংখ্যাযুক্ত তলায় এবং Q এর ঠিক উপরে থাকে। J থাকে A এর নিচের কোনো একটি তলায় এবং K এর উপরের কোনো একটি তলায়। J এর উপরে কতজন বাস করে?

- A. তিন
- B. চার
- C. এক
- D. দুই ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q61 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রম অনুসারে ZEBO একটি নির্দিষ্ট উপায়ে XGCN এর সাথে সম্পর্কিত। একইভাবে, RMFK সম্পর্কিত POGJ এর সাথে। একই যুক্তি অনুসরণ করে, প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটির সাথে LSIH সম্পর্কিত?

A. JUNG
B. KUJO
C. JJGH
D. JUJG ✓

Q62 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমটির প্রশ্নচিহ্নের (?) স্থানে কোন বিকল্পটি বসবে?

343, 1296, 3125, 4096, 2187, ?

A. 512
B. 256 ✓
C. 1024
D. 128

Q63 General Intelligence and Reasoning

যে বিকল্প সেটের সংখ্যাগুলি, নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত, সেই বিকল্প সেটটি চয়ন করুন।
(দ্রষ্টব্যঃ সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনওপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

(4, 5, 11)
(8, 6, 10)

A. (8, 5, 11)
B. (10, 7, 11) ✓
C. (9, 5, 7)
D. (8, 7, 6)

Q64 General Intelligence and Reasoning

প্রদত্ত সংখ্যার ক্রমটি দেখুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন।
(শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।)
(বাম) 4 3 5 6 2 1 5 5 7 1 5 2 3 6 9 7 4 7 9 5 8 5 3 7 4 2 1 (ডান)
উপরের ক্রমে এরকম কতগুলি বিজোড় অঙ্ক আছে যার প্রত্যেকটির ঠিক আগে একটি জোড় অঙ্ক রয়েছে এবং ঠিক পরেও একটি জোড় অঙ্ক রয়েছে?

A. 4
B. 1 ✓
C. 2
D. 3

Q65 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি ও সিদ্ধান্তগুলি মন দিয়ে পড়ুন। বিবৃতিগুলিতে দেওয়া তথ্য যদি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয় তবুও এগুলিকে সত্য বলেই ধরে নিন। তারপর নির্ধারণ করুন যে প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতিগুলিকে যুক্তিগতভাবে অনুসরণ করে।

বিবৃতি :
কিছু ছাগল হয় ঘোড়া।
সব ঘোড়া হয় গরু।
সব গরু হয় হাতি।

সিদ্ধান্ত:
(I) সব হাতি হয় ছাগল।
(II) কিছু গরু হয় ছাগল।

A. (I) ও (II) নং উভয় সিদ্ধান্তই অনুসরণ করে
B. (I) বা (II) নং কোনো সিদ্ধান্তই অনুসরণ করে না
C. শুধুমাত্র (I) নং সিদ্ধান্ত অনুসরণ করে
D. শুধুমাত্র (II) নং সিদ্ধান্ত অনুসরণ করে ✓

Q66 General Intelligence and Reasoning

G, H, J, K, L ও P একই ভবনের ছয়টি ভিন্ন তলায় থাকে। বিল্ডিংয়ের সবচেয়ে নিচের তলটি 1 নম্বর, এটির উপরের তলটি 2 নম্বর ও এইভাবে বাকিগুলি সংখ্যায়িত করে একেবারে উপরের তলাটিকে 6 নম্বর সংখ্যায়িত করা হয়েছে। P ও J এর মাঝখানে মাত্র তিনজন বাস করে, যেখানে J এর নীচে P বাস করে। K একটি বিজোড়-সংখ্যাযুক্ত তলায় থাকে এবং P এর ঠিক উপরে থাকে। L এর নীচের কোনও একটি তলাতে এবং H এর উপরের কোনও একটি তলাতে G থাকে। 5 নম্বর তলাতে কে থাকে?

A. G
B. P
C. L ✓
D. K

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in

Q67 General Intelligence and Reasoning

বিকল্পের কোন বর্ণ-সংখ্যা গুচ্ছটি প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নটির (?) জায়গায় বসলে ক্রমটি যুক্তিগতভাবে সম্পূর্ণ হবে?

LR35 NT42 PV49 RX56 ?

A. TZ64

B. TY63

C. TZ63 ✓

D. TY64

Q68 General Intelligence and Reasoning

নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) জায়গায় কী আসবে যদি '+' ও '÷' পরস্পর স্থান পরিবর্তন করে এবং '×' ও '−' পরস্পর স্থান পরিবর্তন করে?

24 + 6 ÷ 3 − 9 × 2 = ?


A. 2


B. 29 ✓

C. 51

D. 61


Q69 General Intelligence and Reasoning



A. 

B. 
 ✓


C. 


D. 


Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play


generated by rank.qmaths.in


Q70 General Intelligence and Reasoning



A. 

B. 

C. 

D. 

General Awareness

50 Questions • Answer Key

Q71 General Awareness

কানপুরের বিদ্রোহ দমনকারী ব্রিটিশ অফিসার কে ছিলেন?

A. স্যার কলিন ক্যাম্পবেল

B. হেনরি লরেন্স

C. জন নিকলসন

D. জেনারেল হিউ রোজ

Q72 General Awareness

চিকিৎসকরা ভাঙা হাড় জোড়া লাগাতে _____ ব্যবহার করেন।

A. 1. $CuSO_4 \cdot 5H_2O$

B. 2. $CaSO_4 \cdot 1/2H_2O$

C. 3. $ZnSO_4 \cdot 10H_2O$

D. 4. $ZnSO_4 \cdot 7H_2O$

Q73 General Awareness

2024 সালে MSME-এর জন্য SBI-এর নতুন চালু হওয়া ডিজিটাল ঋণ সমাধানের নাম কী?

A. MSME সহজ

B. MSME বুস্ট

C. MSME অ্যাসিস্ট

D. MSME ইজি

Q74 General Awareness

আরাবল্লী পর্বতমালার সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

A. দোদাবেতা

B. গুরু শিখর

C. মাউন্ট আবু

D. আনামুদি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q75 General Awareness

1991 সালের পর ভর্তুকি হ্রাসের মতো সংস্কারের মাধ্যমে অর্থনীতির কোন ক্ষেত্র প্রভাবিত হয়েছিল?

- A. কৃষি ✓
- B. পর্যটন
- C. শিল্প ক্ষেত্র
- D. তথ্যপ্রযুক্তি ক্ষেত্র

Q76 General Awareness

2024 সালের নভেম্বরে, ডঃ জিতেন্দ্র সিং ভারতের প্রথম দেশীয় অ্যান্টিবায়োটিক, নাফিথ্রোমাইসিন (Nafithromycin) এর সফট লঞ্চের ঘোষণা করেছিলেন। এই অ্যান্টিবায়োটিকটির মাত্র তিনটি ডোজ অ্যাজিথ্রোমাইসিন (azithromycin) এর তুলনায় কত গুণ বেশি কার্যকরী?

- A. 7x
- B. 5x
- C. 10x ✓
- D. 3x

Q77 General Awareness

বিন্ধ্য পর্বতমালা কোন দুটি প্রধান ভূপ্রাকৃতিক অঞ্চলকে পৃথক করে?

- A. উত্তরের সমভূমি এবং দাক্ষিণাত্যের মালভূমি ✓
- B. উপকূলীয় সমভূমি এবং উপদ্বীপীয় মালভূমি
- C. হিমালয় এবং উপদ্বীপীয় মালভূমি
- D. পূর্ব ও পশ্চিমঘাট

Q78 General Awareness

কোন ক্ষেত্র ভারতের গ্রামীণ উন্নয়নের মেরুদণ্ড গঠন করে?

- A. উৎপাদন
- B. তথ্যপ্রযুক্তি সেক্টর
- C. কৃষি ✓
- D. পর্যটন

Q79 General Awareness

একটি সরলরেখায় চলমান আধানের বেগের উপর যদি একটি চৌম্বক ক্ষেত্র লম্বভাবে প্রয়োগ করা হয়, তাহলে আধানের গতিপথ (trajectory) _____ হবে।

- A. রৈখিক
- B. উপবৃত্তাকার
- C. সর্পিলাকার
- D. বৃত্তাকার ✓

Q80 General Awareness

2024 সালের অক্টোবর অনুযায়ী, ভারতের কোন রাজ্যে ন্যাশনাল স্টক এক্সচেঞ্জে (NSE) ক্লায়েন্ট অ্যাকাউন্টের সংখ্যা সর্বোচ্চ ?

- A. উত্তরপ্রদেশ
- B. মহারাষ্ট্র ✓
- C. রাজস্থান
- D. গুজরাট

Q81 General Awareness

1942 সালের 9ই আগস্ট, অরুণা আসফ আলী নির্ভীকভাবে ভারতের স্বাধীনতার পতাকা কোথায় উত্তোলন করেছিলেন?

- A. লাল কেল্লা, দিল্লি
- B. গোয়ালিয়া ট্যাঙ্ক ময়দান, বোম্বে ✓
- C. সেলুলার জেল, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ
- D. রেসিডেন্সি কমপ্লেক্স, লখনউ

Q82 General Awareness

স্থিরানুপাত সূত্র অনুসারে _____ হয়।

- A. শক্তি তৈরি বা ধ্বংস করা যায় না, শুধুমাত্র রূপান্তরিত হয়
- B. একটি রাসায়নিক বিক্রিয়ায়, বিক্রিয়কের মোট ভর, বিক্রিয়াজাত দ্রব্যের মোট ভরের সমান
- C. একটি রাসায়নিক যৌগের মৌলগুলি সর্বদা ভরের একটি নির্দিষ্ট অনুপাতে থাকে ✓
- D. স্থির আয়তনে একটি গ্যাসের চাপ তার তাপমাত্রার সঙ্গে সমানুপাতিক

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q83 General Awareness

নিচের কোন আইন ভারতের গভর্নর-জেনারেলকে ভারতের ভাইসরয় বানিয়েছিল?

A. ভারত সরকার আইন, 1919

B. ভারতীয় পরিষদ আইন, 1909

C. ভারত সরকার আইন, 1935

D. ভারত সরকার আইন, 1858 ✓

Q84 General Awareness

তুলসীদাসের রচিত একটি মহাকাব্য রামচরিতমানসের কোন কাণ্ডটি (পর্ব) সুন্দর কাণ্ডের পরে আসে?

A. অরণ্য কান্ড

B. কিষ্কিন্ধা কাণ্ড

C. অযোধ্যা কাণ্ড

D. লঙ্কা কাণ্ড ✓

Q85 General Awareness

কোন তারিখে, U.S. ভেঞ্চারওয়েল গ্লোবাল ইনোভেশন থ্রু সায়েন্স অ্যান্ড টেকনলজি (GIST) সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষরিত হয়েছিল?

A. 20 ডিসেম্বর 2024 ✓

B. 15 ডিসেম্বর 2024

C. 25 ডিসেম্বর 2024

D. 10 ডিসেম্বর 2024

Q86 General Awareness

নিম্নলিখিত কোনটি ভারতের একটি সাংবিধানিক সংস্থা?

A. জাতীয় মানবাধিকার কমিশন

B. ভারতের নির্বাচন কমিশন ✓

C. কেন্দ্রীয় তথ্য কমিশন

D. NITI আয়োগ

Q87 General Awareness

ভারতে কোন ক্ষেত্র প্রাথমিকভাবে প্রাকৃতিক সম্পদ আহরণের সঙ্গে জড়িত?

A. চতুর্থ স্তরের ক্ষেত্র

B. প্রাথমিক ক্ষেত্র ✓

C. দ্বিতীয় স্তরের ক্ষেত্র

D. তৃতীয় স্তরের ক্ষেত্র

Q88 General Awareness

একটি বদ্ধ সার্কিটে সমস্ত বিভব পরিবর্তনের যোগফল শূন্য। একে কার্শফ (Kirchhoff) এর _____ বলা হয়।

A. দ্বিতীয় সূত্র ✓

B. প্রথম সূত্র

C. তৃতীয় সূত্র

D. চতুর্থ সূত্র

Q89 General Awareness

1991 সালে অর্থনৈতিক সংস্কারের অংশ হিসেবে নিচের কোন নীতি চালু করা হয়েছিল?

A. উচ্চ আমদানি শুল্ক পদ্ধতি

B. বেসরকারিকরণ ✓

C. লাইসেন্স রাজ

D. আমদানিতে বিধিনিষেধ

Q90 General Awareness

নতুন মেডিক্যাল ডিভাইস তৈরি এবং বিভিন্ন স্থানে সৈন্যদের পরিষেবা দেওয়ার জন্য নির্দিষ্ট স্বাস্থ্য সমস্যা সমাধানের উপর কাজ করতে আর্মড ফোর্সেস মেডিক্যাল সার্ভিসেস (AFMS) এবং IIT দিল্লির মধ্যে কবে একটি সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষরিত হয়েছিল?

A. মার্চ 2023

B. জুলাই 2024

C. জানুয়ারি 2023

D. এপ্রিল 2024 ✓

Q91 General Awareness

2024 সালের অক্টোবরে 70তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে, নিচের কোন দুই অভিনেত্রী যৌথভাবে প্রধান ভূমিকায় সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছিলেন?

A. নিত্যা মেনন এবং সাই পল্লবী

B. দীপিকা পাড়ুকোন এবং নিত্যা মেনন

C. আলিয়া ভাট এবং মানসী পারেখ

D. নিত্যা মেনন এবং মানসী পারেখ ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q92 General Awareness

2024 সালে, মার্কিন যুক্তরাষ্ট্রের আইডাহো (Idaho)তে একটি বার্ষিক প্রতিরক্ষা মহড়া (এক্সারসাইজ) পরিচালিত হয়েছিল, যার লক্ষ্য ছিল ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের বিশেষ বাহিনীর মধ্যে সহযোগিতা বাড়ানো এবং সেরা অনুশীলনগুলি ভাগ করা। নিচের কোনটি এই উদ্দেশ্যটি পূরণ করে?

A. এক্সারসাইজ যুদ্ধ-অভ্যাস
B. এক্সারসাইজ মালাবার
C. এক্সারসাইজ বজ্রপ্রহার ✓
D. এক্সারসাইজ কোপ ইন্ডিয়া

Q93 General Awareness

ভারতীয় সংবিধানের কোন তফসিলের অধীনে তফসিলি অঞ্চল এবং তফসিলি উপজাতির প্রশাসন ও নিয়ন্ত্রণের বিধান রয়েছে?

A. পঞ্চম তফসিল ✓
B. চতুর্থ তফসিল
C. সপ্তম তফসিল
D. অষ্টম তফসিল

Q94 General Awareness

স্বাধীনতার পর 1950 সালের 26শে জানুয়ারি দেশের প্রথম রাষ্ট্রপতি কে নির্বাচিত হন?

A. জওহরলাল নেহেরু
B. বি আর আম্বেদকর
C. আল্লাদি কৃষ্ণস্বামী আইয়ার
D. রাজেন্দ্র প্রসাদ ✓

Q95 General Awareness

হিন্দু ধর্মের প্রাচীনতম পবিত্র গ্রন্থ, ঋগ্বেদ কোন ভাষায় রচিত?

A. হিন্দি
B. বৈদিক পালি
C. বৈদিক সংস্কৃত ✓
D. দেবনাগরী

Q96 General Awareness

নিম্নলিখিত শিল্পগুলির মধ্যে কোনটি ভারতের আটটি মূল শিল্পের অংশ নয়?

A. কয়লা
B. সার
C. বস্ত্র ✓
D. সিমেন্ট

Q97 General Awareness

নাগরিকদের জন্য 'অভিন্ন দেওয়ানি বিধি ' নিচের কোনটির অন্তর্ভুক্ত?

A. প্রস্তাবনা
B. রাজ্যের কর্মপদ্ধতির নির্দেশক নীতি ✓
C. মৌলিক কর্তব্য
D. মৌলিক অধিকার

Q98 General Awareness

1991 সালে শিল্প সংস্কারের অংশ হিসাবে, বেসরকারী শিল্পকে সহায়তা করার জন্য কোন নীতি চালু করা হয়েছিল?

A. বেশিরভাগ ক্ষেত্রের জন্য শিল্পের লাইসেন্সিং বাতিল করা ✓
B. একচেটিয়া সরকারি ক্ষেত্রের উদ্যোগ তৈরি করা
C. ভারতে বিদেশী কোম্পানির উপর নিষেধাজ্ঞা
D. নগরাঞ্চলে শিল্পে বৃদ্ধির সীমাবদ্ধতা

Q99 General Awareness

অক্সালিক অ্যাসিড রান্নাঘরের কোন উপাদানে প্রাকৃতিকভাবে উপস্থিত?

A. পালং শাক ✓
B. ভিনিগার
C. লেবু
D. দুধ

Q100 General Awareness

পশ্চিমবঙ্গের গঙ্গাসাগর মেলা _____ এর সময়, যেখানে গঙ্গা বঙ্গোপসাগরে পতিত হয়, সেখানে উদযাপিত হয়।

A. কালী পূজা
B. দুর্গাপূজা
C. হোলি
D. মকর সংক্রান্তি ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q101 General Awareness

2024 সালের 21 থেকে 25 ফেব্রুয়ারি পর্যন্ত, খেলো ইন্ডিয়া উইন্টার গেমস 2024 এর দ্বিতীয় পর্ব কোথায় আয়োজিত হয়েছিল?

A. লেহ, লাদাখ

B. গুলমার্গ, জম্মু ও কাশ্মীর ✓

C. আউলি, উত্তরাখণ্ড

D. খাজ্জিয়ার, হিমাচল প্রদেশ

Q102 General Awareness

নিচের কোন অর্থনৈতিক কার্যকলাপটি প্রধানত গবেষণা ও তথ্যের উপর দৃষ্টি নিবদ্ধ করে?

A. চতুর্থ শ্রেণি ✓

B. তৃতীয় শ্রেণি

C. দ্বিতীয় শ্রেণি

D. প্রথম শ্রেণি

Q103 General Awareness

ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (NABARD) এর কোন পাইলট প্রকল্পটি স্বনির্ভর গোষ্ঠীগুলির (SHGs) ডিজিটাইজেশনের জন্য নির্মিত ?

A. ই-শক্তি ✓

B. ই-ব্যাঙ্কিং

C. ই-শিক্ষা

D. ই-ভিলেজ

Q104 General Awareness

2024 সালের অক্টোবরে ভারত 31টি MQ-9B প্রিডেটর ড্রোন কেনার জন্য কোন দেশের সাথে $3.3 বিলিয়ন চুক্তি স্বাক্ষর করেছে?

A. রাশিয়া

B. ফ্রান্স

C. ইজরায়েল

D. মার্কিন যুক্তরাষ্ট্র ✓

Q105 General Awareness

2024 সালের জুনে, প্রথমবার জার্মানিতে শনাক্ত হওয়া XEC এর প্রকারটি _____ এর সঙ্গে সম্পর্কিত।

A. SARS CoV-2 ✓

B. গুটি বসন্ত ভাইরাস

C. HIV

D. পোলিও ভাইরাস

Q106 General Awareness

নিম্নলিখিত কোন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়ানোর জন্য ভারত, 2024 সালের আগস্টে, প্রেসিডেন্ট ফর ইন্টারন্যাশনাল ক্লাইমেট পলিসি-এর সিনিয়র উপদেষ্টা H.E. জন পোডেস্টার নেতৃত্বে মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে আলোচনা করেছে?

A. তথ্য প্রযুক্তি

B. খনন

C. শক্তি ✓

D. স্বাস্থ্য

Q107 General Awareness

নিচের কোনটি ভারতের 'লু' বায়ু প্রভাবিত অঞ্চল?

A. সুন্দরবন ব-দ্বীপ

B. মেঘালয় মালভূমি

C. পূর্ব উপকূল

D. থর মরুভূমি ✓

Q108 General Awareness

রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে শান্তিনিকেতনে একটি পরীক্ষামূলক বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন, যেখানে তিনি ভারতীয় এবং পাশ্চাত্য ঐতিহ্যের সর্বোত্তম মিশ্রণের চেষ্টা করেছিলেন?

A. 1912

B. 1899

C. 1890

D. 1901 ✓

Q109 General Awareness

কত সাল থেকে, উপজাতি বিষয়ক মন্ত্রক (MoTA) বার্ষিক অনুষ্ঠান হিসাবে জাতীয় উপজাতি উৎসব/কার্নিভালের আয়োজন করে চলেছে?

A. 2012

B. 2015 ✓

C. 2018

D. 2016

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q110 General Awareness

কোন সংশোধনী ভারতে পণ্য ও পরিষেবা কর (GST) চালু করেছে?

A. 86তম সংশোধনী

B. 61তম সংশোধনী

C. 52তম সংশোধনী

D. 101তম সংশোধনী ✓

Q111 General Awareness

দক্ষিণ ভারতে চোল রাজত্বের সময়কাল ছিল _____।

A. 4র্থ-5ম শতাব্দী

B. 5ম-6ষ্ঠ শতাব্দী

C. 9ম-13ম শতাব্দী ✓

D. 7ম-8ম শতাব্দী

Q112 General Awareness

2024 সালের মার্চ পর্যন্ত ভারত সরকার নিম্নলিখিত কোন খাতে স্বয়ংক্রিয় রুটের অধীনে 100% FDI অনুমোদন করেছে?

A. শিক্ষা খাত

B. প্রতিরক্ষা খাত

C. বিজ্ঞান ও প্রযুক্তি খাত

D. ভারতীয় মহাকাশ খাত ✓

Q113 General Awareness

2024 সালের আগস্টে খুচরো মুদ্রাস্ফীতি বেড়ে 3.65% হয়েছিল, যেটি RBI এর 4% লক্ষ্যমাত্রার নিচে ছিল। খাদ্য মুদ্রাস্ফীতি বৃদ্ধির প্রাথমিক চালক কী ছিল?

A. শাকসবজি, ফল এবং অন্যান্য পণ্যের উচ্চ মূল্য ✓

B. আন্তর্জাতিক খাদ্যের দাম বৃদ্ধি

C. জ্বালানির দাম বৃদ্ধি

D. প্রক্রিয়াজাত খাবারের বর্ধিত চাহিদা

Q114 General Awareness

ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ 32 ও 226 এর অধীনে আজ্ঞালেখর ক্ষেত্রাধিকার সম্পর্কিত নিচের কোনটি সত্য?

A. শুধুমাত্র মৌলিক অধিকার প্রয়োগের জন্য 226 ধারার অধীনে হাই কোর্ট আজ্ঞালেখ জারি করতে পারে।

B. অনুচ্ছেদ 32 এর অধীনে, মৌলিক অধিকার প্রয়োগের জন্য অন্যান্য আদালতকে আজ্ঞালেখ জারি করার অনুমতি দেওয়ার ক্ষমতা, সংসদকে দেওয়া হয়েছে। ✓

C. অধিকারপৃচ্ছার (Quo Warranto) আজ্ঞালেখ শুধুমাত্র ভারতের রাষ্ট্রপতি জারি করতে পারেন।

D. মৌলিক অধিকার প্রয়োগের জন্য, শুধুমাত্র সুপ্রিম কোর্টের আজ্ঞালেখ জারি করার ক্ষমতা রয়েছে।

Q115 General Awareness

1923 সালে গঠিত কোন দলকে 'কংগ্রেসের অন্তর্গত দল' হিসাবে বর্ণনা করা হয়েছিল?

A. স্বরাজ পার্টি ✓

B. গদর পার্টি

C. জনতা পার্টি

D. আজাদ পার্টি

Q116 General Awareness

জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (ZSI) অনুসারে বিশ্বব্যাপী পাওয়া প্রাণীদের প্রজাতির প্রায় কত শতাংশ ভারতে রয়েছে?

A. 5%

B. 7.5% ✓

C. 12.5%

D. 10%

Q117 General Awareness

1960 সালের 9ম সংশোধনী আইনের দ্বারা কোন দেশের সঙ্গে একটি চুক্তির মাধ্যমে ভারতীয় ভূখণ্ড বণ্টনের নিষ্পত্তি করা হয়েছিল?

A. নেপাল

B. পাকিস্তান ✓

C. চীন

D. বাংলাদেশ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q118 General Awareness

শিখ সম্প্রদায়ের কোন উৎসবটি, হিন্দু ক্যালেন্ডার অনুসারে, কার্তিক মাসের পূর্ণিমার দিনে পালিত হয়?

- A. গুরু নানক জয়ন্তী ✓
- B. লোহরি
- C. হোলা মহল্লা
- D. বৈশাখী

Q119 General Awareness

1991 সাল ভারতীয় অর্থনৈতিক ইতিহাসে তাৎপর্যপূর্ণ কারণ, এটি _____ এর সূচনা করে।

- A. ডিজিটাল বিপ্লব
- B. অর্থনৈতিক সংস্কার ও উদারীকরণ ✓
- C. সবুজ বিপ্লব
- D. শিল্প বিপ্লব

Q120 General Awareness

খান্ডকে উইন্ড ফার্ম ভারতের কোন রাজ্যে অবস্থিত?

- A. মহারাষ্ট্র ✓
- B. হিমাচল প্রদেশ
- C. অরুণাচল প্রদেশ
- D. সিকিম

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

একজন বালিকা 10 km/hr গতিবেগে স্কুলে যায়। সে 40 km/hr গতিবেগে ফিরে আসে। পুরো যাত্রাপথে তার গড় গতিবেগ নির্ণয় করুন।

- A. 16 km/h ✓
- B. 6 km/h
- C. 10 km/h
- D. 14 km/h

Q2 Arithmetic

একটি শ্রেণীতে 15 জন শিক্ষার্থীর নম্বরের গড় 43 হয়। প্রতিটি শিক্ষার্থীর নম্বর দ্বিগুণ হলে নতুন গড় নির্ণয় করুন।

- A. 43
- B. 15
- C. 86 ✓
- D. 30

Q3 Arithmetic

বার্ষিক 10% সরল সুদের হারে একটি অর্থরাশি 3 বছরে সুদে আসলে ₹3120 হয়। একই সুদের হারে, 2 বছরে, ওই অর্থরাশির সরল সুদ (₹তে) কত?

- A. 240
- B. 480 ✓
- C. 1920
- D. 960

Q4 Arithmetic

বার্ষিক 5% সুদের হারে, অর্ধবার্ষিকদেয় চক্রবৃদ্ধি সুদে, ₹8,000 অর্থরাশি বিনিয়োগ করা হয়। এই অর্থরাশির 4 বছর পর চক্রবৃদ্ধি সুদ কত হবে?

[ধরুন $(1.025)^8 = 1.2184$]

- A. ₹1,747.20 ✓
- B. ₹1,175.20
- C. ₹1,757.60
- D. ₹1,475.60

Q5 Arithmetic

একটি জলের কল 8 ঘন্টায় একটি ট্যাঙ্ক পূরণ করতে পারে। অর্ধেক ট্যাঙ্ক ভর্তি হওয়ার পরে, আরও চারটি অনুরূপ জলের কল খোলা হয়। ট্যাঙ্কটি সম্পূর্ণরূপে ভর্তি করতে মোট কত সময় লাগবে?

- A. 5 ঘন্টা 30 মিনিট
- B. 3 ঘন্টা 30 মিনিট
- C. 4 ঘন্টা 40 মিনিট
- D. 4 ঘন্টা 48 মিনিট ✓

Q6 Arithmetic

একটি পরীক্ষাগারে, একটি নির্দিষ্ট পরীক্ষায় ব্যাকটেরিয়ার সংখ্যা প্রতি ঘন্টায় 4.4% হারে বাড়ছে। প্রথমে ব্যাকটেরিয়ার সংখ্যা 8,05,00,000 হলে, 2 ঘন্টা পর ব্যাকটেরিয়ার সংখ্যা কত হবে?

- A. 8,77,39,884
- B. 8,44,39,855
- C. 8,77,39,848 ✓
- D. 8,78,39,878

Q7 Arithmetic

দুই বন্ধু চেতন এবং বিপুলের মাসিক আয় 5 : 7 অনুপাতে আছে এবং তারা প্রত্যেকে প্রতি মাসে ₹72000 সঞ্চয় করে। যদি তাদের মাসিক ব্যয়ের অনুপাত 1 : 3 হয়, তবে চেতনের মাসিক আয় (₹ তে) নির্ণয় করুন।

- A. 126000
- B. 91000
- C. 89000
- D. 90000 ✓

Q8 Arithmetic

প্রথম 109 টি জোড় সংখ্যার গড় কত?

- A. 110 ✓
- B. 111
- C. 109.5
- D. 110.5

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Arithmetic

তিনজন অংশীদার 4:6:8 অনুপাতে একটি ব্যবসায় বিনিয়োগ করেছেন। তারা তাদের মূলধন যথাক্রমে 8 মাস, 4 মাস এবং 5 মাসের জন্য বিনিয়োগ করেছেন। তাদের লাভের অনুপাত কত?

A. 2:3:5

B. 4:3:5 ✓

C. 5:3:5

D. 7:3:5

Q10 Arithmetic

মান নির্ণয় করুন: 41 - [21 - {11 - (15 - 6 ÷ 2 × 2)}]

A. 22 ✓

B. 17

C. 19

D. 24

Q11 Arithmetic

এমন ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করুন যাকে 33, 56 ও 84 দ্বারা ভাগ করলে যথাক্রমে 6, 29 ও 57 ভাগশেষ থাকে?

A. 1848

B. 1875

C. 1892

D. 1821 ✓

Q12 Arithmetic

দেবব্রত 3% লোকসানে একটি পণ্য বিক্রি করেছিলেন। এটিকে 15% লাভে বিক্রি করলে তিনি আরও ₹1,494 পেতেন। পণ্যটির ক্রয়মূল্য (₹ তে) কত ছিল?

A. 8,250

B. 8,300 ✓

C. 8,400

D. 8,350

Q13 Arithmetic

1991 সালের নতুন অর্থনৈতিক নীতির একটি প্রাথমিক লক্ষ্য ছিল _____কে নিয়ন্ত্রণ করা।

- A. পরিবেশগত সমস্যা
- B. মুদ্রাস্ফীতি ✓
- C. আঞ্চলিক ভারসাম্যহীনতা
- D. জনসংখ্যা বৃদ্ধি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q79 General Awareness

1857 সালের বিদ্রোহে অংশগ্রহণকারী বেশিরভাগ সৈন্য ব্রিটিশ শাসিত ভারতবর্ষের কোন অঞ্চল থেকে এসেছিল?

A. কানপুর

B. অবধ ✓

C. বেরেলি

D. ঝাঁসি

Q80 General Awareness

2024 সালের অক্টোবরে ডিপার্টমেন্ট অফ অ্যাটমিক এনার্জি (DAE) কোথায় 'মেজর অ্যাটমোস্ফিয়ারিক চেরেনকভ এক্সপেরিমেন্ট' (MACE) নামে এশিয়ার বৃহত্তম এবং বিশ্বের সর্বোচ্চ ইমেজিং চেরেনকভ অবজারভেটরির উদ্বোধন করেছে?

A. শিলং

B. উধমপুর

C. লাদাখ ✓

D. তাওয়াং

Q81 General Awareness

বর্তমান উত্তর প্রদেশের রামপুর জেলার কোন অধিবাসী, ভারতীয় মুসলমানদের অসহযোগ আন্দোলনে অন্তর্ভুক্ত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন?

A. মৌলবী লিয়াকত আলী

B. শওকত আলী ✓

C. আব্দুল হক আজমি

D. বদরুদ্দিন তৈয়বজী

Q82 General Awareness

2024 সালের সংসদীয় নির্বাচনের পর কোন তারিখে নরেন্দ্র মোদি তৃতীয়বারের মতো ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন?

A. 6ই জুন 2024

B. 9ই জুন 2024 ✓

C. 16ই জুন 2024

D. 1লা জুন 2024

Q83 General Awareness

2024 সালের অক্টোবরে, উত্তরপ্রদেশ সরকার রাজ্য জুড়ে কোন ভাষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য একটি বৃত্তি প্রকল্প চালু করেছে?

A. পালি

B. হিন্দি

C. উর্দু

D. সংস্কৃত ✓

Q84 General Awareness

2024 সালের অর্থনৈতিক সমীক্ষায়, ভারতীয় অর্থনীতিকে 'স্ট্রং উইকেট' (strong wicket) বলা হয়েছে। এর অর্থ কী?

A. প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে কমে গেছে

B. বিদেশী বিনিয়োগের উপর নির্ভরতা বৃদ্ধি

C. উচ্চ মুদ্রাস্ফীতির হার

D. প্রতিবন্ধকতা সত্ত্বেও স্বয়ংসম্পূর্ণতা এবং স্থিতিশীলতা ✓

Q85 General Awareness

ভারতের দ্রাঘিমাগত ব্যাপ্তি হল _____ পর্যন্ত।

A. 65° E থেকে 98° E

B. 72° E থেকে 95° E

C. 68°7' E থেকে 97°25' E ✓

D. 70° E থেকে 100° E

Q86 General Awareness

গ্রীষ্মকালে (জুলাইয়ের মাঝামাঝি), আন্তঃ-ক্রান্তীয় অভিসারী অঞ্চল (ITCZ) নামে পরিচিত, ভূপৃষ্ঠের নিম্নচাপ বলয়টি উত্তর দিকে সরে গিয়ে _____ এর মধ্যে হিমালয়ের প্রায় সমান্তরালে অবস্থান করে।

A. 25° N এবং 30° N

B. 10° N এবং 15° N

C. 20° N এবং 25° N ✓

D. 15° N এবং 20° N

Q87 General Awareness

INDUS-X সামিট 2024-এর জন্য নিচের কোন মার্কিন বিভাগ ভারতের সাথে সহযোগিতা করছে?

A. প্রতিরক্ষা বিভাগ ✓

B. বাণিজ্য বিভাগ

C. হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ

D. শক্তি বিভাগ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q88 General Awareness

ব্রিটিশদের অর্থনৈতিক শোষণের উপর আলোকপাত করে, কে সম্পদের বহির্গমন তত্ত্বকে (The Drain Theory) জনপ্রিয় করেছিলেন?

A. মহাত্মা গান্ধী

B. বাল গঙ্গাধর তিলক

C. দাদাভাই নওরোজি ✓

D. লালা লাজপত রায়

Q89 General Awareness

1857 সালের বিদ্রোহকে কেন একটি সন্ধিক্ষণ হিসাবে গণ্য করা হয়?

A. এটি ভারতে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে প্রথম বড়ো আকারের সংগঠিত প্রতিরোধ ছিল ✓

B. এটি সম্পূর্ণ শান্তিপূর্ণ ছিল

C. এটি ব্রিটিশ সাম্রাজ্যের পতন ঘটায়

D. এর জন্য ভারতে অবিলম্বে স্বাধীনতা আসে

Q90 General Awareness

ভারতের রাষ্ট্রপতি, _____ দ্বারা নির্বাচিত হন।

A. রাজ্যপালদের

B. জনগণের সরাসরি ভোট

C. নির্বাচক মণ্ডলীর (electoral college) সদস্যদের ✓

D. শুধুমাত্র রাজ্যসভার সদস্যদের

Q91 General Awareness

ওঁকারেশ্বর ভাসমান সৌর প্রকল্প কোন রাজ্যে অবস্থিত?

A. কর্ণাটক

B. মধ্যপ্রদেশ ✓

C. তামিলনাড়ু

D. মহারাষ্ট্র

Q92 General Awareness

2024 সালের তৃতীয় ত্রৈমাসিকে (Q3) ICICI ব্যাঙ্কের নিট ইন্টারেস্ট মার্জিন (NIM) কত ছিল?

A. 4.43% ✓

B. 4.65%

C. 4.35%

D. 4.53%

Q93 General Awareness

নিচের কোন বয়সের সময়কালকে মানব জীবনের প্রারম্ভিক প্রাপ্তবয়স্ক পর্যায় হিসাবে বিবেচনা করা হয়?

A. 18 বছর বয়স থেকে শুরু হয়ে 25 বছর বয়স পর্যন্ত ✓

B. বয়ঃসন্ধির সূত্রপাতের সঙ্গে শুরু হয়ে 18 বছর বয়স পর্যন্ত

C. প্রায় 25 বছর বয়সে শুরু হয় প্রায় 45 বছর বয়স পর্যন্ত

D. 6 বছর বয়স থেকে শুরু হয় এবং বয়ঃসন্ধির সূচনা পর্যন্ত চলতে থাকে

Q94 General Awareness

2024 সালের 7ই জুন শেষ হওয়া নরওয়ে চেস সুপার-টুর্নামেন্টে নিম্নলিখিত কে প্রথম নরওয়ে মহিলা দাবা চ্যাম্পিয়ন হয়েছেন?

A. ভিক্টোরিজা নি (Viktorija Ni)

B. মনিকা মচলিক (Monika Machlik)

C. নিনা হেগসাথের (Nina Hagesather)

D. জু ওয়েনজুন (Ju Wenjun) ✓

Q95 General Awareness

নিম্নলিখিত বিবৃতিগুলির মধ্যে কোনটি ঔপনিবেশিক আমলে ভারতের বৈদেশিক বাণিজ্যকে সর্বোত্তমভাবে বর্ণনা করে?

A. ভারতের বৈদেশিক বাণিজ্য, অর্থনীতিকে ব্যাপকভাবে উপকৃত করেছিল এবং অত্যাবশ্যকীয় পণ্যের ঘাটতি দূর করেছিল।

B. ভারত মূলত ব্রিটেন ছাড়া অন্যান্য ইউরোপীয় দেশগুলির সঙ্গে বাণিজ্য করত।

C. শ্রীলঙ্কা, চীন এবং ইরানের মতো অন্যান্য দেশের সঙ্গে সীমিত বাণিজ্য সহ ভারতের বাণিজ্য মূলত ব্রিটেন দ্বারা নিয়ন্ত্রিত ছিল। ✓

D. ভারত কাঁচামাল আমদানি করত এবং প্রস্তুত পণ্য রপ্তানি করত।

Q96 General Awareness

সিন্ধু সভ্যতায় কোন স্থানে মহাস্নানাগারটি পাওয়া যায়?

A. মহেঞ্জোদারো ✓

B. দাইমাবাদ

C. গানেরিওয়ালা

D. সুরকোটাদা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q97 General Awareness

নিম্নলিখিত কোনটিকে ভারতীয় উপমহাদেশের প্রথম বাগান-সমাধি হিসাবে বিবেচনা করা হয়?

A. ঈসা খানের সমাধি

B. হুমায়ুনের সমাধি ✓

C. সফদরজং এর সমাধি

D. 4. সিকান্দার লোদীর সমাধি

Q98 General Awareness

ভারতীয় সংবিধানের অষ্টম তফসিলে নিচের কোনটি বলা আছে?

A. সরকারি ভাষা ✓

B. শপথ বা প্রতিজ্ঞার ফরমসমূহ

C. কিছু নির্দিষ্ট আইন ও প্রনিয়মের সিদ্ধকরণ

D. পঞ্চায়েতের ক্ষমতা, কর্তৃত্ব এবং দায়িত্ব

Q99 General Awareness

স্যাকারোমাইসিস সেরাভিসি (Saccharomyces cerevisiae) হল _____ এর বিজ্ঞানসম্মত নাম।

A. অ্যামিবার একটি প্রজাতি

B. ইষ্টের একটি প্রজাতি ✓

C. এক ধরনের ভাইরাস

D. এক ধরনের ব্যাকটেরিয়া

Q100 General Awareness

ভারতের রাষ্ট্রপতি, সংবিধানের কোন অনুচ্ছেদের অধীনে, পাবলিক সার্ভিস কমিশন সম্পর্কিত বিধানগুলিকে যেকোনো কেন্দ্রশাসিত অঞ্চলে প্রসারিত করার নির্দেশ দিতে পারেন?

A. অনুচ্ছেদ 335

B. অনুচ্ছেদ 321 ✓

C. অনুচ্ছেদ 315

D. অনুচ্ছেদ 323

Q101 General Awareness

খাদ্য প্রক্রিয়াকরণে পাস্তুরাইজেশনের মুখ্য উদ্দেশ্য কী?

A. স্বাদ বাড়ানো

B. খাবারের টেক্সচার ভালো করা

C. পুষ্টিগুণ বাড়ানো

D. ক্ষতিকারক অণুজীবের বিনাশ ✓

Q102 General Awareness

ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে মন্ত্রী পরিষদের মর্যাদা সম্পর্কিত তথ্য রয়েছে?

A. অনুচ্ছেদ 72

B. অনুচ্ছেদ 78

C. অনুচ্ছেদ 74 ✓

D. অনুচ্ছেদ 76

Q103 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে, হাঙ্গেরিতে অনুষ্ঠিত FIDE 100 পুরস্কার অনুষ্ঠানে নিম্নলিখিত কাকে সেরা পুরুষ পুরস্কারে ভূষিত করা হয়েছিল?

A. ম্যাগনাস কার্লসেন (Magnus Carlsen) ✓

B. ফ্যাবিয়ানো কারুয়ানা (Fabiano Caruana)

C. হিকারু নাকামুরা (Hikaru Nakamura)

D. গুকেশ ডোমারজু (Gukesh Dommaraju)

Q104 General Awareness

সংবিধানের 39 অনুচ্ছেদে রাজ্যকে নিম্নলিখিত কোনটি সুরক্ষিত করার নির্দেশ দেওয়া হয়েছে?

A. কাজ করার অধিকার

B. গোপনীয়তার অধিকার ✓

C. একটি সামাজিক শৃঙ্খলা সুরক্ষিত রাষ্ট্র

D. সমান কাজের জন্য সমান বেতন

Q105 General Awareness

মুঘল আমলে, 'রজ়মনামা' (Razmnama) শিরোনামে, ফারসি ভাষায় কে 'মহাভারত' অনুবাদ করেন?

A. ফয়েজী

B. আব্দুল রহিম খান

C. আবুল ফজল ✓

D. দারা সিকোহ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q106 General Awareness

2024 সালের মার্চ মাসে প্রকাশিত ভারত অপারেটিং সিস্টেম সলিউশনস (BOSS) GNU/Linux ভার্সন 10.0-এর নাম কী দেওয়া হয়েছে?

A. উর্জা

B. উন্নতি

C. দৃষ্টি

D. প্রজ্ঞা ✓

Q107 General Awareness

ভিটামিন সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?

A. সমস্ত প্রয়োজনীয় ভিটামিন মানবদেহ দ্বারা প্রচুর পরিমাণে সংশ্লেষিত হতে পারে।

B. ভিটামিন শরীরের জন্য শক্তির একটি প্রাথমিক উৎস।

C. ভিটামিন হল অজৈব যৌগ যা স্বাভাবিক বিপাকের জন্য প্রচুর পরিমাণে প্রয়োজন।

D. ভিটামিন হল জৈব যৌগ যা শরীরের বিভিন্ন কাজের জন্য অল্প পরিমাণে প্রয়োজন। ✓

Q108 General Awareness

দারিদ্র্য ও বেকারত্বের মধ্যে সম্পর্ক কী?

A. বেকারত্ব, সম্পদের পুনর্বণ্টনকে ত্বরান্বিত করে।

B. বেকারত্ব জনিত আয়ের অভাব, প্রায়শই অধিক দারিদ্র্যের দিকে নিয়ে যায়। ✓

C. দারিদ্র্য, বেকারত্ব কমায়।

D. দারিদ্র্য ও বেকারত্বের কোনো সম্পর্ক নেই।

Q109 General Awareness

কোন সালে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ভারতে তার সমস্ত প্রশাসনিক ক্ষমতা হারায়?

A. 1847

B. 1873

C. 1877

D. 1858 ✓

Q110 General Awareness

জাতীয় উপভোক্তা বিবাদ নিষ্পত্তি কমিশন (NCDRC) কোন আইনের অধীনে কাজ করে?

A. উপভোক্তা বিবাদ আইন, 1992

B. উপভোক্তা সুরক্ষা আইন, 1991

C. উপভোক্তা সুরক্ষা আইন, 1986 ✓

D. উপভোক্তা অধিকার আইন, 1987

Q111 General Awareness

বিশ্বায়ন কী?

A. আন্তর্জাতিক বাণিজ্যে পতন

B. সাংস্কৃতিক বিচ্ছিন্নতা বৃদ্ধি

C. বিশ্বব্যাপী অর্থনীতির সংহতকরণ ✓

D. দেশগুলির মধ্যে একটি রাজনৈতিক জোট

Q112 General Awareness

উদ্ভিদের সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় আলোক শক্তি শোষণের জন্য কোন রঞ্জক প্রধানত দায়ী?

A. অ্যান্থোসায়ানিন

B. ক্লোরোফিল ✓

C. ট্যানিন

D. বিটালাইন

Q113 General Awareness

2024 সালের জুন মাসে, কে চতুর্থবারের মতো অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেন?

A. ওয়াই.এস. জগন্মোহন রেড্ডি

B. চন্দ্রবাবু নাইডু ✓

C. ডি.কে. শিবকুমার

D. এন. কিরণ কুমার রেড্ডি

Q114 General Awareness

সিন্ধু সভ্যতার লোথাল সাইটে প্রাপ্ত অববাহিকা বর্তমান ভারতের কোন রাজ্যে অবস্থিত?

A. পাঞ্জাব

B. হরিয়ানা

C. রাজস্থান

D. গুজরাট ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q115 General Awareness

2024 সালের 11 থেকে 13 সেপ্টেম্বর পর্যন্ত, চেন্নাইয়ের জওহরলাল নেহরু স্টেডিয়ামে, সাউথ এশিয়ান জুনিয়র অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের কোন সংস্করণ অনুষ্ঠিত হয়েছিল?

A. 5ম
B. 4র্থ ✓
C. 7ম
D. 3য়

Q116 General Awareness

তামিল ব্যাকরণ বই, আগত্তিয়ম (আকত্তিয়ম) [Agattiyam (Akattiyam)] কার লেখা?

A. নারত্তনর [Narrattanar]
B. কপিলার [Kapilar]
C. আগত্তিয়ার (অগস্ত্য) [Agattiar(Agastya)] ✓
D. মুতাত্তামাক্কান্নিয়র [Mutattamakkanniyar]

Q117 General Awareness

2024 সালের মার্চের শেষ অনুসারে, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছে থাকা মোট সোনার পরিমাণ কত?

A. 265.53 মেট্রিক টন
B. 408.31 মেট্রিক টন
C. 822.10 মেট্রিক টন ✓
D. 387.26 মেট্রিক টন

Q118 General Awareness

নিচের কোন রাজ্যে সুন্দরবন ম্যানগ্রোভ অরণ্য রয়েছে?

A. ওড়িশা
B. পশ্চিমবঙ্গ ✓
C. গুজরাট
D. কেরালা

Q119 General Awareness

ওরস্টেড (Oersted) একক দ্বারা কী পরিমাপ করা হয়?

A. তড়িৎ বিভব
B. তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য
C. তড়িৎ প্রবাহের তীব্রতা
D. চৌম্বক ক্ষেত্রের প্রাবল্য ✓

Q120 General Awareness

পরিচিত সকল রাগকে কতগুলি স্বরগ্রামে (tone scale) বিভক্ত করা হয়েছে?

A. 12 ✓
B. 10
C. 14
D. 6

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল 655 এবং প্রথম দুটি সংখ্যার গড় 78 এবং তৃতীয় সংখ্যাটি 129 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

- A. 185 ✓
- B. 186
- C. 207
- D. 208

Q2 Arithmetic

একটি নির্দিষ্ট অর্থরাশির উপর 10%, 20% এবং 28% এই তিনটি ক্রমিক ছাড় দেওয়া হয়েছে। সমপরিমাণ অর্থরাশির উপর এই তিনটি ক্রমিক ছাড়ের সমতুল্য একক ছাড়ের পরিমাণ কত হবে?

- A. 48.32%
- B. 48.16% ✓
- C. 50%
- D. 38.16%

Q3 Arithmetic

চক্রবৃদ্ধি সুদের শতকরা কত হারে ₹2,000 অর্থরাশি 3 বছরে ₹4,394 হবে?

- A. 35
- B. 20
- C. 30 ✓
- D. 25

Q4 Arithmetic

একটি ছেলে 2 km/h গতিবেগে দৌড়ালে, 19 মিটার বাহুবিশিষ্ট একটি বর্গাকার মাঠের চারপাশে এক পাক দৌড়াতে তার কত সেকেন্ড সময় লাগবে?

- A. 141
- B. 144
- C. 138
- D. 136.8 ✓

Q5 Arithmetic

8 জন পুরুষ 8 দিনে একটি কাজ শেষ করতে পারে অন্যদিকে 8 জন মহিলা 12 দিনে এটি করতে পারে, 2 জন মহিলা এবং 4 জন পুরুষ কত দিনে কাজটি শেষ করতে পারবে?

- A. 8 দিনে
- B. 12 দিনে ✓
- C. 16 দিনে
- D. 17 দিনে

Q6 Arithmetic

প্রথম 102 টি জোড় সংখ্যার গড় কত?

- A. 102.5
- B. 103 ✓
- C. 104
- D. 103.5

Q7 Arithmetic

একটি গাড়ি প্রথম ঘন্টায় 101 km এবং দ্বিতীয় ঘন্টায় 55 km অতিক্রম করে। পুরো যাত্রাপথে গাড়ির গড় গতিবেগ (km /h তে) কত?

- A. 79
- B. 81
- C. 73
- D. 78 ✓

Q8 Arithmetic

একটি পাইপ 10 ঘন্টায় একটি ট্যাঙ্ক ভর্তি করতে পারে। ট্যাঙ্কটির নিচে ছিদ্র থাকার কারণে, এটি 22.5 ঘন্টায় ট্যাঙ্কটি ভর্তি করে। ট্যাঙ্কটি ভর্তি থাকলে, ছিদ্র দিয়ে ট্যাঙ্কটি খালি হতে কত সময় লাগবে?

- A. 16 ঘন্টা
- B. 18 ঘন্টা ✓
- C. 19 ঘন্টা
- D. 17 ঘন্টা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Arithmetic

একটি ক্লাসে 14 জন শিক্ষার্থীর নম্বরের গড় 63, প্রতিটি শিক্ষার্থীর নম্বর দ্বিগুণ হলে, নতুন গড় নির্ণয় করুন।

A. 28
B. 14
C. 63
D. 126 ✓

Q10 Arithmetic

প্রবীন একটি নির্দিষ্ট কাজ 6 ঘন্টায় করতে পারে। ঋষি এটি 28 ঘন্টায় করতে পারে। শানের সহযোগিতায় তারা 4 ঘণ্টায় কাজটি শেষ করে। শান একা কত ঘন্টায় কাজটি শেষ করতে পারবে?

A. 22
B. 20
C. 21 ✓
D. 23

Q11 Arithmetic

অদ্বৈতকে 19 ঘন্টায় 947 km দূরে কানপুর পৌঁছাতে হবে, 6 ঘন্টার জন্য তার শুরুর গতি ছিল 38 km/hr, পরবর্তী 70 km এর জন্য তার গতি ছিল 35 km/hr; 19 ঘন্টার নির্ধারিত সময়ে কানপুর পৌঁছানোর জন্য তাকে এখন কত গতিতে ভ্রমণ করতে হবে?

A. 61 km/hr
B. 60 km/hr
C. 64 km/hr
D. 59 km/hr ✓

Q12 Arithmetic

105 এবং 120 এর গসাগু কত?

A. 15 ✓
B. 56
C. 35
D. 45

Q13 Arithmetic

সারিতা ₹34,999 তে একটি পূর্ব-মালিকানাধীন সেলাই মেশিন কিনেছে এবং মেরামত করতে ₹4,000 এবং পরিবহনে ₹1,000 খরচ করেছে। সে এটি 15% লাভে বিক্রি করেছে। সে কত দামে মেশিনটি বিক্রি করেছে?

A. ₹59,845.85
B. ₹42,999.85
C. ₹45,998.85 ✓
D. ₹40,000.85

Q14 Arithmetic

একজন দোকানদারের কাছে দুই ধরনের চাল আছে, একটির দাম প্রতি কেজি ₹60 এবং অন্যটির দাম প্রতি কেজি ₹80; তিনি চাল দুটিকে 3 : 2 অনুপাতে মিশ্রিত করেন। চালের মিশ্রণটির মূল্য প্রতি kg তে কত হবে?

A. ₹66
B. ₹64
C. ₹62
D. ₹68 ✓

Q15 Arithmetic

একটি খালি স্টোরেজ ট্যাঙ্কে 63 লিটার পেট্রোল ঢালার পরেও এটি 10% খালি ছিল। ভর্তি করার জন্য স্টোরেজ ট্যাঙ্কে কত পরিমাণ (লিটারে) পেট্রোল ঢালতে হবে?

A. 70 ✓
B. 64
C. 69
D. 71

Q16 Arithmetic

এক ব্যক্তির মাসিক আয় ₹7,540 এবং যদি আয় 20% বৃদ্ধি পায়, তবে তার নতুন মাসিক আয় কত?

A. ₹9,648
B. ₹9,048 ✓
C. ₹9,248
D. ₹9,448

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Arithmetic

কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 36, 49, 54 বা 70 দিয়ে ভাগ করলে যথাক্রমে 19, 32, 37 এবং 53 অবশিষ্ট থাকে?

A. 26,447
B. 26,446
C. 26,441
D. 26,443 ✓

Q18 Arithmetic

একটি সংখ্যাকে 40% বৃদ্ধি করা হলে, তা 3990 হয়। সংখ্যাটি নির্ণয় করুন।

A. 1425
B. 8550
C. 5700
D. 2850 ✓

Q19 Arithmetic

বার্ষিক 6% চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক দেয়) হারে, একজন ব্যবসায়ী ₹50,000 বিনিয়োগ করেন। 3 বছর পর তার প্রাপ্ত চক্রবৃদ্ধি সুদের অর্ধেক অর্থরাশির পরিমাণ কত?

A. ₹4,575.4
B. ₹4,775.4 ✓
C. ₹4,745.4
D. ₹4,675.4

Q20 Arithmetic

মিশা ও কমলের বয়সের অনুপাত যথাক্রমে 4 : 3 হয়। 9 বছর পর তাদের বয়সের অনুপাত 7 : 6 হবে। তাদের বর্তমান বয়সের পার্থক্য কত?

A. 12
B. 13
C. 2
D. 3 ✓

Q21 Arithmetic

একটি অর্থরাশি বার্ষিক 10% সরল সুদের হারে বিনিয়োগ করা হলে, 2 বছর পরে তা ₹4560 হয়। একই পরিমাণ অর্থরাশির একই সুদের হারে 1 বছরের সরল সুদ (₹ তে) কত?

A. 190
B. 380 ✓
C. 760
D. 1520

Q22 Arithmetic

একটি দোকান এক জোড়া জুতোর মুদ্রিত মূল্য ₹1,200 রেখেছে। সেলের সময়, তারা 10% ছাড় দেয়, তারপর ছাড় দেওয়া মূল্যের উপর অতিরিক্ত 5% ছাড় দেয়। উভয় ছাড়ের পর জুতার চূড়ান্ত মূল্য কত হবে?

A. ₹1,026 ✓
B. ₹1,030
C. ₹1,020
D. ₹1,014

Q23 Arithmetic

একটি বিদ্যালয়ে 7178 জন শিক্ষার্থী রয়েছে এবং বিদ্যালয়ে বালক ও বালিকার অনুপাত 47 : 50 হলে, বিদ্যালয়ে বালকের সংখ্যা নির্ণয় করুন।

A. 3478 ✓
B. 3491
C. 3485
D. 3487

Q24 Arithmetic

মান নির্ণয় করুন:

41 - [36 - {48 ÷ 2 - (4 - 12 ÷ 3) ÷ 3}]

A. 28
B. 30
C. 29 ✓
D. 31

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q25 Arithmetic

একটি বাস 96 km/h গতিবেগে 16 ঘন্টায় যাত্রা শেষ করে। 8 ঘন্টায় একই দূরত্ব অতিক্রম করতে সেটির কত গতিবেগ প্রয়োজন হবে?

A. 193 km/h

B. 188 km/h

C. 192 km/h ✓

D. 197 km/h

Q26 Arithmetic

একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 12 cm এবং 9 cm হলে এর পরিসীমা হবে _____।

A. 21 cm

B. 10.5 cm

C. 42 cm ✓

D. 6 cm

Q27 Arithmetic

একজন বিক্রেতা একটি পণ্যের ক্রয়মূল্যের 22% ক্ষতিতে পণ্যটি বিক্রি করেন কিন্তু বিক্রির সময় 44% কম ওজন ব্যবহার করেন। তাঁর শতকরা লাভ বা ক্ষতি কত?

A. $39\frac{4}{7}\%$

B. $39\frac{2}{7}\%$ ✓

C. $39\frac{3}{7}\%$

D. $39\frac{5}{7}\%$

Q28 Arithmetic

$(73^{53}+83^{53})$ সংখ্যাটি _____ দ্বারা বিভাজ্য।

A. 150

B. 156 ✓

C. 152

D. 154

Q29 Arithmetic

একটি ঘরের দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে 25 m, 15 m এবং 30 m হলে, ঘরের চার দেওয়ালের ক্ষেত্রফল (m^2 এ) কত হবে?

A. 2400 ✓

B. 1200

C. 2000

D. 1600

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q30 Arithmetic

নিচের সমীকরণে x এর মান কত?

$$682.84 - 107.48 = \frac{x}{50} - 125.72$$

A. 7080.1

B. 35054 ✓

C. 70801

D. 3505.4

Q31 Arithmetic

₹20 এ $1\frac{1}{2}$ লিটার দরের 60 লিটার দুধে কত পরিমাণ জল যোগ করতে হবে যাতে ₹$10\frac{2}{3}$ প্রতি লিটার দরের একটি মিশ্রণ পাওয়া যায়?

A. 7 লিটার

B. 8 লিটার

C. 15 লিটার ✓

D. 9 লিটার

Q32 Arithmetic

একটি চোঙাকৃতি রডের বাহ্যিক বক্রতলের ক্ষেত্রফল 8800 cm^2। যদি রডের দৈর্ঘ্য 87 cm হয়, তবে রডের বাহ্যিক ব্যাসার্ধ (cm এ) কত হবে? উত্তর দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান হবে।

ধরে নিন, $\pi = \frac{22}{7}$

A. 16.09 ✓

B. 17.93

C. 18.84

D. 16.24

Q33 Arithmetic

নিচের রাশিটি সরল করুন।

$$\frac{0.0406 \times 5.84}{0.0146 \times 14.5 \times 1.4}$$

A. 0.8 ✓

B. 0.6

C. 0.4

D. 1.2

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q34 Arithmetic

$11 \times (5 \times (2^2)) \div 8 + 19 - 84$

A. $-\frac{291}{8}$

B. $-\frac{305}{8}$

C. $-\frac{308}{8}$

D. $-\frac{300}{8}$ ✓

Q35 Arithmetic ENGLISH

The value of

$\sqrt{324} + \sqrt{0.0169} - \sqrt{6.76} =$

A. 16.2

B. 15.53 ✓

C. 4.51

D. 10.87

General Intelligence and Reasoning

35 Questions • Answer Key

Q36 General Intelligence and Reasoning

নিম্নপ্রদত্ত ক্রমটির প্রশ্নচিহ্নের (?) স্থানে বসবে এমন বিকল্পটি চয়ন করুন।

59 63 72 88 113 ?

A. 143

B. 159

C. 146

D. 149 ✓

Q37 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি ও সিদ্ধান্তগুলি মন দিয়ে পড়ুন। ধরে নিন যে বিবৃতিগুলিতে দেওয়া তথ্য সত্য, এমনকি যদি এটি সাধারণভাবে জ্ঞাত তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয় তবুও, তারপর সিদ্ধান্ত নিন যে প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি যুক্তিসম্মতভাবে বিবৃতিগুলিকে অনুসরণ করে।

বিবৃতি:
কিছু ফুল হল শিলা ।
কিছু শিলা হল উদ্ভিদ।
কিছু উদ্ভিদ হল পাতা।

সিদ্ধান্ত:
(I) কোনও পাতা ফুল নয়।
(II) সব উদ্ভিদ হল ফুল।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।

B. সিদ্ধান্ত (I) ও (II) উভয়ই অনুসরণ করে।

C. সিদ্ধান্ত (I) বা (II) কোনওটিই অনুসরণ করে না। ✓

D. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q38 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

32 40 50 62 76 ?

- A. 92 ✓
- B. 85
- C. 106
- D. 98

Q39 General Intelligence and Reasoning

নিম্নলিখিত সংখ্যা ও চিহ্নের ক্রমটি পড়ুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। শুধুমাত্র বাম দিক থেকে ডান দিকে গণনা করতে হবে।

(বাম) $ $ 3 7 3 @ * 4 > 5 & < 9 # 4 / ^ ? / > + (ডান)

এরকম কতগুলি সংখ্যা আছে যার প্রতিটির ঠিক পূর্বে একটি চিহ্ন রয়েছে এবং ঠিক পরে একটি সংখ্যা রয়েছে ?

- A. তিন
- B. দুই
- C. এক ✓
- D. একটিও নয়

Q40 General Intelligence and Reasoning

যদি + মানে −, − মানে ×, × মানে ÷ ও ÷ মানে + হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) স্থানে কি বসবে?
125 ÷ 625 × 25 − 4 + 183 = ?

- A. 44
- B. 41
- C. 40
- D. 42 ✓

Q41 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রমের উপর ভিত্তি করে নিম্ন প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসাতে হবে?

ELJ HJM KHP NFS ?

- A. PEV
- B. QDV ✓
- C. REW
- D. PDV

Q42 General Intelligence and Reasoning

EHIJ ইংরেজি বর্ণানুক্রম অনুসারে, একটি নির্দিষ্ট উপায়ে BEFG এর সঙ্গে সম্পর্কিত। একই উপায়ে, MJFO সম্পর্কিত JGCL এর সঙ্গে। একই যুক্তি অনুসরণ করে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটির সঙ্গে TMQV সম্পর্কিত?

- A. MTQL
- B. QJNS ✓
- C. PIMR
- D. MTQV

Q43 General Intelligence and Reasoning

নিম্নলিখিত সংখ্যার ক্রমটি পড়ুন এবং প্রদত্ত প্রশ্নের উত্তর দিন। (সমস্ত সংখ্যা শুধুমাত্র এক অঙ্কের সংখ্যা)
(বাম) 1 8 7 2 2 4 9 5 3 2 3 3 8 4 7 2 5 6 7 4 9 (ডান)

এরকম কয়টি জোড় অঙ্ক আছে যার প্রতিটির ঠিক আগে একটি বিজোড় অঙ্ক রয়েছে এবং ঠিক পরে একটি পূর্ণবর্গ রয়েছে?

- A. দুই ✓
- B. এক
- C. তিন
- D. চার

Q44 General Intelligence and Reasoning

ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নিম্নপ্রদত্ত ক্রমটিতে প্রশ্নচিহ্নের (?) স্থানে কি বসবে?

HEW LCA PAE TYI ?

- A. YXM
- B. YVN
- C. XWM ✓
- D. WWL

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q45 General Intelligence and Reasoning

Mr. Po, A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্ব দিকে 3 km ড্রাইভ করে। তারপরে সে বাম দিকে বাঁক নেয়, 15 km ড্রাইভ করে, বাম দিকে বাঁক নেয় এবং 9 km ড্রাইভ করে। তারপরে সে আবার বাম দিকে বাঁক নেয় এবং 19 km ড্রাইভ করে। সে শেষবারের মতো বামদিকে একটি বাঁক নেয়, 6 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে।আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে?
(সমস্ত বাঁক 90° বাঁক ধরতে হবে, নির্দিষ্ট করে বলা থাকলে।)

A. পশ্চিমে 6 km
B. দক্ষিণে 6 km
C. উত্তরে 4 km ✓
D. পূর্বে 4 km

Q46 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, ‘find the key’ কে ‘ak jo bk’ হিসাবে সংকেতভুক্ত করা হয় এবং ‘the train left’ কে ‘tu mt jo’ হিসাবে সংকেতভুক্ত করা হয়। প্রদত্ত ভাষায় ‘the' এর সংকেত কী?

A. jo ✓
B. ak
C. tu
D. mt

Q47 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A + B এর অর্থ 'A হয় B এর মা',
A - B এর অর্থ 'A হয় B এর ভাই',
A × B এর অর্থ 'A হয় B এর স্ত্রী',
এবং A ÷ B এর অর্থ 'A হয় B এর বাবা'।

যদি ‘X × Y ÷ Z × U ÷ W − V’ হয়, তাহলে Z কীভাবে V এর সঙ্গে সম্পর্কিত?

A. বাবার মা
B. মায়ের মা
C. মা ✓
D. স্বামীর মা

Q48 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'always he troubles' কে 'mo tu bk' হিসাবে লেখা হয় এবং'he came today'কে 'bk mj tk' হিসাবে লেখা হয়। প্রদত্ত ভাষায় 'he' এর সংকেত কী?

A. mj
B. mo
C. tu
D. bk ✓

Q49 General Intelligence and Reasoning

একই ভবনের ছয়টি ভিন্ন তলায় V, E, R, I, F ও Y বাস করে। ভবনের সর্বনিম্ন তলাটি হল 1 নম্বর, তার উপরের তলাটি হল 2 নম্বর এবং এইক্রমে উপরের তলাটি হল 6 নম্বর। V ও Y এর মাঝে মাত্র দুজন লোক থাকে। E ও I এর মাঝে মাত্র দুজন লোক থাকে। F ও I এর মাঝে মাত্র একজন লোক থাকে। F থাকে 1 নম্বর তলায়। আবার I এর উপরে V থাকে। R ও E এর মাঝে কতজন লোক বাস করে?

A. এক ✓
B. তিন
C. চার
D. দুই

Q50 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A @ B এর অর্থ ‘A হল B এর পুত্র’,

A # B এর অর্থ ‘A হল B এর বাবা’,

A + B এর অর্থ ‘A হল B এর স্ত্রী’,

A * B এর অর্থ ‘A হল B এর ভাই’।

উপরের উপর ভিত্তি করে, ‘S + T @ O # C * K’ হলে S কীভাবে K এর সঙ্গে সম্পর্কিত?

A. ভাইয়ের স্ত্রী ✓
B. ভাইয়ের ভাই
C. ভাইয়ের বোন
D. ভাইয়ের মা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q51 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, '8019' কে সংকেতভুক্ত করা হয়েছে 'PUQZ' হিসেবে এবং '1904' কে সংকেতভুক্ত করা হয়েছে 'QUDZ' হিসেবে। প্রদত্ত সাংকেতিক ভাষায় '4' এর সংকেত কি?

A. U
B. Q
C. Z
D. D ✓

Q52 General Intelligence and Reasoning

নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত বিকল্প সেটটি নির্বাচন করুন।
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে না ভেঙে, ক্রিয়াকলাপগুলি পুরো সংখ্যার উপর প্রয়োগ করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে- 13 তে ক্রিয়াকলাপ যেমন যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি 13 তে করা যেতে পারে। কিন্তু 13-কে 1 ও 3 তে ভেঙ্গে, তারপর 1 ও 3 এর উপর কোনপ্রকার গাণিতিক ক্রিয়াকলাপ প্রয়োগ করা যাবে না।)

(4, 3, 24)
(7, 3, 42)

A. (7, 5, 60)
B. (2, 6, 18)
C. (6, 4, 48) ✓
D. (3, 9, 51)

Q53 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন।
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তার অবস্থান ভিত্তিক নয়।)

A. JLM ✓
B. SUW
C. PRT
D. EGI

Q54 General Intelligence and Reasoning

যোগী A বিন্দু থেকে শুরু করে উত্তরদিকে 12 km ড্রাইভ করেন। তারপর তিনি বামদিকে বাঁক নেন এবং 15 km ড্রাইভ করেন, আবার বামদিকে বাঁক নিয়ে 13 km ড্রাইভ করেন। এরপর তিনি বামদিকে বাঁক নিয়ে 16 km ড্রাইভ করেন। তিনি শেষ একটি বামদিকে বাঁক নেন এবং 1 km ড্রাইভ করে P বিন্দুতে থামেন। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য, তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে?
(সমস্ত বাঁক শুধুমাত্র 90° বাঁক হবে, যদি না নির্দিষ্ট করা হয়।)

A. 1 km পশ্চিমদিকে ✓
B. 2 km পশ্চিমদিকে
C. 3. 7 km পশ্চিমদিকে
D. 4 km পূর্বদিকে

Q55 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন।
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তাদের অবস্থান ভিত্তিক নয়।)

A. EBH ✓
B. KHM
C. HEJ
D. NKP

Q56 General Intelligence and Reasoning

এই প্রশ্নটি নিচে দেওয়া পাঁচটি, তিন অঙ্কের সংখ্যা উপর ভিত্তি করে করা হয়েছে।

(বাম) 768 712 783 825 874 (ডান)

(উদাহরণ: 697 – প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 ও তৃতীয় অঙ্ক = 7)

(দ্রষ্টব্য: সমস্ত ক্রিয়াকলাপ বাম দিক থেকে ডান দিকে করতে হবে।)

বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্ককে ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্কের সঙ্গে গুণ করলে গুণফল কত হবে?

A. 14 ✓
B. 10
C. 16
D. 12

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q57 General Intelligence and Reasoning

A, B, C, D, E, F এবং G কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। D বসেছে A এর ডানদিকে চতুর্থ অবস্থানে । E বসেছে D এর ঠিক বামদিকে। B আবার A এর ঠিক পাশে বসেছে । F বসেছে E এবং G উভয়েরই ঠিক পাশে। C এর ডানদিক থেকে গণনা করলে B এবং C এর মাঝখানে কতজন লোক বসে?

A. 1
B. 3
C. 0 ✓
D. 2

Q58 General Intelligence and Reasoning

চোগিয়াল তার ক্লাসে প্রথম থেকে 19 তম স্থান এবং শেষ থেকে 63 তম স্থানে রয়েছে। তার ক্লাসে কতজন শিক্ষার্থী আছে?

A. 82
B. 79
C. 80
D. 81 ✓

Q59 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। যদি বিবৃতিতে প্রদত্ত তথ্য, সাধারণভাবে জানা তথ্যের থেকে ভিন্ন বলে মনে হয়, তাহলেও সেগুলিকে সত্য বলেই মেনে নিন। প্রদত্ত সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি/কোনগুলি বিবৃতি(গুলি)-কে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করুন।

বিবৃতি:
সব সিংহ হল বাঘ।
কিছু সিংহ হল বিড়াল।

সিদ্ধান্ত:
(I): সব বিড়াল হল সিংহ।
(II): কিছু বাঘ হল বিড়াল।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে। ✓
B. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটিই অনুসরণ করে না।
C. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।
D. উভয় সিদ্ধান্ত (I) এবং (II) অনুসরণ করে।

Q60 General Intelligence and Reasoning

নিচের ত্রয়ীগুলিতে, প্রতিটি বর্ণগোষ্ঠী একটি নির্দিষ্ট যুক্তি অনুসরণ করে পরবর্তী বর্ণগোষ্ঠীর সঙ্গে সম্পর্কিত। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি ওই একই যুক্তি অনুসরণ করে সেটি চয়ন করুন।

YALE - ALEY - LEYA
SOAP - OAPS - APSO

A. RACE - ACER - CERA ✓
B. FEAR - EARF - AREF
C. GEAR - GERA - ARGE
D. MEAN - EAMN - AMNE

Q61 General Intelligence and Reasoning

D, A, W, N, O, R এবং E একটি বৃত্তাকার টেবিলের চারপাশে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। N বসেছে D এর ঠিক ডান পাশে এবং E এর ঠিক বাম পাশে। D এবং R এর মাঝে শুধুমাত্র একজন বসেছে। O বসেছে E এর ডানদিকে দ্বিতীয় স্থানে। R এবং A এর মাঝে শুধুমাত্র একজন বসেছে। W এর ঠিক বাম পাশে কে বসেছে?

A. N
B. A
C. R ✓
D. D

Q62 General Intelligence and Reasoning

নিচে প্রদত্ত জোড় দুটি দ্বারা অনুসৃত প্যাটার্নকে(ধরণ) অনুসরণ করে এমন জোড় চয়ন করুন। উভয় জোড় একই প্যাটার্ন অনুসরণ করে।

ETY - FUZ
CVB - DWC

A. MNZ - NOC
B. POE - QPG
C. ALO - BMQ
D. ESD - FTE ✓

Q63 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) স্থানে কোন সংখ্যাটি বসবে?

120 106 94 84 76 ?

A. 70 ✓
B. 66
C. 60
D. 64

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q64 General Intelligence and Reasoning

নিম্নলিখিত তথ্যগুলি মনোযোগ সহকারে পড়ুন এবং পরবর্তী প্রশ্নের উত্তর দিন। ধরে নিন যে বিবৃতিগুলিতে দেওয়া তথ্য সত্য, এমনকি যদি তা সাধারণভাবে জ্ঞাত তথ্যের সাথে ভিন্ন বলে মনে হয়, তাহলে সিদ্ধান্ত নিন যে দেওয়া সিদ্ধান্তগুলির মধ্যে কোনটি যুক্তিসঙ্গতভাবে বিবৃতিগুলিকে অনুসরণ করে।

বিবৃতি:
সব ঘড়ি হল বাল্ব।
সব আঙ্গুল হল বাল্ব।

সিদ্ধান্ত:
(I) : কোনও ঘড়ি আঙুল নয়।
(II): কিছু বাল্ব হল ঘড়ি।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে। ✓
B. সিদ্ধান্ত (I) ও (II) উভয় অনুসরণ করে।
C. সিদ্ধান্ত (I) বা (II) কোনওটিও অনুসরণ করে না।
D. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।

Q65 General Intelligence and Reasoning

নিচের কোন বর্ণ ও সংখ্যার গুচ্ছটি প্রদত্ত ক্রমটিকে যৌক্তিকভাবে সম্পূর্ণ করার জন্য প্রশ্ন চিহ্নটিকে (?) প্রতিস্থাপন করবে?

RG 8, NC 12.5, JY 17, FU 21.5, ?

A. BQ 26 ✓
B. BQ 24
C. AQ 24
D. AQ 26

Q66 General Intelligence and Reasoning

যদি 'A' এর অর্থ '÷', 'B' এর অর্থ '×', 'C' এর অর্থ '+' এবং 'D' এর অর্থ '–' হয়, তবে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নের (?) জায়গায় কী বসবে?
50 D 100 C 17 B 300 A 100 = ?

A. 3
B. 2
C. 4
D. 1 ✓

Q67 General Intelligence and Reasoning

নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?)-এর জায়গায় কী বসবে, যদি '+' ও '–' পরস্পর পরিবর্তিত হয় এবং '×' ও '÷' পরস্পর পরিবর্তিত হয়?

15 ÷ 3 – 20 × 2 + 3 = ?

A. 50
B. 46
C. 52 ✓
D. 58

Q68 General Intelligence and Reasoning

A, B, C, D, J, K এবং L একটি বৃত্তাকার টেবিলের চারপাশে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। D বসেছে J এর বামদিকে তৃতীয় স্থানে। A বসেছে K এর বামদিকে দ্বিতীয় স্থানে। C এবং A এর মাঝে শুধুমাত্র J বসেছে। D এর ঠিক পাশে L বসেনি। B এর ডানদিক থেকে গণনা করলে B এবং A এর মাঝে কতজন বসেছে?

A. তিন ✓
B. চার
C. এক
D. দুই

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in

Q69 General Intelligence and Reasoning




A.  ✓

B. 

C. 

D. 

Q70 General Intelligence and Reasoning



A. ƧɾdmƆvЬU

B. ƧɾdɯƆvЬՈ

C. h5mƆvЬU

D. ƧɾdmƆvЬU ✓

Blackbook

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q71 General Awareness

নিচের কোনটি মৌর্য আমলে শুধুমাত্র নগদে প্রদত্ত করকে বোঝায়?

A. হিরণ্য ✓
B. কর
C. বালি
D. ভাগ

Q72 General Awareness

অষ্টাদশ শতাব্দীর তিন সুরকার-সঙ্গীতজ্ঞ শ্যামা শাস্ত্রী, ত্যাগরাজ এবং মুথুস্বামী দীক্ষিতরকে ভারতের _____ শাস্ত্রীয় সঙ্গীতের ত্রয়ী হিসাবে বিবেচনা করা হয়।

A. হিন্দুস্তানি
B. কর্ণাটকী ✓
C. টপ্পা
D. ঠুমরি

Q73 General Awareness

নির্দেশক নীতিগুলি মূলত নিম্নলিখিত কোন মতাদর্শের উপর ভিত্তি করে তৈরি?

A. জাতীয় নিরাপত্তা
B. সামাজিক কল্যাণ ✓
C. রাজ্যের উন্নয়ন
D. ব্যক্তিগত অধিকার

Q74 General Awareness

হিমালয় পর্বতমালাকে ভূতাত্ত্বিকভাবে _____ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে।

A. ভঙ্গিল পর্বত ✓
B. আগ্নেয় পর্বত
C. রেসিডুয়াল পর্বত
D. ব্লক পর্বত

Q75 General Awareness

2024 সালের অক্টোবরে গুজরাটের গান্ধীনগরে আরবান মোবিলিটি ইন্ডিয়া কনফারেন্স এবং এক্সপো 2024 এর কোন সংস্করণটি সিএম ভূপেন্দ্র প্যাটেল উদ্বোধন করেছিলেন?

A. 1. 13 তম
B. 2. 17 তম ✓
C. 3. 11 তম
D. 4. 19 তম

Q76 General Awareness

ভারতীয় সংবিধানের 37 অনুচ্ছেদ অনুসারে, রাজ্যের কর্মপদ্ধতির নির্দেশক নীতিসমূহে অন্তর্ভুক্ত বিধানগুলি হল _____।

A. নাগরিকদের জন্য বাধ্যতামূলক
B. যে কোনও আদালত দ্বারা প্রয়োগযোগ্য
C. শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের জন্য প্রযোজ্য
D. কোনও আদালত দ্বারা প্রয়োগযোগ্য নয় ✓

Q77 General Awareness

গ্র্যামি পুরস্কার বিজয়ী ও কর্ণাটিক সঙ্গীতশিল্পী থেটাকুড়ি হরিহর বিনায়করাম, যাকে স্নেহের সাথে ভিক্কু বলে ডাকা হয়, তিনি নিচের কোন বাদ্যযন্ত্রে দক্ষতার জন্য পরিচিত?

A. ঘটম ✓
B. ভায়োলিন
C. বীণা
D. সেতার

Q78 General Awareness

ভারতে সবুজ বিপ্লবের সময় প্রধানত কোন ফসলকে লক্ষ্য করা হয়েছিল?

A. গম ✓
B. তুলা
C. মশলা
D. আখ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q79 General Awareness

2024 সালের আগস্টে কোন রাজ্য শিক্ষার্থীদের মধ্যে উদ্ভাবনী শিল্পোদ্যোগমূলক ধারণাগুলি লালন করতে এবং তাদের উদ্যোগকে সমর্থন করবার লক্ষ্যে 'ড্রিমভেস্টার' (Dreamvestor) প্রকল্প চালু করেছে?

A. ওড়িশা
B. কর্ণাটক
C. তামিলনাড়ু
D. কেরালা ✓

Q80 General Awareness

2024 সালে, আইআইটি কানপুর (IIT-K) উত্তরপ্রদেশের কোন স্বাস্থ্যসেবা উদ্যোগে কাজ করবার জন্য ICICI ফাউন্ডেশন ফর ইনক্লুসিভ গ্রোথের সঙ্গে অংশীদারিত্ব করেছে?

A. উত্তরপ্রদেশ মেডিকেল রিসার্চ হাব
B. উত্তরপ্রদেশ ডিজিটাল হেলথ স্ট্যাক ✓
C. ইউপি হেলথ ডেটা ইন্টিগ্রেশন প্রজেক্ট
D. ইউপি হেলথ মনিটরিং সিস্টেম

Q81 General Awareness

1857 সালের বিদ্রোহে গোরক্ষপুরের নেতৃত্ব কে দিয়েছিলেন?

A. মহম্মদ হাসান ✓
B. ফিরোজ শাহ
C. জয়দয়াল সিং
D. হরদয়াল সিং

Q82 General Awareness

2024 সালের আগস্টে স্থিতিশীল কৃষি-খাদ্য ব্যবস্থার প্রচারের লক্ষ্যে কৃষি অর্থনীতিবিদদের 32 তম আন্তর্জাতিক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?

A. নিউইয়র্ক
B. প্যারিস
C. ঢাকা
D. নতুন দিল্লি ✓

Q83 General Awareness

প্রতি বছর, মানব উন্নয়ন সূচক _____ প্রকাশ করে।

A. বিশ্ব স্বাস্থ্য সংস্থা
B. আন্তর্জাতিক মুদ্রা তহবিল
C. UNICEF
D. জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি ✓

Q84 General Awareness

অনুচ্ছেদ 356, ভারতীয় সংবিধানের কোন বিধানের সঙ্গে সম্পর্কিত?

A. জাতীয় জরুরি অবস্থা
B. সরকারী ভাষা
C. অস্থায়ী বিধান
D. রাষ্ট্রপতির শাসন ✓

Q85 General Awareness

ভারতের পশ্চিম উপকূলীয় সমভূমি _____ পর্যন্ত প্রসারিত হয়েছে।

A. ওড়িশা থেকে অন্ধ্রপ্রদেশ
B. রাজস্থান থেকে কেরালা
C. পশ্চিমবঙ্গ থেকে তামিলনাড়ু
D. গুজরাট থেকে কন্যাকুমারী ✓

Q86 General Awareness

নেহরু জোর দিয়ে বলেন যে, সংসদ সভা তার শক্তি মূলত _____ থেকে অর্জন করেছে।

A. ব্রিটিশ আইন ও প্রশাসন
B. ভারতীয় জনগণের ইচ্ছা ✓
C. ঔপনিবেশিক সাংবিধানিক সংস্কার
D. পাশ্চাত্য বিপ্লবের ধারণা

Q87 General Awareness

2024 সালের এপ্রিলে প্রকাশিত 'হেভেনলি আইল্যান্ডস অফ গোয়া(Heavenly Islands of Goa)' বইটি গোয়ার কোন রাজ্যপালের রচিত?

A. সত্য পাল মালিক
B. মৃদুলা সিনহা
C. পি এস শ্রীধরণ ✓
D. ভগৎ সিং কোশয়ারি

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q88 General Awareness

'কুইন্টাল' একক দ্বারা কোন রাশি পরিমাপ করা হয়?

A. দৈর্ঘ্য

B. তাপমাত্রা

C. আয়তন

D. ওজন ✓

Q89 General Awareness

1991 সালের সংস্কারের পরে কৃষিতে, ন্যূনতম সহায়ক মূল্য কী ভূমিকা পালন করেছিল?

A. এটি আন্তর্জাতিক মূল্য নীতির মাধ্যমে প্রতিস্থাপিত হয়েছিল।

B. এটি দামের ওঠানামা থেকে কৃষকদের রক্ষা করতে থাকে। ✓

C. এটি শুধুমাত্র শিল্পমুখী ফসলের জন্য দেওয়া হয়েছিল।

D. এটি সম্পূর্ণরূপে বিলুপ্ত করা হয়েছিল।

Q90 General Awareness

1999 সালের সংসদীয় নির্বাচনে, _____ এর একটি জোটবদ্ধ পার্টির সরকার গঠিত হয়েছিল, যেখানে BJP জোটের সবচেয়ে বড় সদস্য ছিল।

A. ইউনাইটেড প্রোগ্রেসিভ অ্যালায়েন্স

B. বিজু জনতা দল অ্যালায়েন্স

C. পিপলস ডেমোক্রেটিক পার্টি অ্যালায়েন্স

D. ন্যাশনাল ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স ✓

Q91 General Awareness

নিচের কোনটি 1976 সালের আগে সংবিধানে উল্লিখিত ছিল না?

A. প্রস্তাবনা

B. মৌলিক কর্তব্য ✓

C. মৌলিক অধিকার

D. রাজ্যের কর্মপদ্ধতির নির্দেশক নীতিসমূহ

Q92 General Awareness

1857 সালের প্রথম স্বাধীনতা যুদ্ধের অন্যতম যোদ্ধা রানী লক্ষ্মীবাঈ কোন স্থানে জন্মগ্রহণ করেন?

A. দিল্লি

B. বারাণসী ✓

C. এলাহাবাদ

D. ঝাঁসি

Q93 General Awareness

2024 সালের 10 সেপ্টেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদের (UNGA 79) 79তম অধিবেশন কোথায় শুরু হয়েছিল?

A. সান দিয়েগো

B. শিকাগো

C. লস এঞ্জেলেস

D. নিউইয়র্ক ✓

Q94 General Awareness

2024 সালের18 অক্টোবর, CII স্পোর্টস বিজনেস অ্যাওয়ার্ডে কোন স্পোর্টস লীগকে 'বর্ষের সেরা স্পোর্টস লিগ' পুরস্কার দেওয়া হয়?

A. হকি ইন্ডিয়া লিগ

B. প্রো কাবাডি লিগ ✓

C. ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ

D. প্রিমিয়ার ব্যাডমিন্টন লিগ

Q95 General Awareness

2024 সালের অক্টোবরে কোন ব্যাঙ্ক বিস্তৃত বিদেশী বিনিময় পরিষেবা প্রদানের জন্য RBI থেকে অনুমোদন এবং অথরাইজড ডিলার ক্যাটাগরি 1 লাইসেন্স পেয়েছে?

A. সূর্যোদয় স্মল ফাইন্যান্স ব্যাঙ্ক

B. Au স্মল ফাইন্যান্স ব্যাঙ্ক

C. জনা স্মল ফাইন্যান্স ব্যাঙ্ক

D. উজ্জীবন স্মল ফাইন্যান্স ব্যাঙ্ক ✓

Q96 General Awareness

নিম্নলিখিত জেট প্রবাহগুলির মধ্যে কোনটি শীতের মাসগুলিতে ভারতের উত্তরাঞ্চলে পশ্চিমা ঝঞ্ঝা নিয়ে আসে?

A. পোলার-নাইট জেটপ্রবাহ

B. পশ্চিমা জেটপ্রবাহ ✓

C. পুবালি জেটপ্রবাহ

D. আফ্রিকার পুবালি জেট

Q97 General Awareness

জাতীয় গ্রামীণ জীবনযাত্রার মিশন ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক দ্বারা _____ সালে চালু করা হয়েছিল।

A. 2011 ✓

B. 2009

C. 2016

D. 2014

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q98 General Awareness

কর্তন ও দহন কৃষি এবং এর সংশ্লিষ্ট রাজ্যের নিম্নলিখিত কোন জোড়াটি সঠিকভাবে মিলছে?

A. কুমারী - আসাম

B. পেন্ডা - অন্ধ্রপ্রদেশ ✓

C. বরিংগা - তামিলনাড়ু

D. পামলু - রাজস্থান

Q99 General Awareness

আক্সিস ব্যাঙ্কের পরিচালন মুনাফা (operating profit) বার্ষিক (YoY) ভিত্তিতে Q2 FY25 তে কত শতাংশ বেড়েছে?

A. 22%

B. 24%

C. 26%

D. 18% ✓

Q100 General Awareness

কোন প্রধানমন্ত্রীর 'অভ্যন্তরীণ মন্ত্রিসভা(Inner Cabinet)' তাদের যুগে বিশেষভাবে শক্তিশালী হয়ে ওঠে?

A. অটল বিহারী বাজপেয়ী

B. ইন্দিরা গান্ধী ✓

C. জওহরলাল নেহেরু

D. নরেন্দ্র মোদি

Q101 General Awareness

1952 সালে ভারতীয় সঙ্গীতজ্ঞ পন্ডিত বিশ্বমোহন ভট্ট নিম্নলিখিত কোন স্থানে জন্মগ্রহণ করেছিলেন?

A. যোধপুর

B. জয়পুর ✓

C. ভোপাল

D. অমৃতসর

Q102 General Awareness

কে আকবরের রাজস্ব মন্ত্রী ছিলেন?

A. বীরবল

B. রাজা টোডরমল ✓

C. আবুল ফজল

D. রাজা মান সিং

Q103 General Awareness

নিচের কোন আইনটি বিধান পরিষদে ভারতীয়দের প্রতিনিধিত্ব চালু করেছিল?

A. 1813 সালের সনদ আইন

B. 1861 সালের ভারতীয় পরিষদ আইন ✓

C. 1892 সালের ভারতীয় পরিষদ আইন

D. 1853 সালের সনদ আইন

Q104 General Awareness

অ্যাক্সিস ব্যাংক এবং _____ 2024 সালের সেপ্টেম্বরে একটি প্রিমিয়াম ব্যবসায়িক ক্রেডিট কার্ড, মাইবিজ (MyBiz) চালু করার জন্য একত্রে কাজ করেছে।

A. পেপাল

B. মাস্টারকার্ড ✓

C. আমেরিকান এক্সপ্রেস

D. ভিসা

Q105 General Awareness

টার্টারিক অ্যাসিড প্রাকৃতিকভাবে রান্নাঘরের কোন উপাদানে থাকে?

A. বেকিং সোডা

B. লেবুর রস

C. ভিনিগার

D. তেঁতুল ✓

Q106 General Awareness

2024 সালের 30শে সেপ্টেম্বর NM-ICPS-এর অধীনে কোন IIT ভারতীয় ভাষায় জেনারেটিভ AI উপলব্ধ করার জন্য ভারতের 'ভারতজেন(BharatGen)' উদ্যোগ চালু করতে সহায়তা করেছিল?

A. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT) বোম্বে ✓

B. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT) ভুবনেশ্বর

C. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT) মাদ্রাজ

D. ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ টেকনোলজি (IIT) খড়গপুর

Q107 General Awareness

নিচের কোন পদার্থগুলো একটি সমসত্ত্ব মিশ্রণ তৈরি করবে?

A. মাটি ও জল

B. বেঞ্জিন ও জল

C. বালি ও খাদ্য লবণ

D. কার্বন ডাইঅক্সাইড ও জল ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q108 General Awareness

পারিবারিক আদালত আইন, 1984 এর অধীনে, কোনো শহর বা মফস্বলের জনসংখ্যা কত হলে, রাজ্য সরকারের জন্য, শহরে বা মফস্বলে একটি পারিবারিক আদালত স্থাপন করা বাধ্যতামূলক?

A. 5,00,000
B. 1 মিলিয়ন ✓
C. 3 মিলিয়ন
D. 2 মিলিয়ন

Q109 General Awareness

ভারত সরকারের ভারতমালা পরিযোজনা প্রকল্পে প্রায় _____ km দৈর্ঘ্যের অর্থনৈতিক করিডর উন্নয়নের কথা ভাবা হয়েছে।

A. 14,000
B. 26,000 ✓
C. 36,000
D. 18,000

Q110 General Awareness

কোন থিমের অধীনে 8 সেপ্টেম্বর 2024 তারিখে UNESCO আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করে?

A. সাক্ষরতা এবং বহুভাষাবাদ
B. সাক্ষরতা শিক্ষার স্থান রুপান্তর
C. বহুভাষিক শিক্ষার প্রচার: পারস্পরিক বোঝাপড়া এবং শান্তির জন্য সাক্ষরতা ✓
D. মানব-কেন্দ্রিক আরোগ্যের জন্য সাক্ষরতা: ডিজিটাল বিভাজন সংকীর্ণ করা

Q111 General Awareness

স্নেলের সূত্রটি আলোর কোন ঘটনার সঙ্গে যুক্ত?

A. বিচ্ছুরণ
B. প্রতিফলন
C. অপবর্তন
D. প্রতিসরণ ✓

Q112 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে, ভারত একটি ইন্টারমিডিয়েট রেঞ্জ ব্যালিস্টিক মিসাইল অগ্নি-4 সফলভাবে উৎক্ষেপণ করেছিল, এটি উড়িষ্যার কোন স্থান ছিল?

A. কটক
B. ভুবনেশ্বর
C. পুরী
D. চাঁদিপুর ✓

Q113 General Awareness

মিজো সামাজিক ও ধর্মীয় জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ হল 'খুয়াং'। এটি মিজোরামের কোন ধরনের দেশীয় যন্ত্র ?

A. ড্রাম ✓
B. ঘণ্টা
C. গিটার
D. বাঁশি

Q114 General Awareness

স্থির আয়তনে গ্যাসের চাপ দ্বিগুণ বৃদ্ধি পেলে, গ্যাসের সম্পাদিত কার্য _____হবে।

A. চার গুণ
B. শূন্য ✓
C. দ্বিগুণ
D. তিন গুণ

Q115 General Awareness

2024 সালের Q3 তে ICICI ব্যাঙ্কের সামগ্রিক লাভ 24% বৃদ্ধি পেয়েছে, যা অনুমানকে (estimates) ছাড়িয়ে গেছে। এই সময়কালে নিট ইন্টারেস্ট মার্জিন (NIM) কত ছিল?

A. 4.73%
B. 4.23%
C. 4.43% ✓
D. 4.63%

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q116 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে নিয়ন্ত্রক অমান্যের জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক (RBI) কোন দুটি ব্যাঙ্ককে জরিমানা করেছে?

- A. HDFC এবং অ্যাক্সিস ব্যাঙ্ক ✓
- B. SBI এবং পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
- C. ICICI এবং ব্যাঙ্ক অফ বরোদা
- D. ইন্ডাসইন্ড এবং কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক

Q117 General Awareness

একজন সমাজকর্মী ও সংস্কারক রমাবাঈ রানাডে 1909 সালে পুনেতে _____ শুরু করার জন্য স্মরণীয় হয়ে আছেন।

- A. মহিলাদের কল্যাণের জন্য সেবা সদন ✓
- B. বিধবা কল্যাণ সমিতি
- C. ভারতীয় শিশু কল্যাণ পরিষদ
- D. অভিনন্দন শিক্ষা ও কল্যাণ সমিতি

Q118 General Awareness

2011 সালের জনগণনা অনুযায়ী, ভারতে পুরুষদের সাক্ষরতার হার কত?

- A. 75.14%
- B. 78.14%
- C. 82.14% ✓
- D. 84.14%

Q119 General Awareness

সবুজ বিপ্লবের নেতিবাচক প্রভাবগুলির মধ্যে একটি কী ছিল?

- A. জৈবিক চাষ বৃদ্ধি
- B. অতিরিক্ত সার ব্যবহারের কারণে মাটির অবক্ষয় ✓
- C. মুখ্য ফসলের ফলন কমে যায়
- D. চিরাচরিত বীজের উপর নির্ভরতা বৃদ্ধি

Q120 General Awareness

ভারতের মূল ভূখণ্ডের দক্ষিণতম বিন্দুটিকে বর্তমানে কী বলা হয়?

- A. কন্যাকুমারী
- B. নিকোবর দ্বীপপুঞ্জ
- C. কেপ কমোরিন ✓
- D. ইন্দিরা পয়েন্ট

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

একটি শহরের জনসংখ্যা 10,000 জন এবং জনসংখ্যা বার্ষিক 10% হারে বৃদ্ধি পায়। তাহলে, 3 বছর পর জনসংখ্যা কত হবে?

A. 3,310
B. 1,331
C. 13,000
D. 13,310 ✓

Q2 Arithmetic

12 m দৈর্ঘ্য এবং 7 m উচ্চতা বিশিষ্ট একটি আয়তঘনের পরিসীমা 96 m হলে, আয়তঘনটির আয়তন কত?

A. 1. 440 m^3
B. 2. 430 m^3
C. 3. 415 m^3
D. 4. 420 m^3 ✓

Q3 Arithmetic

একটি খালি স্টোরেজ ট্যাঙ্কে 58 লিটার পেট্রোল ঢেলে দেওয়ার পরেও এটি 10% খালি ছিল। স্টোরেজ ট্যাঙ্কটি ভর্তি করার জন্য এটিতে কত পরিমাণ পেট্রোল (লিটারে, দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান) ঢালতে হবে?

A. 65.44
B. 59
C. 63.44
D. 64.44 ✓

Q4 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল হল 655, প্রথম দুটি সংখ্যার গড় 75 এবং তৃতীয় সংখ্যাটি 121 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

A. 196
B. 192 ✓
C. 193
D. 197

Q5 Arithmetic

24 cm ব্যাস বিশিষ্ট একটি গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল কত?

A. 1. 839π cm^2
B. 2. 1161π cm^2
C. 3. 841π cm^2
D. 4. 576π cm^2 ✓

Q6 Arithmetic

84, 126 ও 210 এর লসাগু কত?

A. 210
B. 420
C. 1260 ✓
D. 630

Q7 Arithmetic

একজন ব্যক্তি 11 ঘন্টায় একটি যাত্রা সম্পূর্ণ করতে পারেন। তিনি যাত্রার প্রথম এক-তৃতীয়াংশ দূরত্ব 36 km/h বেগে এবং অবশিষ্ট দূরত্ব 60 km/h বেগে অতিক্রম করেন। তার যাত্রার মোট দূরত্ব কত?

A. 535 km
B. 539 km
C. 534 km
D. 540 km ✓

Q8 Arithmetic

একটি পাইপ 9 ঘন্টায় একটি ট্যাঙ্ক পূর্ণ করতে পারে। আরেকটি পাইপ 36 ঘন্টায় সেই একই ভর্তি ট্যাঙ্ক খালি করতে পারে। যদি উভয় পাইপ একই সঙ্গে খোলা হয়, তাহলে ট্যাঙ্কটির দুই-তৃতীয়াংশ _____ ঘন্টায় পূর্ণ হবে।

A. 32
B. 16
C. 8 ✓
D. 24

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Arithmetic

একটি উবার অটো 59 ঘন্টায় 649 km দূরত্ব অতিক্রম করে। km/h এককে অটোর গতিবেগ নির্ণয় করুন।

A. 16
B. 11 ✓
C. 12
D. 20

Q10 Arithmetic

মান নির্ণয় করুন: 41 - [21 - {11 - (15 - 5 ÷ 2 × 2)}]

A. 18
B. 21 ✓
C. 16
D. 23

Q11 Arithmetic

একজন খুচরা বিক্রেতা একটি ইলেকট্রনিক দ্রব্য ₹175 এ কিনে ওভারহেড খরচ বাবদ ₹15 ব্যয় করেন। তিনি ₹380 তে ইলেকট্রনিক দ্রব্যটি বিক্রি করে x% লাভ করলে x এর মান হল _____।

A. 100 ✓
B. 90
C. 120
D. 80

Q12 Arithmetic

999 দ্বারা সম্পূর্ণরূপে বিভাজ্য 5-অঙ্কের বৃহত্তম সংখ্যাটি কত?

A. 99,909
B. 99,990
C. 99,090
D. 99,900 ✓

Q13 Arithmetic

একটি পরিবারের 10 জন সদস্যের গড় বয়স 34 বছর। যদি সর্বকনিষ্ঠ সদস্যের বয়স 7 বছর হয়, তবে সর্বকনিষ্ঠ সদস্যের জন্মের ঠিক আগে পরিবারের সদস্যদের গড় বয়স (বছরে) কত ছিল?

A. 32
B. 30 ✓
C. 31
D. 28

Q14 Arithmetic

একটি সংখ্যাকে 40% বৃদ্ধি করলে তার মান 3570 হয়। সংখ্যাটি হল_____।

A. 1275
B. 7650
C. 2550 ✓
D. 5100

Q15 Arithmetic

4 , 31 , 92 , এবং y সমানুপাত হলে, y এর মান নির্ণয় করুন।

A. 713 ✓
B. 715
C. 718
D. 722

Q16 Arithmetic

একজন ব্যবসায়ী ₹2,000 তে একটি গ্যাজেট ক্রয় করে এবং 25% লাভে বিক্রি করে। তারপর সে ₹2,400 তে দ্বিতীয় গ্যাজেট ক্রয় করে এবং 10% লোকসানে বিক্রি করে। উভয় লেনদেন থেকে তার সামগ্রিক লাভ বা ক্ষতি (₹তে) কত?

A. লাভ, 260 ✓
B. লাভ, 180
C. ক্ষতি, 200
D. ক্ষতি, 260

Q17 Arithmetic

প্রথম 134টি জোড় সংখ্যার গড় কত?

A. 135.5
B. 135 ✓
C. 134.5
D. 136

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q18 Arithmetic

A ও B এর মধ্যে দূরত্ব 1409 Km, বিশাল 71 km/h গতিবেগে A থেকে B তে যায় এবং 39 km/h গতিবেগে A তে ফিরে যায়। বিশালের গড় গতিবেগ নির্ণয় করুন। (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে)

A. 44.05 km/h

B. 50.73 km/h

C. 50.35 km/h ✓

D. 40.32 km/h

Q19 Arithmetic

10টি সংখ্যার যোগফল 408, সংখ্যাগুলির গড় নির্ণয় করুন।

A. 38.8

B. 39.8

C. 41.8

D. 40.8 ✓

Q20 Arithmetic

একটি আয়তক্ষেত্রাকার বাগানের পরিসীমা নির্ণয় করুন, যার প্রস্থ তার দৈর্ঘ্যের দুই-তৃতীয়াংশ এবং ক্ষেত্রফল 486 m^2।

A. 65 m

B. 80 m

C. 90 m ✓

D. 75 m

Q21 Arithmetic

কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 718, 1085 এবং 1179 কে ভাগ করলে যথাক্রমে 5, 4 এবং 6 অবশিষ্ট থাকে?

A. 19

B. 17

C. 25

D. 23 ✓

Q22 Arithmetic

একজন দোকানদার একটি মোবাইল ফোনের মুদ্রিত মূল্যের উপর 25% ছাড় দেয়। যদি ছাড় দেওয়ার পরেও দোকানদার 10% লাভ করে এবং মোবাইল ফোনের ক্রয়মূল্য ₹12,000 হয়, তাহলে ফোনের মুদ্রিত মূল্য কত?

A. ₹18,000

B. ₹20,000

C. ₹17,600 ✓

D. ₹18,600

Q23 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল 655, প্রথম দুটি সংখ্যার গড় 78 এবং তৃতীয় সংখ্যাটি হল 117, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

A. 191 ✓

B. 192

C. 195

D. 196

Q24 Arithmetic

একটি রেফ্রিজারেটরের মুদ্রিত মূল্য ₹47,500 এবং অফ সিজনে, এটি ₹41,800 এ বিক্রি হয়। ছাড়ের শতাংশ নির্ণয় করুন।

A. 9%

B. 12% ✓

C. 10.5%

D. 11%

Q25 Arithmetic

একটি অর্থরাশি বার্ষিক 10% সরল সুদের হারে বিনিয়োগ করা হলে, 2 বছর পরে তা ₹2640 হয়। একই অর্থরাশির একই সুদের হারে 2 বছরের সরল সুদ (₹ তে) কত?

A. 220

B. 880

C. 1760

D. 440 ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q26 Arithmetic

ললিত এবং মনোজ যথাক্রমে ₹10,000 এবং ₹18,000 বিনিয়োগ করে অংশীদারিত্বে একটি ব্যবসা শুরু করেন। আট মাস পর, নীতিন ₹24,000 বিনিয়োগ করে তাদের সাথে যোগ দেন। ব্যবসা শুরু হওয়া থেকে 2 বছর পরে অর্জিত মোট ₹22,000 লাভে নীতিন এবং মনোজের মোট ভাগ কত হবে?

- A. ₹17,000 ✓
- B. ₹12,000
- C. ₹14,000
- D. ₹19,000

Q27 Arithmetic

সফর শুরু করার সময় রমেশের লাগেজ ব্যাগের ওজন ছিল 15 kg, তিনি চলে যাওয়ার সময়, তার ব্যাগের ওজন বেড়ে 18 kg হয়ে গিয়েছিল। লাগেজের ওজন কত শতাংশ বৃদ্ধি পেয়েছে তা নির্ণয় করুন।

- A. 90%
- B. 60%
- C. 120%
- D. 20% ✓

Q28 Arithmetic

শগুন বার্ষিক 40% চক্রবৃদ্ধি সুদের হারে (অর্ধবার্ষিক দেয়) ₹30,000 বিনিয়োগ করেছে। 24 মাস পরে যদি সে ₹4x পায়, তাহলে 1.5x (₹ এ) এর মান কত?

- A. 40,250
- B. 23,328 ✓
- C. 62,208
- D. 15,552

Q29 Arithmetic

$\left(\frac{1}{6}\right)^{-3} + \left(\frac{1}{2}\right)^{-3} + \left(\frac{1}{3}\right)^{-3}$ এর মান নির্ণয় করুন।

- A. 252
- B. 244
- C. 251 ✓
- D. 254

Q30 Arithmetic

অলকা একটা কাজ 18 দিনে শেষ করতে পারে। শৈলজা যদি অলকার চেয়ে 20% বেশি দক্ষ হয়, তাহলে দুজনে মিলে কত দিনে কাজ শেষ করতে পারবে?

- A. $7\frac{2}{11}$
- B. 7
- C. $8\frac{2}{11}$ ✓
- D. 8

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q31 Arithmetic

28 ঘণ্টায় পাইপ P একটি ট্যাঙ্কের $\frac{4}{9}$ অংশ ভর্তি করতে পারে এবং 27 ঘণ্টায় পাইপ Q একই ট্যাঙ্কের $\frac{3}{5}$ অংশ ভর্তি করতে পারে। P ও Q উভয় পাইপই 3 ঘণ্টা ধরে খুলে রাখা হয় তারপর উভয় পাইপই বন্ধ করা হয়। তারপর কেবল পাইপ R খুলে রাখা হয় ও 8 ঘণ্টায় ট্যাঙ্কের জল খালি করা হয়। তাহলে পাইপ P, Q ও R একসাথে খালি ট্যাঙ্ক কত সময়ে ভর্তি করতে পারবে?

A. 42 ঘণ্টা ✓

B. 57 ঘণ্টা

C. 40 ঘণ্টা

D. 51 ঘণ্টা

Q32 Arithmetic

ট্রেন A, 7:40 AM এ স্টেশন M থেকে ছাড়ে এবং একই দিনে 2:40 PM এ স্টেশন N এ পৌঁছায়। ট্রেন B, 9:40 AM এ স্টেশন N থেকে ছাড়ে এবং একই দিনে 2:40 PM এ স্টেশন M এ পৌঁছায়। ট্রেন A এবং B কোন সময়ে মিলিত হবে?

A. 11:45 AM ✓

B. 11:23 PM

C. 10:29 PM

D. 5:12 PM

Q33 Arithmetic

$6 \times \frac{1}{7} \div \frac{3}{7} + \left(\frac{45}{24} - \frac{2}{3} + \frac{7}{6} \times \frac{2}{7}\right)$

A. $\frac{85}{84}$

B. $\frac{85}{24}$ ✓

C. $\frac{25}{24}$

D. $\frac{25}{84}$

Q34 Arithmetic

$\frac{0.4 \times 0.4 + 0.04 \times 0.04 - 0.8 \times 0.04}{0.72}$ রাশির সরল মান কত?

A. 0.018

B. 0.72

C. 0.18 ✓

D. 0.118

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q35 Arithmetic ENGLISH

The value of

$$\sqrt{256} + \sqrt{0.0121} - \sqrt{4.41} =$$

- **A.** 14.01 ✓
- **B.** 2.57
- **C.** 6.12
- **D.** 4.21

General Intelligence and Reasoning

35 Questions • Answer Key

Q36 General Intelligence and Reasoning

নিম্নলিখিত সংখ্যার ক্রমটি অধ্যয়ন করুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। (প্রতিটি সংখ্যা কেবলমাত্র এক অঙ্কের সংখ্যা এবং কেবল বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।)

(বামদিক) 6 7 6 5 2 2 7 3 1 2 8 8 1 2 7 6 8 9 7 1 4 8 2 (ডানদিক)

ক্রমটিতে, এমন কতগুলি জোড় সংখ্যা আছে যার প্রতিটির ঠিক আগে একটি জোড় সংখ্যা এবং ঠিক পরে একটি জোড় সংখ্যা আছে?

- **A.** দুই ✓
- **B.** একটিও না
- **C.** এক
- **D.** তিন

Q37 General Intelligence and Reasoning

যদি + মানে −, − মানে ×, × মানে ÷ ও ÷ মানে + হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) স্থানে কি বসবে?

98 × 14 + 6 ÷ 36 − 8 = ?

- **A.** 289 ✓
- **B.** 288
- **C.** 287
- **D.** 290

Q38 General Intelligence and Reasoning

নিম্ন প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন '?' এর স্থানে কী বসাতে হবে?

1, 4, 5, 22, 113, 2490, ?

- **A.** 2817385
- **B.** 281375 ✓
- **C.** 281370
- **D.** 281380

Q39 General Intelligence and Reasoning

RKQA ইংরেজি বর্ণানুক্রম ভিত্তিক একটি নির্দিষ্ট পদ্ধতিতে SMTE এর সঙ্গে সম্পর্কিত। ওই একই পদ্ধতিতে, WLNU সম্পর্কিত XNQYএর সঙ্গে। একই পদ্ধতি অনুসারে, নিচের কোন বিকল্পটির সঙ্গে XHPB সম্পর্কিত?

- **A.** YKTF
- **B.** YISF
- **C.** YJSF ✓
- **D.** YKSE

Q40 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন। (দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণের সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তাদের অবস্থান ভিত্তিক নয়।)

- **A.** LGO
- **B.** PKS
- **C.** UPY ✓
- **D.** SNV

Q41 General Intelligence and Reasoning

নিম্নে প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) স্থানে কী বসাতে হবে?

16 23 38 69 132 ?

- **A.** 261
- **B.** 259 ✓
- **C.** 258
- **D.** 260

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q42 General Intelligence and Reasoning

K, I, T, S, W, A, এবং N কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। N বসেছে A এর বাম দিকে তৃতীয় অবস্থানে এবং W এর ঠিক ডান পাশে। N এবং I এর মাঝখানে শুধুমাত্র K বসেছে। W এবং S এর মাঝখানে শুধুমাত্র একজন ব্যক্তি বসেছে। T এর ঠিক ডান পাশে কে বসেছে?

A. A
B. I
C. W ✓
D. N

Q43 General Intelligence and Reasoning

যে বিকল্প সেটের সংখ্যাগুলি, নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত, সেই বিকল্প সেটটি নির্বাচন করুন।
(দ্রষ্টব্যঃ সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনওপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

(2, 3, 13)
(7, 8, 113)

A. (8, 5, 75)
B. (3, 5, 37)
C. (11, 4, 155)
D. (5, 9, 106) ✓

কোন সংস্থা 2024 সালের অক্টোবরে ডিজিটাল পেমেন্টের নিরাপত্তার ওপর পুরো দেশব্যাপী ক্যাম্পেন শুরু করতে টাইমস অফ ইন্ডিয়া (TOI) এর সাথে অংশীদার হয়েছিল?

A. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (RBI)

B. ভারতীয় স্টেট ব্যাঙ্ক (SBI)

C. ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশন অফ ইন্ডিয়া (NPCI) ✓

D. ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশন (IBA)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q115 General Awareness

1942 সালের 8ই আগস্টের প্রাক্কালে মহাত্মা গান্ধী জাতির উদ্দেশে কোন স্পষ্ট আহ্বান জানিয়েছিলেন?

A. সাইমন ফিরে যাও

B. তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব

C. করব অথবা মরব ✓

D. বন্দে মাতরম্

Q116 General Awareness

2011 সালের জনগণনা অনুসারে, ভারতে তফসিলি উপজাতিদের আনুমানিক জনসংখ্যা কত?

A. 15.45 কোটি

B. 10.42 কোটি ✓

C. 5.45 কোটি

D. 8.45 কোটি

Q117 General Awareness

যদি স্প্রিং এর বল ধ্রুবক k এবং একটি স্প্রিং এর অবিকৃত অবস্থা থেকে সরণ x হয়, তবে স্প্রিং এর স্থিতিশক্তি (V) কত হবে?

A. $V = kx/2$

B. 2. $V = x^2/2k$

C. 3. $V = kx^2$

D. 4. $V = kx^2/2$ ✓

Q118 General Awareness

ভারতের কোন রাজ্যটি তিনটি আন্তর্জাতিক সীমানা দ্বারা বেষ্টিত?

A. ত্রিপুরা

B. নাগাল্যান্ড

C. সিকিম ✓

D. আসাম

Q119 General Awareness

সংবিধান অনুসারে, কোন সংস্থাটি একটি রাজ্যে বিধান পরিষদ তৈরি বা বিলুপ্তির জন্য দায়বদ্ধ?

A. সর্বোচ্চ আদালত

B. ভারতের রাষ্ট্রপতি

C. ভারতের সংসদ ✓

D. সেই রাজ্যের রাজ্যপাল

Q120 General Awareness

1960 এর দশকে কৃষি ক্ষেত্রের দুর্বল প্রদর্শনের (poor performance) প্রধান কারণ কী ছিল?

A. দক্ষ শ্রমিকের অভাব

B. আমদানির উপর অতিরিক্ত নির্ভরশীলতা

C. ঘন ঘন খরা এবং দুর্ভিক্ষ ✓

D. প্রযুক্তিতে কম বিনিয়োগ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

বার্ষিক 4% চক্রবৃদ্ধি সুদের (ষাণ্মাসিক দেয়) হারে, ₹2,00,000 অর্থরাশির উপর অর্জিত 1.5 বছরের সুদ (₹ তে) কত হবে?

A. 12,421.60
B. 12,221.60
C. 12,241.60 ✓
D. 12,441.60

Q2 Arithmetic

একটি বাইক 1 সেকেন্ডে 48 মিটার দূরত্ব অতিক্রম করে। বাইকের গতিবেগ km/hr-তে নির্ণয় করুন।

A. 164.8
B. 172.8 ✓
C. 167.6
D. 164.3

Q3 Arithmetic

কোন বৃহত্তম সংখ্যাটি দ্বারা 436, 530, 624 এবং 718 কে ভাগ করলে, প্রতিক্ষেত্রে 13 ভাগশেষ থাকবে?

A. 43
B. 19
C. 47 ✓
D. 29

Q4 Arithmetic

একটি ঘনকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল 294 m^2 হলে, ওই ঘনকের বাহুর দৈর্ঘ্য (cm এ) কত?

A. 0.7 cm
B. 700 cm ✓
C. 0.7 m
D. 700 m

Q5 Arithmetic

রাজু একটি মোবাইল ফোন ₹14,500 দামে কেনে এবং 25% ক্ষতিতে বিক্রি করে। মোবাইল ফোনটির বিক্রয় মূল্য কত?

A. ₹11,795
B. ₹13,250
C. ₹10,875 ✓
D. ₹12,500

Q6 Arithmetic

'a' এর কোন ক্ষুদ্রতম মানের জন্য 3a4860115 সংখ্যাটি 9 দ্বারা সম্পূর্ণ বিভাজ্য হবে?

A. 8 ✓
B. 5
C. 2
D. 9

Q7 Arithmetic

3 টি পণ্য কিনলে 2টি বিনামূল্যে পাওয়া যায়। এক্ষেত্রে মোট কার্যকরী ছাড়ের পরিমাণ কত?

A. 40% ✓
B. 30%
C. 60%
D. 20%

Q8 Arithmetic

অজয় এবং অমিতের মাসিক আয়ের অনুপাত 5 : 7 এবং তারা প্রত্যেকে মাসিক ₹72000 সঞ্চয় করে। যদি তাদের মাসিক ব্যয়ের অনুপাত 2 : 4 হয়, তাহলে অজয়ের মাসিক আয় (₹ তে) কত?

A. 120000 ✓
B. 119000
C. 121000
D. 168000

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q9 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল 655; প্রথম দুটি সংখ্যার গড় 77 এবং তৃতীয় সংখ্যাটি 124 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

- A. 188.5 ✓
- B. 201
- C. 189.5
- D. 202

Q10 Arithmetic

$40^{-7} \div 40^{19} \times 40^{4}$ এর মান নির্ণয় করুন।

- A. 1. 40^{-28}
- B. 2. 40^{-29}
- C. 3. 40^{-33}
- D. 4. 40^{-30} ✓

Q11 Arithmetic

সরল করুন।

$0.38 \times 0.5 - 2.35 + 1.96 - 0.25 + 0.85$

- A. 0.4 ✓
- B. 1.04
- C. 1.4
- D. 0.04

Q12 Arithmetic

অক্ষয় ₹60,000 বিনিয়োগ করে একটি ব্যবসা শুরু করেন। রজনী, কয়েকমাস পর ₹1,50,000 বিনিয়োগ সহ তাঁর সঙ্গে যোগ দেন। বছর শেষে মোট লাভ তাঁদের মধ্যে 42 : 35 অনুপাতে ভাগ করা হয়েছিল। রজনী কত মাস পরে যোগদান করেছিলেন?

- A. 9
- B. 11
- C. 8 ✓
- D. 7

Q13 Arithmetic

8 টি সংখ্যার সমষ্টি 732 হলে, সংখ্যাগুলির গড় নির্ণয় করুন।

- A. 89.5
- B. 92.5
- C. 90.5
- D. 91.5 ✓

Q14 Arithmetic

সমান দৈর্ঘ্যের দুটি ট্রেন একই দিকে সমান্তরাল লাইনে 49 km/h এবং 31 km/h বেগে চলছে। দ্রুতগামী ট্রেনটি 42 সেকেন্ডে ধীরগতির ট্রেনটিকে অতিক্রম করে। প্রতিটি ট্রেনের দৈর্ঘ্য কত?

- A. 105 মিটার ✓
- B. 124 মিটার
- C. 103 মিটার
- D. 95 মিটার

Q15 Arithmetic

গত বছর একটি গাড়ির দাম ₹7,50,000 ছিল। এই বছর এর দাম 15% বেড়েছে। এই বছর গাড়িটির দাম কত?

- A. ₹8,50,500
- B. ₹7,75,500
- C. ₹9,02,500
- D. ₹8,62,500 ✓

Q16 Arithmetic

প্রথম 101 টি জোড় সংখ্যার গড় কত?

- A. 102 ✓
- B. 101.5
- C. 102.5
- D. 103

Q17 Arithmetic

একটি সংখ্যাকে 50% বৃদ্ধি করা হলে, তা 2520 হয়। সংখ্যাটি নির্ণয় করুন।

- A. 1680 ✓
- B. 840
- C. 5040
- D. 3360

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q18 Arithmetic

একটি দৌড় প্রতিযোগিতায়, একজন অ্যাথেলিট 312 m দৈর্ঘ্যের প্রথম পাকটি 52 সেকেন্ডে অতিক্রম করেন এবং একই দৈর্ঘ্যের দ্বিতীয় পাকটি 156 সেকেন্ডে অতিক্রম করেন। ওই অ্যাথলিটের গড় গতিবেগ (m/sec এ) নির্ণয় করুন।

A. 5

B. 11

C. 3 ✓

D. 1

Q19 Arithmetic

₹83 প্রতি kg মূল্যের চিনির সাথে ₹46 প্রতি kg মূল্যের চিনি কত অনুপাতে মেশালে, মিশ্রণটি ₹80.3 প্রতি kg মূল্যে বিক্রি করে 46% লাভ হবে?

A. 7 : 30

B. 9 : 28 ✓

C. 8 : 30

D. 10 : 27

Q20 Arithmetic

82 জন শিক্ষার্থীর একটি ক্লাসের গড় ওজন 62.5 kg। যদি অর্ধেক সংখ্যক শিক্ষার্থীর গড় ওজন 83.6 kg হয়, তাহলে ক্লাসের বাকি শিক্ষার্থীদের গড় ওজন (kg তে) কত?

A. 52.9

B. 41.4 ✓

C. 46.2

D. 48.6

Q21 Arithmetic

11 এর কোন লঘিষ্ঠতম গুণিতককে 5, 3, 18 এবং 20 দ্বারা ভাগ করলে 8 ভাগশেষ থাকে?

A. 908

B. 1628 ✓

C. 548

D. 1088

Q22 Arithmetic

আলী অনলাইন পোর্টাল থেকে একটি LED স্ক্রিন অর্ডার করেছিলেন। অনলাইন পোর্টালটি মুদ্রিত মূল্যের উপর 12.5% এবং 25% পরপর দুটি ছাড় দেয়। ক্রেডিট কার্ডের মাধ্যমে পেমেন্ট করলে বিলের উপর আরও 10% ছাড় মেলে। আলী যদি ক্রেডিট কার্ডের মাধ্যমে ₹59,062.50 পেমেন্ট করে থাকেন, তাহলে LED স্ক্রিনের মুদ্রিত মূল্য কত?

A. ₹1,02,500

B. ₹1,20,075

C. ₹1,00,000 ✓

D. ₹90,650

Q23 Arithmetic

একজন খুচরা বিক্রেতা একটি ইলেকট্রনিক দ্রব্য ₹175 এ কিনে ওভারহেড খরচ বাবদ ₹25 ব্যয় করেন। তিনি ₹320 তে ইলেকট্রনিক দ্রব্যটি বিক্রি করে x% লাভ করলে x এর মান হল _____।

A. 80

B. 50

C. 60 ✓

D. 40

Q24 Arithmetic

বার্ষিক 10% চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক দেয়) হারে ₹45,000 অর্থরাশিকে 3 বছরের জন্য বিনিয়োগ করা হলে সবৃদ্ধিমূলের পরিমাণ কত হবে?

A. ₹59,895 ✓

B. ₹59,890

C. ₹59,885

D. ₹59,900

Q25 Arithmetic

30, 50, 96 এবং y সমানুপাতিক হলে, y এর মান নির্ণয় করুন।

A. 150

B. 155

C. 158

D. 160 ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q26 Arithmetic

দুটি ব্যাঙ্ক, A এবং B, যথাক্রমে বার্ষিক 3.5% এবং 6% হারে ঋণ প্রদান করে। বিজয় প্রতিটি ব্যাঙ্ক থেকে ₹400000 ধার নিয়েছিলেন। বিজয়, দুটি ব্যাঙ্কের প্রতিটিতে 3 বছর পর যে পরিমাণ সরল সুদ ফেরত দেন, তাদের মধ্যে ধনাত্মক পার্থক্য নির্ণয় করুন।

A. 31000

B. 31500

C. 30000 ✓

D. 29500

Q27 Arithmetic

যদি 6 জন মেয়ে এবং 8 জন ছেলে একটি কাজ 10 দিনে শেষ করতে পারে; 26 জন মেয়ে এবং 48 জন ছেলে সেই কাজটি 2 দিনে শেষ করতে পারে; তবে 10 জন মেয়ে এবং 30 জন ছেলে ওই কাজটি শেষ করতে কত সময় নেবে?

A. 3 দিন

B. 10 দিন

C. 9 দিন

D. 4 দিন ✓

Q28 Arithmetic

$\frac{(1.8)^3 - (1.2)^3}{(1.8)^2 + 2.16 + (1.2)^2}$ এর মান কত?

A. 0.6 ✓

B. 1.8

C. 0

D. 3

Q29 Arithmetic

A ট্রেন, 6:20 AM এ স্টেশন M থেকে ছাড়ে এবং একই দিনে 3:20 PM এ স্টেশন N এ পৌঁছায়। B ট্রেন, ওই দিনেরই 8:20 AM এ স্টেশন N থেকে ছাড়ে এবং একই দিনে 2:20 PM এ স্টেশন M এ পৌঁছায়। A এবং B ট্রেন কোন সময়ে মিলিত হবে?

A. 3:30 PM

B. 11:08 AM ✓

C. 7:38 PM

D. 9:51 AM

Q30 Arithmetic

একটি বৈদ্যুতিক পাম্প 6 ঘন্টায় একটি ট্যাঙ্ক ভর্তি করতে পারে। ট্যাঙ্কে ছিদ্র থাকার কারণে, ট্যাঙ্কটি ভর্তি করতে $7\frac{1}{5}$ ঘন্টা সময় লাগে। যদি অন্য কোনো উৎস থেকে ট্যাঙ্কের মধ্যে জল না ঢোকে বা না বেরোয়, তবে এই ছিদ্রটির মাধ্যমে সম্পূর্ণ ভর্তি ট্যাঙ্কটি খালি হতে কত সময় লাগবে?

A. 17 ঘন্টা ✓

B. 18 ঘন্টা

C. 36 ঘন্টা

D. 38 ঘন্টা

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q31 Arithmetic

$\left(\frac{1}{4}\right)^{-4} + \left(\frac{1}{2}\right)^{-4} + \left(\frac{1}{6}\right)^{-4}$ এর মান নির্ণয় করুন।

A. 1577

B. 1562

C. 1568 ✓

D. 1563

Q32 Arithmetic

3 g/cm^3 ঘনত্ব বিশিষ্ট ধাতু দিয়ে একটি ফাঁপা গোলকাকার খোল তৈরি করা হয়। এর অভ্যন্তরীণ এবং বাহ্যিক ব্যাসার্ধ যথাক্রমে 15 cm এবং 18 cm হলে, খোলটির ওজন (kg তে) কত হবে? $\left(\pi = \frac{22}{7}\right)$

A. 27.888

B. 30.888 ✓

C. 32.42

D. 32.35

Q33 Arithmetic

একটি আয়তক্ষেত্র এবং একটি সুষম ষড়ভুজের বাহুর দৈর্ঘ্যের অনুপাত 4:3 হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত _____হবে।

A. $24 : 27\sqrt{3}$

B. $32 : 27\sqrt{3}$ ✓

C. $16 : 27\sqrt{3}$

D. $32 : 27\sqrt{2}$

Q34 Arithmetic

$\sqrt{361} + \sqrt{0.04} - \sqrt{6.76}$ এর মান নির্ণয় করুন।

A. 16.6 ✓

B. 10.51

C. 12.33

D. 3.62

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q35 Arithmetic

শিফা 22 দিনে একটি নির্দিষ্ট কাজ করতে পারে। শিফা ও আফিয়া একসাথে একই কাজ 18 দিনে করতে পারে এবং শিফা, আফিয়া ও মরিয়ম একসাথে একই কাজ 9 দিনে করতে পারে। শিফা ও মরিয়ম একই কাজ কত দিনে করতে পারবে?

A. $\frac{108}{12}$

B. $\frac{106}{11}$

C. $\frac{104}{10}$

D. $\frac{99}{10}$ ✓

General Intelligence and Reasoning

35 Questions • Answer Key

Q36 General Intelligence and Reasoning

বিকল্পের কোন বর্ণ-সংখ্যা গুচ্ছটি প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নটির (?)

জায়গায় বসলে ক্রমটি যুক্তিগতভাবে সম্পূর্ণ হবে?

CO 72, KI 76, SC 82, AW 90, ?

A. IQ 98

B. HQ 98

C. IQ 100 ✓

D. HQ 100

Q37 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'GOLD' কে '3814' হিসাবে সংকেতভুক্ত করা হয় এবং 'LOAD' কে '4168' হিসাবে সংকেতভুক্ত করা হয়। ওই ভাষায় 'A' কে কীভাবে সংকেতভুক্ত করা হবে?

A. 6 ✓

B. 4

C. 8

D. 1

Q38 General Intelligence and Reasoning

প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে এমন সংখ্যাটি চয়ন করুন যা নিম্নলিখিত ক্রমের প্রশ্ন চিহ্নকে (?) প্রতিস্থাপন করতে পারে।

10 14 34 62 130 ?

A. 254 ✓

B. 250

C. 252

D. 259

Q39 General Intelligence and Reasoning

নিম্নলিখিত সংখ্যা ও চিহ্নের ক্রমটি পড়ুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। শুধুমাত্র বাম দিক থেকে ডান দিকে গণনা করতে হবে।

(বাম) > < 3 * $ # 2 2 & \ 1 * 4 5 4 ^ * $ 7 \ 8 (ডান)

এরকম কতগুলি চিহ্ন আছে, যার প্রতিটির ঠিক আগে একটি সংখ্যা এবং ঠিক পরে একটি সংখ্যা রয়েছে?

A. এক

B. দুই ✓

C. তিন

D. একটিও নয়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q40 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'WIDE' কে '2783' হিসাবে লেখা হয় এবং 'DIET' কে '8742' হিসাবে লেখা হয়। প্রদত্ত ভাষায় 'T' এর সংকেত কী?

- A. 4 ✓
- B. 2
- C. 8
- D. 7

Q41 General Intelligence and Reasoning

যদি + এর অর্থ − হয়, − এর অর্থ × হয়, × এর অর্থ ÷ হয় এবং ÷ এর অর্থ + হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্ন চিহ্নের (?) স্থানে কি বসবে?

25 + 7 ÷ 3 − 12 × 4 = ?

- A. 11
- B. 27 ✓
- C. 19
- D. 15

Q42 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'DESK' কে '9125' হিসাবে লেখা হয় এবং 'SOKE' কে '1352' হিসাবে লেখা হয়। প্রদত্ত ভাষায় 'O' এর সংকেত কী?

- A. 5
- B. 2
- C. 1
- D. 3 ✓

Q43 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রমের উপর ভিত্তি করে, নিম্নলিখিত চারটি বর্ণ-গুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে একই রকম এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছটি সেই দলের অন্তর্গত নয়?
(দ্রষ্টব্য: পৃথক বর্ণ-গুচ্ছটি ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণের সংখ্যা বা বর্ণ-গুচ্ছে তাদের অবস্থানের উপর ভিত্তি করে নয়।)

- A. EF ✓
- B. DB
- C. CA
- D. AD

Q44 General Intelligence and Reasoning

নিচে প্রদত্ত জোড়ার সেট দুটি যে বিন্যাস অনুসরণ করে, সেই একই বিন্যাস অনুসরণকারী জোড়াটি বিকল্পগুলি থেকে চয়ন করুন। উভয় জোড়া একই বিন্যাস অনুসরণ করে।
WSR–UQP
FBA–DZY

- A. UPN–RNM
- B. QML–OKJ ✓
- C. UPN–SON
- D. UQP–ROM

Q45 General Intelligence and Reasoning

প্রদত্ত সংখ্যা ও চিহ্নের ক্রমটি দেখুন এবং নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে।

(বাম) / < @ * * 2 @ < ^ @ 8 $ 2 $ # ? 4 6 5 ^ < (ডান)

উপরের ক্রমে এরকম কতগুলি চিহ্ন আছে যার প্রত্যেকটির ঠিক আগে একটি সংখ্যা রয়েছে এবং ঠিক পরেও একটি সংখ্যা রয়েছে?

- A. দুই
- B. চার
- C. এক ✓
- D. তিন

Q46 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রম অনুসারে PUCD একটি নির্দিষ্ট উপায়ে NTEE এর সাথে সম্পর্কিত। একইভাবে, HQKH সম্পর্কিত FPMI এর সাথে। একই যুক্তি অনুসরণ করে, প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটির সাথে BNQK সম্পর্কিত?

- A. ZMSL ✓
- B. LJSK
- C. KLSM
- D. MSLK

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q47 General Intelligence and Reasoning

সাত জন ব্যক্তি L, M, N, O, P, Q এবং R, উত্তর দিকে মুখ করে একটি সরলরৈখিক সারিতে বসে আছে। P বসেছে M এর ঠিক ডান পাশে এবং L এর ঠিক বাম পাশে। Q বসেছে O এর ঠিক ডান পাশে এবং R এর ঠিক বাম পাশে। R বসেছে সারিটির কোনো এক শেষ প্রান্তে। N বসেছে O এর ঠিক বাম পাশে। L বসেছে N এর ঠিক বাম পাশে। P এবং N এর মাঝে কে বসেছে?

A. M
B. Q
C. O
D. L ✓

Q48 General Intelligence and Reasoning

নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত বিকল্প সেটটি নির্বাচন করুন।
(দ্রষ্টব্যঃ সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনওপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

(13, 26, 20)
(18, 31, 25)

A. (15, 27, 21)
B. (14, 27, 33)
C. (21, 34, 28) ✓
D. (37, 24, 18)

Q49 General Intelligence and Reasoning

A, B, C, D, E, F এবং G প্রত্যেকের একটি সপ্তাহের আলাদা দিনে পরীক্ষা আছে যেটি সোমবার থেকে শুরু হয়ে ওই একই সপ্তাহের রবিবারে শেষ হয়। F এর আগে মাত্র দুজনের পরীক্ষা আছে। F এর পরীক্ষার ঠিক পরের দিন A এর পরীক্ষা আছে। সর্বশেষ পরীক্ষা দেওয়া ব্যক্তিটি E নয়। E এর পরীক্ষার ঠিক আগের দিন, অর্থাৎ শুক্রবার G এর পরীক্ষা আছে। সর্বপ্রথম পরীক্ষা দেওয়া ব্যক্তিটি C নয়। F এর পরীক্ষার ঠিক আগের দিন D এর পরীক্ষা আছে। A এবং E এর পরীক্ষার মাঝে শুধুমাত্র একজনের পরীক্ষা আছে। সোমবার কার পরীক্ষা আছে?

A. D
B. B ✓
C. A
D. G

Q50 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও আপনাকে তা সত্য হিসাবেই গ্রহণ করতে হবে এবং কোন সিদ্ধান্তটি/ সিদ্ধান্তগুলি প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করতে হবে।

বিবৃতি:
সব বিন হল ল্যাম্প।
সব ফ্যান হল ল্যাম্প।

সিদ্ধান্ত:
(I) কিছু বিন হল ফ্যান।
(II) কিছু ল্যাম্প হল ফ্যান।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।
B. সিদ্ধান্ত (I) ও (II) উভয় অনুসরণ করে।
C. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে। ✓
D. সিদ্ধান্ত (I) বা (II) কোনওটিই অনুসরণ করে না।

Q51 General Intelligence and Reasoning

বিনোদ বিন্দু A থেকে শুরু করে দক্ষিণ দিকে 13 km ড্রাইভ করে। তারপরে সে একটি বাম দিকে বাঁক নেয়, 19 km ড্রাইভ করে, তারপর সে বাম দিকে বাঁক নেয় এবং 22 km ড্রাইভ করে। তারপর সে বাম দিকে বাঁক নেয় এবং 24 km ড্রাইভ করে। সে বাম দিকে শেষ একটি বাঁক নেয়, 9 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে? (যদি নির্দিষ্ট করে বলা না হয়, তাহলে সমস্ত বাঁক শুধুমাত্র 90 ডিগ্রী।)

A. পূর্ব দিকে 5 km ✓
B. পূর্ব দিকে 3 km
C. পশ্চিম দিকে 6 km
D. পশ্চিম দিকে 4 km

Q52 General Intelligence and Reasoning

নিম্নের সমীকরণটিকে সঠিক করার জন্য কোন চিহ্ন এবং সংখ্যাগুলি পরস্পর বিনিময় করতে হবে?

3 × 5 + 2 − 1 = 12

A. + এবং ×, 3 এবং 2
B. − এবং +, 5 এবং 2
C. + এবং ×, 2 এবং 5 ✓
D. × এবং −, 2 এবং 5

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q53 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A # B এর অর্থ 'A হয় B এর ছেলে',
A % B এর অর্থ 'A হয় B এর ভাই',
A − B এর অর্থ 'A হয় B এর স্ত্রী',
A @ B এর অর্থ 'A হয় B এর বাবা'।

উপরোক্ত সম্পর্কের উপর ভিত্তি করে, 'C − O % M @ P # K' হলে C কীভাবে K এর সঙ্গে সম্পর্কিত?

A. স্ত্রীর বোন
B. স্বামীর ভাইয়ের স্ত্রী ✓
C. স্বামীর ভাইয়ের স্ত্রীর মেয়ে
D. ভাইয়ের স্ত্রী

Q54 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রম অনুসারে, নিম্নলিখিত চারটি বর্ণ-গুচ্ছের মধ্যে তিনটি একটি নির্দিষ্ট উপায়ে একই রকম এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বর্ণ-গুচ্ছটি সেই দলের অন্তর্গত নয়? (দ্রষ্টব্যঃ ব্যতিক্রমী বর্ণ-গুচ্ছটি ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণের সংখ্যা বা বর্ণ-গুচ্ছের মধ্যে তাদের অবস্থানের উপর ভিত্তি করে নয়।)

A. YDI
B. GLQ
C. NTY ✓
D. QVA

Q55 General Intelligence and Reasoning

নিচের ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কোন সংখ্যাটি বসবে?

9 13 21 33 49 ?

A. 71
B. 70
C. 68
D. 69 ✓

Q56 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) জায়গায় কী বসবে?

18 27 22 32 30 42 42 ?

A. 54
B. 48
C. 57 ✓
D. 52

Q57 General Intelligence and Reasoning

F বাবু, A বিন্দু থেকে যাত্রা শুরু করে পশ্চিম দিকে 1 km ড্রাইভ করে। তারপরে সে বামদিকে বাঁক নেয়, 6 km ড্রাইভ করে। তারপরে বামদিকে বাঁক নেয় এবং 3 km ড্রাইভ করে। তারপরে সে আবার বামদিকে বাঁক নেয় এবং 9 km ড্রাইভ করে। সে শেষবারের মতো বামদিকে একটি বাঁক নেয় এবং 2 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে?
(নির্দিষ্ট করে বলা না থাকলে, সমস্ত বাঁক 90° বাঁক ধরতে হবে।)

A. পূর্বে 4 km
B. পশ্চিমে 3 km
C. উত্তরে 3 km
D. দক্ষিণে 3 km ✓

Q58 General Intelligence and Reasoning

এই প্রশ্নটি নিচে দেওয়া পাঁচটি, তিন অঙ্কের সংখ্যা উপর ভিত্তি করে করা হয়েছে।

(বাম) 265 876 219 457 356 (ডান)

(উদাহরণ: 697 – প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 ও তৃতীয় অঙ্ক = 7)

(দ্রষ্টব্য: সমস্ত ক্রিয়াকলাপ বাম দিক থেকে ডান দিকে করতে হবে।)

দ্বিতীয় বৃহত্তম সংখ্যার দ্বিতীয় অঙ্ককে ক্ষুদ্রতম সংখ্যার তৃতীয় অঙ্কের সঙ্গে গুণ করা হলে গুণফল কত হবে?

A. 49
B. 45 ✓
C. 47
D. 43

Q59 General Intelligence and Reasoning

C, D, E, P, Q, R এবং S উত্তর দিকে মুখ করে একটি সরলরৈখিক সারিতে বসে আছে। R এর বামদিকে মাত্র দুজন বসে আছে। D এবং R এর মাঝখানে মাত্র তিনজন বসে আছে। R এবং S এর মাঝখানে মাত্র দুজন বসে আছে। E বসেছে P এর বামদিকে তৃতীয় স্থানে। C বসেছে P এর ঠিক ডানদিকে। Q এবং S এর মাঝখানে কতজন বসে আছে?

A. দুইজন
B. তিনজন ✓
C. একজনও নয়
D. একজন

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q60 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও আপনাকে তা সত্য হিসাবেই গ্রহণ করতে হবে এবং কোন সিদ্ধান্তটি/ সিদ্ধান্তগুলি প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করতে হবে।

বিবৃতি:
সব গুড় হল ফন্ডেন্ট।
কোনো গুড়, চিনি নয়।
সব চিনি হল ক্যান্ডি।

সিদ্ধান্ত:
(I) কোনো ক্যান্ডি, ফন্ডেন্ট নয়।
(II) কিছু ক্যান্ডি হল গুড়।

A. উভয় সিদ্ধান্ত (I) এবং (II) অনুসরণ করে।
B. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।
C. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।
D. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটিই অনুসরণ করে না। ✓

Q61 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রমের উপর ভিত্তি করে নিচের ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) জায়গায় কী আসবে?

NPI LNG JLE HJC ?

A. FHA ✓
B. FGB
C. FGA
D. FHB

Q62 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A + B এর অর্থ 'A হল B এর মা'
A – B এর অর্থ 'A হল B এর বাবা'
A × B এর অর্থ 'A হল B এর বোন'
A / B এর অর্থ 'A হল B এর ভাই'
A > B এর অর্থ 'A হল B এর স্বামী'
A * B এর অর্থ 'A হল B এর স্ত্রী'

O * K – T × U / M হলে, O কীভাবে U এর সঙ্গে সম্পর্কিত?

A. বাবার মা
B. মায়ের মা
C. মা ✓
D. বাবা

Q63 General Intelligence and Reasoning

ইংরেজি বর্ণানুক্রম অনুসারে SIOU একটি নির্দিষ্ট উপায়ে WHST এর সাথে সম্পর্কিত। একইভাবে, ZCGP সম্পর্কিত DBKO এর সাথে। একই যুক্তি অনুসরণ করে, নিচের কোনটির সাথে JNRC সম্পর্কিত?

A. MLUB
B. MOUA
C. NMVB ✓
D. OLWA

Q64 General Intelligence and Reasoning

'÷' এবং '+' চিহ্নগুলির স্থান পরস্পর পরিবর্তিত হলে, নিচের রাশিটির মান কত হবে?

8 – 4 × 2 ÷ 7 – 1 ÷ 5 – 8 + 4 × 1

A. 12
B. 9 ✓
C. 6
D. 4

Q65 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন। (দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তাদের অবস্থান ভিত্তিক নয়।)

A. IXN ✓
B. PFV
C. JZP
D. ZPF

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q66 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও আপনাকে তা সত্য হিসাবেই গ্রহণ করতে হবে এবং কোন সিদ্ধান্তটি/ সিদ্ধান্তগুলি প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করতে হবে।

বিবৃতি:
সব কোট হল টুপি।
কিছু জুতা হল টুপি।
কোনো বেলুন, টুপি নয়।

সিদ্ধান্ত:
(I) কোনো বেলুন, জুতা নয়।
(II) কিছু জুতা হল কোট।

A. শুধুমাত্র সিদ্ধান্ত (II) অনুসরণ করে।
B. সিদ্ধান্ত (I) ও (II) উভয় অনুসরণ করে।
C. সিদ্ধান্ত (I) বা (II) কোনোটিই অনুসরণ করে না। ✓
D. শুধুমাত্র সিদ্ধান্ত (I) অনুসরণ করে।

Q67 General Intelligence and Reasoning

সাতটি বাক্স R, E, S, U, L, T এবং Z কে একে অপরের উপরে রাখা হয় তবে এই নির্দিষ্ট ক্রমে নয়। E এর উপরে কোন বাক্স রাখা নেই। L কে E এর ঠিক নিচে রাখা হয়। L এবং Z এর মাঝখানে শুধুমাত্র চারটি বাক্স রাখা হয়। S এবং U এর মাঝখানে শুধুমাত্র দুটি বাক্স রাখা হয়। R কে T এর ঠিক উপরে রাখা হয়। U কে R এর ঠিক উপরে রাখা হয় না। R এর নিচে কতগুলি বাক্স রাখা হয়?

A. এক
B. শূন্য
C. দুই
D. তিন ✓


Q68 General Intelligence and Reasoning





বিকল্পের কোন বর্ণ-সংখ্যা গুচ্ছটি প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নটির (?) জায়গায় বসলে ক্রমটি যুক্তিগতভাবে সম্পূর্ণ হবে?

AEC10 FJH15 KOM20 PTR25 ?

A. TSR27
B. KLJ30
C. UYW30 ✓
D. XYZ30


Q69 General Intelligence and Reasoning





A.  ✓
B. 
C. 
D. 

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play
generated by rank.qmaths.in


Q70 General Intelligence and Reasoning



A. 

B. 

C. 

D.  ✓

General Awareness

50 Questions • Answer Key

Q71 General Awareness

_____ সালে ইন্ডিয়া পোস্টের স্পিড পোস্ট পরিষেবা চালু করা হয়েছিল।

A. 1976

B. 1980

C. 1991

D. 1986 ✓

Q72 General Awareness

110 ওহম রোধ বিশিষ্ট একটি বৈদ্যুতিক পাখায় 220 V এর বিভব পার্থক্যে তড়িৎ সংযোগ করা হয়। পাখার মধ্য দিয়ে কত তড়িৎ প্রবাহিত হয়?

A. 2A ✓

B. ½ A

C. ¼ A

D. 4 A

Q73 General Awareness

ব্রিটিশ শাসনের আগে, কোন শিল্পটি, তার উল্লেখযোগ্য আঞ্চলিক বৈচিত্র্য থাকা সত্ত্বেও ভারতে সবচেয়ে বিশিষ্ট ছিল?

A. খনন

B. চা এবং কফির বাগিচা

C. সুতি বস্ত্র ✓

D. চিনি কল

Q74 General Awareness

ভারতীয় জাতীয় আন্দোলনের চরমপন্থী পর্যায়ের সঙ্গে কোন স্লোগানটি যুক্ত ছিল?

A. তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব

B. স্বরাজ আমার জন্মগত অধিকার এবং আমি তা অর্জন করবই ✓

C. ইনকিলাব জিন্দাবাদ

D. সরফরোশি কি তামান্না, আব হামারে দিল মে হ্যায়

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q75 General Awareness

1858 সালে গোয়ালিয়রের যুদ্ধের পর ঝাঁসির রানি লক্ষ্মীবাইয়ের কী হয়েছিল?

A. তিনি গোয়ালিয়রের শাসক হন।

B. তাঁকে ব্রিটেনে নির্বাসিত করা হয়।

C. তিনি যুদ্ধে মৃত্যুবরণ করেন। ✓

D. তাঁকে বন্দী করে, মৃত্যুদণ্ড প্রদান করা হয়।

Q76 General Awareness

2024 সালের ডিসেম্বরে, ভারত প্রতিরক্ষা শীর্ষ সম্মেলন (BDS) 2024 _____ এ অনুষ্ঠিত হয়েছিল।

A. মুম্বাই

B. নতুন দিল্লি ✓

C. চেন্নাই

D. আহমেদাবাদ

Q77 General Awareness

যে হারে একটি নির্দিষ্ট নিউক্লাইডের তেজস্ক্রিয় অবক্ষয় হয়, সেই হারকে তেজস্ক্রিয়তা বলে। তেজস্ক্রিয়তা পরিমাপ করতে কোন একক ব্যবহৃত হয়?

A. কুরি ✓

B. ক্যান্ডেলা

C. রন্টজেন

D. ওয়েবার

Q78 General Awareness

ভারতের সংসদীয় ব্যবস্থায় কাকে, রাজ্য স্তরের ডি ফ্যাক্টো নির্বাহিক কর্তৃপক্ষ (de facto executive authority) হিসাবে বিবেচনা করা হয়?

A. রাজ্যপাল

B. মুখ্যমন্ত্রী ✓

C. রাজ্যের অ্যাডভোকেট জেনারেল

D. বিধানসভার অধ্যক্ষ

Q79 General Awareness

_____ নৃত্যশৈলীকে একাহার্যও বলা হয়, যেখানে একজন নৃত্যশিল্পী একটিমাতে পরিবেশনায় বহু ভূমিকা পালন করেন।

A. ভরতনাট্যম ✓

B. কথাকলি

C. সত্রীয়া

D. কথক

Q80 General Awareness

অক্টোবর 2024 অনুযায়ী, কোন মাসে সেনসেক্স সর্বকালের সর্বোচ্চ অঙ্ক ছুঁয়েছে?

A. মে 2024

B. জুলাই 2024

C. সেপ্টেম্বর 2024 ✓

D. আগস্ট 2024

Q81 General Awareness

উন্নয়নের বিষয়ে গান্ধীবাদী দৃষ্টিভঙ্গি, উন্নয়ন প্রক্রিয়ায় রাষ্ট্রের (একটি) _____ ভূমিকাও কল্পনা করে।

A. শূন্য

B. সম্পূর্ণ

C. ক্ষুদ্র ✓

D. প্রধান

Q82 General Awareness

নিচের কোন ভারতীয় ব্যক্তিত্ব তাঁর সেতার বাদনের জন্য সুবিখ্যাত?

A. পণ্ডিত বিশ্বমোহন ভট্ট

B. ওস্তাদ আসাদ আলী খান

C. জিয়া মহিউদ্দিন ডাগর

D. পণ্ডিত রবিশঙ্কর ✓

Q83 General Awareness

নিম্নলিখিত কোন উপজাতিটি মূলত আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে বাস করে?

A. কদর (Kadar)

B. টোটো (Toto)

C. ওঙ্গে (Onge) ✓

D. কোরাগা (Koraga)

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q84 General Awareness

1857 সালের বিদ্রোহ সম্পর্কে নিচের কোনটি সত্য নয়?

A. এটি স্বাধীনতার প্রথম যুদ্ধ হিসেবে পরিচিত।

B. 1857 সালে ভারতে বিদ্রোহের সময় বাহাদুর শাহ ছিলেন মুঘল সম্রাট।

C. এটা ছিল সিপাহী বিদ্রোহ।

D. এটি ছিল ব্রিটিশদের বিরুদ্ধে একটি সফল বিদ্রোহ। ✓

Q85 General Awareness

নিম্নলিখিত কোনটি দুই মাসব্যাপী, চিরাচরিত ছয়টি ভারতীয় ঋতুর মধ্যে একটি **নয়**?

A. শরৎ

B. প্রবর ✓

C. হেমন্ত

D. বসন্ত

Q86 General Awareness

নিম্নলিখিত কোন দেবতা ওনাম উৎসবের সাথে জড়িত?

A. ভগবান বিষ্ণু ✓

B. ভগবান গণেশ

C. ভগবান কৃষ্ণ

D. ভগবান রাম

Q87 General Awareness

অনুচ্ছেদ 32 অনুসারে, _____ এর মৌলিক অধিকার বলবৎ করার ক্ষমতা রয়েছে।

A. সংসদ

B. রাজ্য সরকার

C. সর্বোচ্চ আদালত ✓

D. রাষ্ট্রপতি

Q88 General Awareness

পারমাণবিক ভরের বর্তমান প্রণালীটি _____ কে মাণদণ্ড হিসেবে ভিত্তি করে গড়ে উঠেছে।

A. হাইড্রোজেন-1

B. কার্বন-12 ✓

C. নাইট্রোজেন-14

D. অক্সিজেন-16

Q89 General Awareness

ভারতীয় সংবিধানের _____ এর অধীনে কর্মের অধিকারের উল্লেখ করা হয়েছে।

A. অনুচ্ছেদ 40

B. অনুচ্ছেদ 39

C. অনুচ্ছেদ 41 ✓

D. অনুচ্ছেদ 38

Q90 General Awareness

ভারতের কফি বোর্ডের তথ্য অনুসারে, 2022-23 শস্য বছরে, নিম্নলিখিত কোন রাজ্যটি ভারতে কফির বৃহত্তম উৎপাদক?

A. তামিলনাড়ু

B. কেরালা

C. অন্ধ্রপ্রদেশ

D. কর্ণাটক ✓

Q91 General Awareness

2024 সালের জানুয়ারিতে অনুষ্ঠিত খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস 2023 এ, তামিলনাড়ুর একটি ঐতিহ্যবাহী খেলা_____ কে প্রথমবার একটি ডেমো স্পোর্টস হিসেবে সংযুক্ত করা হয়েছিল।

A. কালারিপায়াট্টু (Kalaripayattu)

B. গটকা (Gatka)

C. সিলম্বম (Silambam) ✓

D. থাং তা (Thang ta)

Q92 General Awareness

2024 সালের সেপ্টেম্বরে আরও নয়টি বিমানবন্দরে Digi Yatra পরিষেবা চালু হওয়ার সাথে সাথে ভারতে এই সুবিধার সাথে সক্ষম বিমানবন্দরের সংখ্যা _____ এ পৌঁছেছে।

A. 14

B. 24 ✓

C. 19

D. 21

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q93 General Awareness

ভারতীয় বায়ুযান বিধেয়ক, 2024, নিম্নলিখিত কোন আইনকে প্রতিস্থাপন করে?

A. এয়ার কর্পোরেশন আইন, 1953

B. এয়ারক্রাফট আইন, 1934 ✓

C. এয়ারক্রাফট (সংশোধনী) আইন, 2020

D. এয়ারপোর্টস ইকোনমিক রেগুলেটরি অথরিটি অফ ইন্ডিয়া (AERA) আইন, 2008

Q94 General Awareness

শাস্ত্রীয় গায়িকা কিশোরী আমোনকার নিচের কোন সঙ্গীত ঘরানার সাথে যুক্ত?

A. মেওয়াতি ঘরানা

B. বিষ্ণুপুর ঘরানা

C. জয়পুর-আত্রৌলি ঘরানা ✓

D. ডগরী ঘরানা

Q95 General Awareness

নিচের কোনটি গ্রামীণ এলাকায় প্রাথমিক কাজ?

A. ব্যাঙ্কিং

B. সফটওয়্যার ডেভলপমেন্ট

C. উৎপাদন করা

D. কৃষিকাজ ✓

Q96 General Awareness

2024 সালের এপ্রিল-আগস্টের মধ্যে ভারতে মোট অভ্যন্তরীণ প্রত্যক্ষ বিদেশী বিনিয়োগ (FDI) কত ছিল?

A. US $27.4 বিলিয়ন

B. US $9.6 বিলিয়ন

C. US $23.5 বিলিয়ন

D. US $36.1 বিলিয়ন ✓

Q97 General Awareness

1970 সালে কোন রাজ্যকে আসাম থেকে আলাদা করে স্বশাসিত রাজ্য হিসেবে গঠন করা হয়?

A. মেঘালয় ✓

B. ত্রিপুরা

C. মণিপুর

D. নাগাল্যান্ড

Q98 General Awareness

দাদাভাই নওরোজি প্রস্তাবিত সম্পদের বহির্গমন তত্ত্ব (drain of wealth theory) কীভাবে ব্রিটিশ শাসনের অধীনস্ত ভারতের দারিদ্র্যকে ব্যাখ্যা করেছিল?

A. ভারতে অত্যধিক জনসংখ্যা বৃদ্ধি

B. ন্যায্য ক্ষতিপূরণ ছাড়াই ব্রিটেনে ভারতীয় পুঁজি ও সম্পদের রপ্তানি ✓

C. প্রথাগত শিল্পের পতন

D. কৃষি উন্নয়নের অভাব

Q99 General Awareness

সমস্ত সরকারি ভাষার তালিকা, ভারতীয় সংবিধানের কোন তফসিলে দেওয়া আছে?

A. তফসিল 8 ✓

B. তফসিল 10

C. তফসিল 9

D. তফসিল 7

Q100 General Awareness

2024 সালের নভেম্বরে, নতুন দিল্লিতে নিম্নলিখিত কোন ধর্মের প্রথম এশীয় শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল?

A. হিন্দুধর্ম

B. বৌদ্ধধর্ম ✓

C. জৈনধর্ম

D. ইসলাম

Q101 General Awareness

2024 সালের অক্টোবরে, ভারত, মালদ্বীপের বর্তমান বৈদেশিক মুদ্রার সংকট কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য, মালদ্বীপের সাথে কত মিলিয়ন ডলারের একটি বড় মুদ্রা বিনিময় চুক্তি স্বাক্ষর করেছে?

A. $750 ✓

B. $500

C. $950

D. $250

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q102 General Awareness

নিচের কোন প্রত্নতাত্ত্বিক 1920-21 সালে সিন্ধু সভ্যতার হরপ্পার বিভিন্ন স্থানে খনন কাজ শুরু করেছিলেন?

A. রাখাল দাস ব্যানার্জী

B. দয়া রাম সাহনি ✓

C. আর্নেস্ট ম্যাকে

D. স্যার জন হুবার্ট মার্শাল

Q103 General Awareness

ভারতের নিচের কোন ভূ-প্রাকৃতিক বিভাগকে 'টেবিলল্যান্ড' হিসাবে বিবেচনা করা হয়?

A. উপদ্বীপীয় মালভূমি ✓

B. উপকূলীয় সমভূমি

C. গ্রেট ইন্ডিয়ান মরুভূমি

D. হিমালয় পর্বতমালা

Q104 General Awareness

নিচের কোনটি সামাজিক পরিকাঠামোর উদাহরণ?

A. রেলপথ

B. হাসপাতাল ✓

C. বিমানবন্দর

D. রাস্তা

Q105 General Awareness

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটি গঙ্গা নদীর বাম-তীরের উপনদীগুলির মধ্যে একটি **নয়**?

A. ঘর্ঘরা নদী

B. শোন নদী ✓

C. গোমতী নদী

D. গণ্ডক নদী

Q106 General Awareness

ভারতীয় সংবিধান অনুসারে, মৌলিক অধিকারগুলি _____।

A. সংবিধানে লিখিত ✓

B. সংবিধানের তফসিলে লিখিত

C. সংবিধানে লিখিত নয়

D. সংবিধানের তফসিলে বা তফসিলের বাইরে লিখিত নয়

Q107 General Awareness

কোন সরকারি উদ্যোগের অধীনে, ভারতীয় ক্রীড়াবিদদের অলিম্পিকের প্রস্তুতির জন্য আর্থিক সহায়তা, প্রশিক্ষণ সহায়তা এবং আন্তর্জাতিক এক্সপোজার প্রদান করা হয়?

A. ফিট ইন্ডিয়া মুভমেন্ট

B. টার্গেট অলিম্পিক পোডিয়াম স্কিম (TOPS) ✓

C. খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমস

D. স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া (SAI)

Q108 General Awareness

নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোনটি, 2024 সালের সেপ্টেম্বরে খাদ্য সুরক্ষা বৃদ্ধি, নিয়ন্ত্রক কাঠামোকে সারিবদ্ধ করা, খাদ্য আমদানি পদ্ধতি সহজতর করা এবং প্রযুক্তিগত সহযোগিতা মজবুত করতে ভারতের সঙ্গে সহযোগিতা করেছে?

A. পাকিস্তান

B. ভুটান ✓

C. আফগানিস্তান

D. বাংলাদেশ

Q109 General Awareness

1857 সালের শীতে লখনউতে বিদ্রোহীদের আন্দোলন দমন করতে কে ব্রিটিশ বাহিনীকে নেতৃত্ব দিয়েছিলেন?

A. স্যার আইরে কুট (Sir Eyre Coote)

B. স্যার ক্লদ অচিনলেক (Sir Claude Auchinleck)

C. স্যার কলিন ক্যাম্পবেল (Sir Colin Campbell) ✓

D. জেনারেল রবার্টস (General Roberts)

Q110 General Awareness

মৌর্য সাম্রাজ্যে কোন ব্যক্তি দুর্গ দেখাশোনা করতেন এবং রাজ প্রাসাদের প্রধান হিসেবে পরিগণিত হতেন?

A. অন্নপাল

B. রজ্জুকা

C. দুর্গপাল ✓

D. সংস্থাধ্যক্ষ

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q111 General Awareness

FY24 এর জন্য, 2024 সালের অর্থনৈতিক সমীক্ষায় ভারতের বাণিজ্য ভারসাম্যের সঙ্গে সম্পর্কিত কোন রাজকোষীয় অবস্থা সম্পর্কে তথ্য দেওয়া হয়েছে?

A. FY23 এর তুলনায় বাণিজ্য ঘাটতি বৃদ্ধি

B. বৈদেশিক রিজার্ভের হ্রাস

C. বৃহৎ বাণিজ্য উদ্বৃত্ত

D. সংকুচিত বাণিজ্য ঘাটতি ✓

Q112 General Awareness

নিচের কোন অনুচ্ছেদটি, রাজ্যকে সামাজিক ও শিক্ষাগতভাবে অনগ্রসর শ্রেণীর জন্য বিশেষ বিধান দেওয়ার অনুমতি দেয়?

A. অনুচ্ছেদ15 (5) ✓

B. অনুচ্ছেদ16 (5)

C. অনুচ্ছেদ 14 (5)

D. অনুচ্ছেদ 17

Q113 General Awareness

নিচের কোনটি সিন্ধু নদীর উপনদী **নয়**?

A. চন্দ্রভাগা

B. বিতস্তা

C. বিপাশা

D. মহানন্দা ✓

Q114 General Awareness

6 সেপ্টেম্বর 2024 অনুসারে, ভারতের বৈদেশিক মুদ্রার রিজার্ভ 689.235 বিলিয়ন মার্কিন ডলারের সর্বকালের সর্বোচ্চ শীর্ষে পৌঁছেছে। ভারতের বৈদেশিক মুদ্রার রিজার্ভ পরিচালনার জন্য কোন প্রতিষ্ঠান দায়ী?

A. অর্থ মন্ত্রক

B. সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (SEBI)

C. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (RBI) ✓

D. ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ব্যাঙ্ক

Q115 General Awareness

মূলত্রের কাজ সম্পর্কিত নিচের কোন বিবৃতিটি ভুল?

A. একটি মূলত্র মাটিতে শিকড়ের চলাচল সহজ করে।

B. একটি মূলত্র মাধ্যাকর্ষণ উপলব্ধিতে সাহায্য করে।

C. একটি মূলত্র মূলের কোমল অংশকে রক্ষা করে।

D. একটি মূলত্র বাষ্পমোচন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে। ✓

Q116 General Awareness

TCS ব্রাজিলের ইনস্পার ইনস্টিটিউশনের সঙ্গে সহযোগিতায় বেশ কয়েকটি গবেষণা উদ্যোগের প্রস্তাব করেছে। নিচের কোনটি এই উদ্যোগের অংশ?

A. সাইবার নিরাপত্তার জন্য AI

B. কৃষি এবং তেলের রিগগুলির জন্য স্যাটেলাইট জিও-সেন্সিং ✓

C. পুনর্নবীকরণযোগ্য শক্তির গবেষণা

D. মহাকাশ অনুসন্ধান প্রযুক্তি

Q117 General Awareness

রান্নার সময়, জল এবং সরিষার তেল মেশানো হলে, তেল জলের উপরে ভাসে কারণ _____।

A. সরিষার তেলের ঘনত্ব জলের চেয়ে বেশি

B. ব্যবহৃত সরিষার তেলের পরিমাণ কম

C. সরিষার তেলের ঘনত্ব জলের চেয়ে কম ✓

D. সরিষার তেল জলে দ্রবীভূত হয় না

Q118 General Awareness

ভারতীয় সংবিধানের পঞ্চম তফসিল _____ এর সঙ্গে সম্পর্কিত।

A. দলবদল হেতু নির্যোগ্যতা

B. পঞ্চায়েতের ক্ষমতা

C. ভাষা সংক্রান্ত বিধান

D. তফসিলি এলাকা এবং তফসিলি উপজাতির প্রশাসন ও নিয়ন্ত্রণ ✓

Q119 General Awareness

2011 সালের জনগণনা অনুযায়ী, ভারত সরকার সমস্ত বিদ্যুৎ-বিহীন গ্রামের বিদ্যুতায়নের লক্ষ্যে _____ সালে গ্রামাঞ্চলের জন্য দীনদয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনা (DDUGJY) চালু করেছিল।

A. 2011

B. 2014 ✓

C. 2018

D. 2017

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q120 General Awareness

সরকার 2024 সালের 9 অক্টোবর থেকে কত দিনের জন্য ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি গভর্নর হিসাবে এম রাজেশ্বর রাও-এর মেয়াদকাল বাড়িয়েছে?

A. 1 বছর ✓

B. 3 বছর

C. 5 বছর

D. 2 বছর

Blackbook

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Arithmetic

35 Questions • Answer Key

Q1 Arithmetic

যদি আয়তঘনকের দৈর্ঘ্য 8 cm, প্রস্থ 3 cm এবং আয়তঘনকের আয়তন 3384 cm^3 হয়, তবে আয়তঘনকের উচ্চতা (cm এ) নির্ণয় করুন।

- A. 141 ✓
- B. 148
- C. 145
- D. 151

Q2 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল হল 655, প্রথম দুটি সংখ্যার গড় 75 এবং তৃতীয় সংখ্যাটি 118 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

- A. 194
- B. 194.5
- C. 193.5 ✓
- D. 193

Q3 Arithmetic

একটি সমদ্বিবাহু ত্রিভুজের প্রতিটি সমান বাহুর দৈর্ঘ্য 5 cm এবং তৃতীয় বাহুর দৈর্ঘ্য 8 cm হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

- A. 1. 12 cm^2 ✓
- B. 2. 24 cm^2
- C. 3. 10 cm^2
- D. 4. 6 cm^2

Q4 Arithmetic

আরিয়ানকে 17 ঘন্টায় 889 km দূরে আহমেদাবাদ পৌঁছাতে হবে, 5 ঘন্টার জন্য তার শুরুর গতি ছিল 29 km/hr, পরবর্তী 96 km এর জন্য তার গতি ছিল 24 km/hr; 17 ঘন্টার নির্ধারিত সময়ে আহমেদাবাদ পৌঁছানোর জন্য তাকে এখন কত গতিতে ভ্রমণ করতে হবে?

- A. 87 km/hr
- B. 85 km/hr
- C. 86 km/hr
- D. 81 km/hr ✓

Q5 Arithmetic

একটি বাস 87 km/h গতিবেগে 15 ঘন্টায় যাত্রা শেষ করে। 9 ঘন্টায় একই দূরত্ব অতিক্রম করতে সেটির কত গতিবেগ প্রয়োজন হবে?

- A. 155 km/h
- B. 147 km/h
- C. 145 km/h ✓
- D. 143 km/h

Q6 Arithmetic

একটি বড় জমির ঘাস কাটতে আরিয়ানের 12 ঘন্টা সময় লাগে। আরিয়ান এবং আরমান একসঙ্গে কাজ করলে 7 ঘন্টায় সেটি কাটতে পারে। আরমান যদি একা কাজ করে তবে সে বড় জমিটির ঘাস কাটতে কতক্ষণ সময় নেবে?

- A. 16 ঘন্টা 45 মিনিট
- B. 16 ঘন্টা 36 মিনিট
- C. 16 ঘন্টা 48 মিনিট ✓
- D. 16 ঘন্টা 40 মিনিট

Q7 Arithmetic

দুই বছর আগে, একটি শহরের জনসংখ্যা ছিল 1,10,000; জনসংখ্যা প্রথম বছরে 10% বৃদ্ধি পায় এবং দ্বিতীয় বছরে 10% হ্রাস পায়। বর্তমানে শহরটির জনসংখ্যা কত?

- A. 1,08,900 ✓
- B. 1,08,500
- C. 1,08,800
- D. 1,08,600

Q8 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল হল 655, প্রথম দুটি সংখ্যার গড় 75 এবং তৃতীয় সংখ্যাটি 108 হলে, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

- A. 199.5
- B. 198.5 ✓
- C. 183
- D. 184

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q9 Arithmetic

মান নির্ণয় করুন:

41 - [21 - {11 - (16 - 4 ÷ 2 × 3)}]

- A. 16
- B. 23
- C. 18
- D. 21 ✓

Q10 Arithmetic

যদি দুটি সংখ্যার লসাগু 315 এবং যদি এদের অনুপাত 7 : 9 হয়, তাহলে সংখ্যা দুটির যোগফল _____।

- A. 80 ✓
- B. 90
- C. 100
- D. 70

Q11 Arithmetic

p, q এর মত কত জোড়া ধনাত্মক পূর্ণসংখ্যা আছে, যাতে p, q এর গাসাগু 37 এবং p এবং q এর যোগফল 1961 হয়?

- A. 53
- B. 28
- C. 54
- D. 26 ✓

Q12 Arithmetic

একটি ওয়াটার কুলারের মুদ্রিত মূল্য ₹5,420, দোকানদার এটিতে 15% অফ সিজন ছাড় এবং নগদ অর্থপ্রদানে গ্রাহকদের 5% অতিরিক্ত ছাড় দেয়। নগদ অর্থ প্রদান করে এমন একজন গ্রাহকের জন্য ওয়াটার কুলারের ক্রয় মূল্য নির্ণয় করুন।

- A. ₹4,354.50
- B. ₹4,390
- C. ₹4,325.38
- D. ₹4,336 ✓

Q13 Arithmetic

k এর 35% যদি 10 এর 3000% থেকে 20 কম হয়, তাহলে k এর মান_____।

- A. 780
- B. 840
- C. 800 ✓
- D. 760

Q14 Arithmetic

অমিত একজন দোকানদারের কাছ থেকে প্রতি পেন্সিল ₹3 দরে 50টি পেন্সিল কিনলেন এবং তারপর প্রতি পেন্সিল ₹3.5 দরে 15টি পেন্সিল বিক্রি করলেন এবং বাকিগুলি প্রতি পেন্সিল ₹2.5 দরে বিক্রি করলেন। অমিতের লাভ/ক্ষতির শতাংশ নির্ণয় করুন (দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমানে)।

- A. 6.67% ক্ষতি ✓
- B. 6.67% লাভ
- C. 3.27% ক্ষতি
- D. 3.27% লাভ

Q15 Arithmetic

দুই প্রার্থীর মধ্যে একটি নির্বাচনে, 90% নিবন্ধিত ভোটাররা তাদের ভোট দিয়েছেন এবং 15% ভোট অবৈধ বলে বিবেচিত হয়। বিজয়ী প্রার্থী বৈধ ভোটের 51% পেয়েছেন এবং 2142 ভোটের ব্যবধানে নির্বাচনে জয়ী হয়েছেন। কতজন নিবন্ধিত ভোটার ছিল?

- A. 139999
- B. 140002
- C. 140001
- D. 140000 ✓

Q16 Arithmetic

একজন দোকানদার ₹30,000 তে একটি ল্যাপটপ কিনে ₹35,000 তে বিক্রি করেন। তার শতকরা কত লাভ হয়েছে? (2 দশমিক স্থান অবধি আসন্নমানে)

- A. 16.67% ✓
- B. 15.67%
- C. 17.67%
- D. 14.67%

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q17 Arithmetic

বার্ষিকদেয় চক্রবৃদ্ধি সুদে, বার্ষিক 10% হারে, একটি নির্দিষ্ট অর্থরাশির 2 বছরের চক্রবৃদ্ধি সুদ ও সরল সুদের পার্থক্য ₹1,060 হলে মূল অর্থরাশির পরিমাণ (₹তে) কত?

A. 1,06,060
B. 1,60,000
C. 1,06,000 ✓
D. 1,06,600

Q18 Arithmetic

বার্ষিক 10% সরল সুদের হারে একটি অর্থরাশি 2 বছরে সুদে আসলে ₹3600 হয়। একই সুদের হারে, 2 বছরে, ওই অর্থরাশির সরল সুদের পরিমাণ (₹তে) কত হবে?

A. 300
B. 600 ✓
C. 2400
D. 1200

Q19 Arithmetic

একজন বালিকা 28 km/hr গতিবেগে স্কুলে যায়। সে 21 km/hr গতিবেগে ফিরে আসে। পুরো যাত্রাপথে তার গড় গতিবেগ নির্ণয় করুন।

A. 24 km/h ✓
B. 16 km/h
C. 21 km/h
D. 17 km/h

Q20 Arithmetic

36 : y :: y : 9 হলে, y এর ধনাত্মক মান নির্ণয় করুন।

A. 24
B. 13
C. 22
D. 18 ✓

Q21 Arithmetic

8টি সংখ্যার যোগফল 756 হলে তাদের গড় নির্ণয় কর।

A. 95.5
B. 94.5 ✓
C. 92.5
D. 93.5

Q22 Arithmetic

পাইপ A এবং B যথাক্রমে 78 মিনিট এবং 39 মিনিটে একটি খালি চৌবাচ্চা ভর্তি করতে পারে। পাইপ A এবং পাইপ B উভয়ই একসাথে খোলা হয়েছে। খালি চৌবাচ্চাটি মোট 25 মিনিটে সম্পূর্ণরূপে ভর্তি করতে কতক্ষণ পরে পাইপ A বন্ধ করতে হবে?

A. 35 মিনিট
B. 38 মিনিট
C. 45 মিনিট
D. 28 মিনিট ✓

Q23 Arithmetic

একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য 7 cm থেকে কমিয়ে 5 cm করা হলে এর ক্ষেত্রফল শতকরা কত কমবে? (2 দশমিক স্থান অবধি আসন্নমানে)

A. 48.98% ✓
B. 58.98%
C. 49.98%
D. 48.99%

Q24 Arithmetic

A এবং B এর যৌথ ব্যবসায় মোট ₹15,500 লাভের মধ্যে, A লাভ হিসাবে ₹5,500 পায়। যদি A এর বিনিয়োগ, B এর বিনিয়োগ থেকে ₹67,500 কম হয়, তাহলে B-এর বিনিয়োগ হল_____ (₹ তে)।

A. 1,60,000
B. 1,25,000
C. 1,55,000
D. 1,50,000 ✓

Q25 Arithmetic

145 m দীর্ঘ একটি ট্রেন 9.5 km/h গতিতে বিপরীত দিকে হাঁটা একজন ব্যক্তিকে 30 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতি (km/h তে) কত?

A. 7.9 ✓
B. 6.1
C. 7.5
D. 4.4

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q26 Arithmetic

পাঁচটি সংখ্যার যোগফল 655, প্রথম দুটি সংখ্যার গড় 78 এবং তৃতীয় সংখ্যাটি হল 115, বাকি দুটি সংখ্যার গড় নির্ণয় করুন।

A. 197

B. 192 ✓

C. 193

D. 194

Q27 Arithmetic

m এর কোন ক্ষুদ্রতম মানের জন্য, 1m813 পাঁচ অঙ্কের সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে?

A. 1

B. 0 ✓

C. 2

D. 3

Q28 Arithmetic

একজন দোকানদার ₹3,800 দিয়ে একটি হাতঘড়ি কিনে তার মুদ্রিত মূল্য এমনভাবে নির্ধারণ করে যে 24% ছাড় দেওয়ার পর, সে 30% লাভ করে। হাতঘড়িটির মুদ্রিত মূল্য নির্ণয় করুন।

A. ₹6,550

B. ₹6,450

C. ₹6,400

D. ₹6,500 ✓

Q29 Arithmetic

প্রথম 133টি জোড় সংখ্যার গড় কত?

A. 133.5

B. 135

C. 134.5

D. 134 ✓

Q30 Arithmetic

$5\frac{3}{7} - x = 3\frac{5}{14}$

A. $5\frac{3}{7}$

B. $2\frac{1}{14}$ ✓

C. $3\frac{2}{14}$

D. $4\frac{1}{7}$

Q31 Arithmetic

প্রিয়া 30 দিনে একটি নির্দিষ্ট কাজ করতে পারে। প্রিয়া এবং বর্ষা একসাথে একই কাজ 18 দিনে করতে পারে এবং প্রিয়া, বর্ষা ও নিশা একসাথে একই কাজ 9 দিনে করতে পারে। প্রিয়া ও নিশা একই কাজ কত দিনে করতে পারবে?

A. $\frac{40}{6}$

B. $\frac{52}{4}$

C. $\frac{51}{5}$

D. $\frac{45}{4}$ ✓

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q32 Arithmetic

p এর মান নির্ণয় কর যাতে $(15.97)^3 + 1.4373 \times p + (0.03)^3$ রাশিটি একটি পূর্ণঘন হয়।

A. 0.000027

B. 16 ✓

C. 47.91

D. 4096

Q33 Arithmetic

একটি চোঙাকৃতি রডের বাহ্যিক বক্রতলের ক্ষেত্রফল 5600 cm^2। যদি রডটির দৈর্ঘ্য 92 cm হয়, তবে রডের বাহ্যিক ব্যাসার্ধ (cm তে) কত হবে ? উত্তর দুই দশমিক স্থান পর্যন্ত আসন্নমান হবে।

ধরে নিন, $\pi = \frac{22}{7}$

A. 9.68 ✓

B. 10.99

C. 8.38

D. 12.28

Q34 Arithmetic ENGLISH

The value of

$\sqrt{144} + \sqrt{0.0225} - \sqrt{9} =$

A. 3.88

B. 13.97

C. 9.15 ✓

D. 3.44

Q35 Arithmetic

$\left(\frac{1}{4}\right)^{-2} + \left(\frac{1}{9}\right)^{-2} + \left(\frac{1}{7}\right)^{-2}$

এর মান নির্ণয় করুন।

A. 142

B. 146 ✓

C. 147

D. 141

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q36 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্নের (?) জায়গায় কী বসবে?

395 366 337 308 279 ?

A. 229
B. 266
C. 237
D. 250 ✓

Q37 General Intelligence and Reasoning

সাত জন ব্যক্তি, P, Q. R, S, T, U এবং V, উত্তর দিকে মুখ করে একটি সরলরেখায় বসে আছে। S এর ডানদিকে শুধুমাত্র দুজন বসে আছে। P বসেছে S এর ঠিক বাম পাশে। V বসেছে Q এর ঠিক বাম পাশে এবং U এর ঠিক ডান পাশে। Q বসেছে P এর ঠিক বাম পাশে। S এর ঠিক পাশে T বসেনি। S এর ঠিক ডান পাশে কে বসেছে?

A. P
B. R ✓
C. Q
D. U

Q38 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'WORK' কে '1673' হিসাবে লেখা হয় এবং 'FROW' কে '7326' হিসাবে লেখা হয়। প্রদত্ত ভাষায় 'F' এর সংকেত কী?

A. 3
B. 6
C. 2 ✓
D. 7

Q39 General Intelligence and Reasoning

A, B, C, D, E, এবং F একটি বৃত্তাকার টেবিলের চারপাশে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। D বসেছে E এর বামদিকে তৃতীয় স্থানে। C বসেছে E এর ঠিক ডান পাশে। A এবং E এর মাঝে শুধুমাত্র B বসেছে। E এর ডানদিক থেকে গণনা করলে E এবং F এর মাঝে কতজন বসেছে?

A. তিন
B. দুই
C. একজনও না
D. এক ✓

Q40 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কোন সংখ্যা বসবে?

780 770 772 766 762 ?

A. 760 ✓
B. 762
C. 766
D. 764

Q41 General Intelligence and Reasoning

সাতটি বাক্স E, F, G, H, K, L এবং M কে একে অপরের উপরে রাখা হয় তবে এই নির্দিষ্ট ক্রমে নয়। E এর নিচে শুধুমাত্র দুটি বাক্স রাখা হয়েছে। শুধুমাত্র একটি বাক্স H এর উপরে রাখা হয়েছে। শুধুমাত্র একটি বাক্সকে H এবং G এর মাঝখানে রাখা হয়েছে। L কে M এর ঠিক উপরে রাখা হয়েছে। K কে F এর নিচে কোনো একটি জায়গায় রাখা হয়েছে। F এবং L এর মাঝখানে কতগুলি বাক্স রাখা হয়েছে?

A. তিন
B. এক
C. চার ✓
D. দুই

Q42 General Intelligence and Reasoning

নিচে প্রদত্ত ত্রয়ী দুটি দ্বারা অনুসৃত প্যাটার্ন(ধরণ) অনুসরণ করে এমন ত্রয়ী চয়ন করুন। উভয় ত্রয়ী একই প্যাটার্ন অনুসরণ করে।

DK-GN-JM
FM-IP-LO

A. GO-KR-NP
B. GO-KS-NP
C. HO-KR-NP
D. HO-KR-NQ ✓

Q43 General Intelligence and Reasoning

বিকল্পগুলি থেকে কোন বর্ণ-সংখ্যার গুচ্ছটি প্রদত্ত ক্রমটিকে যৌক্তিকভাবে সম্পূর্ণ করার জন্য ক্রমের প্রশ্ন চিহ্নকে (?) প্রতিস্থাপন করবে?

ECQ-11, HGO-2, KKM-15, NOK-28, ?

A. QSI-41 ✓
B. QTI-41
C. RSI-39
D. RTI-39

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

Q44 General Intelligence and Reasoning

সাত বন্ধু Q, R, S, T, W, X ও Y টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে একটি বৃত্তাকার টেবিলের চারপাশে বসে আছে। X এর ঠিক ডান দিকে T বসে আছে। S এর বাম দিক থেকে দ্বিতীয় অবস্থানে T বসে আছে। Y এর বাম দিক থেকে গণনা করলে S ও Y এর মাঝখানে মাত্র দুইজন বসে আছে। X এর বাম দিক থেকে তৃতীয় অবস্থানে Q বসে আছে। Q এর ঠিক পাশে W বসেনি। R এর ডানদিক থেকে গণনা করলে R ও T এর মাঝখানে কতজন বসে আছে?

A. তিন

B. দুই ✓

C. চার

D. এক

Q45 General Intelligence and Reasoning

সাতটি বাক্স D, E, F, H, I, J এবং K কে একে অপরের উপরে রাখা হয় তবে এই নির্দিষ্ট ক্রমে নয়। J কে নিচে থেকে দ্বিতীয় অবস্থানে রাখা হয়। J এবং E এর মাঝখানে শুধুমাত্র তিনটি বাক্স রাখা হয়। J এর নিচের কোনো একটি অবস্থানে K রাখা হয়। শুধুমাত্র F কে রাখা হয় E এবং H এর মাঝে। D কে রাখা হয় E এর উপরে কোনো একটি অবস্থানে। কতগুলি বাক্স I এবং K এর মাঝখানে রাখা হয় ?

A. চার

B. তিন

C. দুই

D. এক ✓

Q46 General Intelligence and Reasoning

প্রদত্ত ক্রমের প্রশ্ন চিহ্নকে (?) কোন সংখ্যাটি প্রতিস্থাপন করবে?

31 32 41 66 115 ?

A. 196 ✓

B. 195

C. 169

D. 167

Q47 General Intelligence and Reasoning

'STEP' ইংরেজি বর্ণমালার ক্রমানুসারে একটি নির্দিষ্ট পদ্ধতিতে 'WXIT' এর সঙ্গে সম্পর্কিত। 'FILL' অনুরূপ পদ্ধতিতে 'JMPP' এর সঙ্গে সম্পর্কিত। একই যুক্তি অনুসরণ করে নিচের কোনটির সঙ্গে 'THAT' সম্পর্কিত?

A. WLEW

B. WLFW

C. XLEX ✓

D. XLFX

Q48 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও আপনাকে তা সত্য হিসাবেই গ্রহণ করতে হবে এবং কোন সিদ্ধান্তটি/ সিদ্ধান্তগুলি প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করতে হবে।

বিবৃতি:

কিছু ছাগল হয় মুরগি।
সব মুরগি হয় গরু।
সব গরু হয় বাঘ।

সিদ্ধান্ত:

(I) সব গরু হয় ছাগল।
(II) কিছু বাঘ হয় মুরগি।

A. শুধুমাত্র (II) নং সিদ্ধান্ত অনুসরণ করে ✓

B. (I) বা (II) নং কোনো সিদ্ধান্তই অনুসরণ করে না

C. (I) ও (II) নং উভয় সিদ্ধান্তই অনুসরণ করে

D. শুধুমাত্র (I) নং সিদ্ধান্ত অনুসরণ করে

Q49 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছ জোড়ার মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন। (দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তার অবস্থান ভিত্তিক নয়।)

A. ZX – XA

B. VD – TG

C. DR – BU

D. WK – SG ✓

Q50 General Intelligence and Reasoning

প্রীতম A বিন্দু থেকে যাত্রা শুরু করে দক্ষিণ দিকে 14 km ড্রাইভ করে। তারপরে সে ডানদিকে বাঁক নিয়ে 12 km ড্রাইভ করে, আবার ডানদিকে বাঁক নেয় এবং 6 km ড্রাইভ করে। তারপরে সে ডানদিকে বাঁক নেয় এবং 6 km ড্রাইভ করে। সে শেষবারের মতো বামদিকে একটি বাঁক নেয়, 8 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে। আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে ড্রাইভ করতে হবে?

(সমস্ত বাঁক শুধুমাত্র 90 ডিগ্রী বাঁক যদি নির্দিষ্ট করে বলা না হয়।)

A. উত্তরে 8 km

B. পূর্বে 6 km ✓

C. দক্ষিণে 6 km

D. পশ্চিমে 8 km

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q51 General Intelligence and Reasoning

4173685 সংখ্যার প্রত্যেকটি বিজোড় অঙ্কের সাথে 1 যোগ করলে এবং প্রত্যেকটি জোড় অঙ্ক থেকে 2 বিয়োগ করলে, এইভাবে গঠিত সংখ্যার ডানদিক থেকে দ্বিতীয় অঙ্ক কোনটি হবে?

A. 7

B. 6 ✓

C. 4

D. 2

Q52 General Intelligence and Reasoning

নিচে দেওয়া সংখ্যা-জোড়াগুলিতে, প্রথম সংখ্যাটির উপর একটি নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম সম্পাদনের ফলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। যে বিকল্প সেটের সংখ্যাগুলি, নিচে দেওয়া সেটের সংখ্যাগুলির মতো একইভাবে সম্পর্কিত, সেই বিকল্প সেটটি চয়ন করুন।
(দ্রষ্টব্যঃ সংখ্যাগুলিকে এদের উপাদান অঙ্কে বিভাজিত না করে, সমগ্র কার্যক্রমটি অখণ্ড সংখ্যার উপরেই সম্পাদন করতে হবে। যেমন, 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/ বিয়োগ/ গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনওপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

10 - 15
19 - 24

A. 63 - 68 ✓

B. 1 - 7

C. 42 - 48

D. 51 - 57

Q53 General Intelligence and Reasoning

প্রদত্ত বিবৃতি এবং সিদ্ধান্তগুলি মনোযোগ সহকারে পড়ুন। প্রদত্ত বিবৃতিগুলি সাধারণভাবে পরিচিত তথ্যগুলির থেকে ভিন্ন বলে মনে হলেও আপনাকে তা সত্য হিসাবেই গ্রহণ করতে হবে এবং কোন সিদ্ধান্তটি/ সিদ্ধান্তগুলি প্রদত্ত বিবৃতিগুলিকে যুক্তিযুক্তভাবে অনুসরণ করে তা নির্ধারণ করতে হবে।

বিবৃতি:
কিছু ভেড়া হয় কাক।
সকল কাক হয় ব্যাঙ।
কিছু কাক হয় বাদুড়।.
সিদ্ধান্ত:
I. কিছু ভেড়া, বাদুড় হতে পারে বা নাও হতে পারে।
II. অন্তত কিছু কম্বল হয় ব্যাঙ।

A. (I) বা (II) নং কোনো সিদ্ধান্তই অনুসরণ করে না

B. শুধুমাত্র (I) নং সিদ্ধান্ত অনুসরণ করে

C. (I) ও (II) নং উভয় সিদ্ধান্তই অনুসরণ করে ✓

D. শুধুমাত্র (II) নং সিদ্ধান্ত অনুসরণ করে

Q54 General Intelligence and Reasoning

যদি '+' এর অর্থ '–', '–' এর অর্থ '×', '×' এর অর্থ '÷' এবং '÷' এর অর্থ '+' হয়, তবে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নের (?) জায়গায় কী বসবে?
30 – 2 ÷ 6 + 18 × 6 = ?

A. 81

B. 34

C. 63 ✓

D. 57

Q55 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়, 'phone error rate' কে 'ku ni pt' হিসাবে লেখা হয় এবং 'pronunciation error rate' কে 'pt jk ni' হিসাবে লেখা হয়। প্রদত্ত ভাষায় 'pronunciation' এর সংকেত কী?

A. ku

B. ni

C. jk ✓

D. pt

Q56 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A # B এর অর্থ 'A হল B এর ছেলে',
A % B এর অর্থ 'A হল B এর ভাই',
A – B এর অর্থ 'A হল B এর স্ত্রী' এবং
A @ B এর অর্থ 'A হল B এর বাবা'

উপরের উপর ভিত্তি করে, 'C # O – M % P @ K' হলে C কীভাবে K এর সাথে সম্পর্কিত?

A. মায়ের ভাইয়ের ছেলে

B. বাবার ভাইয়ের ছেলে ✓

C. বাবার ভাই

D. ভাইয়ের ছেলে

Blackbook Vocabulary — Now in the App! ▶ Download Now on Google Play

generated by rank.qmaths.in

Q57 General Intelligence and Reasoning

একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,

A + B এর অর্থ 'A হল B এর বোন',

A – B এর অর্থ 'A হল B এর মা',

A x B এর অর্থ 'A হল B এর ভাই',

A ÷ B এর অর্থ 'A হল B এর স্বামী'।

উপরের উপর ভিত্তি করে, 'P x Q ÷ R – S + T' হলে P কীভাবে T এর সঙ্গে সম্পর্কিত?

A. স্ত্রীর ভাই

B. বাবার বাবা

C. মায়ের বাবা

D. বাবার ভাই ✓

Q58 General Intelligence and Reasoning

নিচে দেওয়া ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক চারটি বর্ণগুচ্ছের মধ্যে তিনটি নির্দিষ্ট পদ্ধতিতে অনুরূপ এবং সেই কারণে তারা একটি দল গঠন করে। কোন বর্ণগুচ্ছটি সেই দলের অন্তর্গত নয় তা নির্ণয় করুন।
(দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি তার ব্যঞ্জনবর্ণ/স্বরবর্ণ সংখ্যা অথবা বর্ণগুচ্ছে তার অবস্থান ভিত্তিক নয়।)

A. FI - IJ ✓

B. KP - MR

C. QV - SX

D. NS - PU

Q59 General Intelligence and Reasoning

নিচের কোন বর্ণ ও সংখ্যার গুচ্ছটি প্রদত্ত ক্রমটিকে যৌক্তিকভাবে সম্পূর্ণ করার জন্য প্রশ্ন চিহ্নটিকে (?) প্রতিস্থাপিত করবে?

PTV 73 YCE 76 HLN 79 QUW 82 ?

A. YDE 85

B. ZDF 85 ✓

C. YBE 87

D. ZBF 87

Q60 General Intelligence and Reasoning

প্রখর A বিন্দু থেকে যাত্রা শুরু করে পূর্ব দিকে 9 km ড্রাইভ করে। তারপরে সে ডানদিকে বাঁক নেয়, 10 km ড্রাইভ করে, ডানদিকে বাঁক নেয় এবং 12 km ড্রাইভ করে। তারপরে সে আবার ডানদিকে বাঁক নেয় এবং 11 km ড্রাইভ করে। সে শেষবারের মতো ডানদিকে একটি বাঁক নেয়, 3 km ড্রাইভ করে এবং P বিন্দুতে থামে।আবার A বিন্দুতে পৌঁছানোর জন্য তাকে কত দূর (সর্বনিম্ন দূরত্ব) এবং কোন দিকে গাড়ি চালাতে হবে?
(সমস্ত বাঁক 90° বাঁক ধরতে হবে, নির্দিষ্ট করে বলা না থাকলে।)

A. উত্তরে 2 km

B. উত্তরে 1 km

C. দক্ষিণে 1 km ✓

D. দক্ষিণে 2 km

Q61 General Intelligence and Reasoning

